Written according to the New Syllabus of the Board of Secondary Education, West Bengal.

A FIRST BOOK OF SCHOOL FINAL TRANSLATION

[*FOR CLASSES VII & VIII*]

SATYENDRA NATH BOSE M.A., B. T.
Headmaster, Monohar Academy, Calcutta,
Formerly Headmaster, Churulia N. K. High School,
(Asansol) Burdwan.

GHOSH BROTHERS & CO.
BOOK-SELLERS & PUBLISHERS,
206, CORNWALLIS STREET, CALCUTTA.
[Sremany Market, Room No. 9]

Rs. 1/12/-

Published by
Dhirendra Nath Ghosh,
206, Cornwallis Street,
Calcutta-6.

FIRST IMPRESSION—1954

Printed by :
Satya Charan Ghosh,
Mihir Press,
9A, Sarkar Bye Lane,
Calcutta—7.

CONTENTS

PART I

A
FIRST BOOK OF
SCHOOL FINAL TRANSLATION

PART I

(Class VII)

LESSON 1

Sentences

A. Forms of Sentences

1. Assertive Sentences—

1.

ভারতবর্ষ এখন স্বাধীন দেশ—India is now a free country.

মাউন্ট এভারেস্ট পৃথিবীর সর্বোচ্চ গিরিশৃঙ্গ—Mount Everest is the highest peak in the world.

পূর্ণিমায় নদীটি বেশ সুন্দর দেখাইতেছে—The river looks very beautiful in full-moon.

পিপীলিকা অতি ক্ষুদ্র প্রাণী—An ant is a tiny creature.

রাম এখন বেড়াইতে যাইবে না—Ram will not go to walk now.

সে প্রত্যহ ডিম খায় না—He does not take an egg everyday.

Note :—Assertive Sentence দুই প্রকার—(i) অস্তিবাচক (Affirmative) (ii) নাস্তিবাচক (Negative)। অস্তিবাচক Assertive Sentence-এ সাধারণতঃ প্রথমে Subject ও পরে Verb বসিয়া থাকে;

কিন্তু নাস্তিবাচক Assertive Sentence-এ প্রথমে থাকে Subject, তারপর Verb, তারপর not বা অন্য কোনও না-বোধক (No, none, nothing, etc.) শব্দ।

2.

এই বনে এক মুনি বাস করিতেন—There lived a hermit in this forest.

এখন পাড়বার সময়—Now is the time to read.

এই আমার ভাই আসিতেছে—Here comes my brother.

সে স্টেসনে পৌঁছিতে না পৌঁছিতে ট্রেনটি ছাড়িয়া দিল—No sooner had he reached the station than the train steamed off.

Note :—There, Here, Now, No sooner প্রভৃতি দিয়া Sentence আরম্ভ করিলে Subject-এর আগে Verb বসাইতে হয়।

2. **Interrogative Sentences**—

তাহার কি কলিকাতায় বাড়ী আছে ?—Has he a house in Calcutta ?

তুমি কি কখন পুরী গিয়াছ ?—Have you ever been to Puri ?

সে কি এখন বাড়ী আছে ?—Is he at home now ?

তুমি কি আজ স্কুলে যাইবে ?—Will you go to school to-day ?

রাম কি কাল স্কুলে গিয়াছিল ?—Did Ram go to school yesterday ?

তোমার নাম কি ?—What is your name ?

কে দরজা বন্ধ করিল ?—Who shut the door ?

Note :—প্রশ্ন বা জিজ্ঞাসা করিতে হইলে Interrogative Sentence ব্যবহার করিতে হয়। Interrogative Sentence-এ verb যদি 'to be' এবং 'to have' হয়, তবে উহা Subject এর আগে বসে। Be ও Have ছাড়া অন্য কোন verb থাকিলে Interrogative Sentence এ Present Tense এ 'do' বা 'does' এবং Past Tense এ 'did' এই Auxiliary

verb ব্যবহৃত হইয়া থাকে। Subject এই do, does বা did ও Principal verbএর মাঝখানে বসে। Auxiliary verb থাকিলে Subjectও Auxiliary verb ও Principal verb এর মাঝখানে বসে। Who, which, what প্রভৃতি Interrogative Pronoun Subject হইলে verb Subject এর পূর্বে না বসিয়া পরেই বসিবে। Interrogative Sentenceএর শেষে জিজ্ঞাসাসূচক চিহ্ন (?) বসিবে।

3. Imperative Sentences—

সময় নষ্ট করিও না—Do not waste time.
সদা সত্য কথা বলিবে—Always speak the truth.
অনুগ্রহ করিয়া একটি চেয়ারে বসুন—Please take a chair.

Note :—আদেশ, উপদেশ, নিষেধ, প্রার্থনা বুঝাইতে হইলে Imperative Sentence ব্যবহৃত হয় এবং Subject 'you' সর্বদা উহ্য থাকে।

4. Optative Sentences—

ভগবান তোমার সহায় হউন—May God help you.
তুমি জীবনে সুখী হও—May you be happy in life.
'তোমারি ইচ্ছা হউক পূর্ণ আমার জীবন মাঝে'—May thy will be fulfilled in my life.

Note :—ইচ্ছা প্রকাশ করিতে হইলে Optative Sentence ব্যবহার করিতে হয়। এরূপ Sentence-এ Subject 'May' এই Auxiliary Verb এবং Principal verb-এর মাঝখানে বসে। কখন কখন 'May' উহ্য থাকে।

5. Exclamatory Sentences—

তারাগুলি কি সুন্দর !—How beautiful are the stars !
সে কি বোকা !—What a fool he is !
কি দুঃখের কথা !—What a sad story it is !

Note :—বিস্ময়, আনন্দ, দুঃখ প্রভৃতি মনের ভাব প্রকাশ করিতে হইলে Exclamatory Sentence ব্যবহৃত হয়। এই প্রকার Sentence-এ verb কখন কখন Subjectএর পরে, কখন পূর্বে বসিয়া থাকে। Exclamatory Sentenceএর শেষে বিস্ময়সূচক চিহ্ন (!) ব্যবহার করিতে হয়।

Exercise 1

(a) সে প্রতিদিন সকালে পড়িতে বসে। আমি তাহার বাড়ী গিয়াছিলাম। সীতা সুন্দর গান করিতে পারে না। এক কাঠুরিয়া নদীর ধারে গাছ কাটিতেছিল। দুয়ারে একজন ভিখারী দাঁড়াইয়া আছে। আমি কখনও পুরী যাই নাই। তিনি একজন শিক্ষিত ভদ্রলোক। তিনি বম্বে থাকেন।

(b) তুমি আজকাল কি করছ? পড়াশুনা কি ছাড়িয়া দিয়াছ? আজ তুমি স্কুলে যাইবে না? তুমি কি অসুস্থ হইয়াছ? ডাক্তার কি রোগী দেখিতে আসিয়াছিলেন? তোমরা কি সমুদ্র দেখ নাই? ঔষধ খাইয়াছ কি? তিনি কোথায় থাকেন?

(c) কাহারও সহিত ঝগড়া করিও না। কখনও মিথ্যা কথা বলিও না। মেঝেতে থুথু ফেলিও না। অনুগ্রহপূর্বক আমাদের বাড়ীতে আসুন। দয়া করিয়া আজ এখানে থাকুন। ছোট ভাইবোনদিগকে ভালবাসিও। দুষ্ট ছেলেদের সহিত মিশিও না।

(d) ভগবান তোমাকে দীর্ঘজীবন দান করুন। দেশের লোকেরা সুখী হউক। সে জীবনে উন্নতি লাভ করুক। তোমার জয় হউক। তোমার সর্বনাশ হউক। আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

(e) লোকটা কি মোটা! ঔষধটি কি তিক্ত! এই গোলাপটি কি লাল! কি করুণ দৃশ্য! এটি কি মিষ্ট আম! শিশুটির হাসি কি মধুর! ছেলেটির হাতের লেখা কি সুন্দর! ফুলটি কি সুন্দর!

LESSON 2

Articles with Common Nouns.

1

তিনি ডাক্তার—He is a doctor.

আমাদের একটি বাগান আছে—We have a garden.

সে প্রত্যহ একটি ডিম খায়—He takes an egg every day.

বিধু একটি মাতৃপিতৃহীন বালক—Bidhu is an orphan.

Note :—কোন অনির্দিষ্ট বস্তু বা প্রাণী বুঝাইলে Singular Common noun এর পূর্বে a বা an বসে। শব্দটির আদিতে Consonant থাকিলে a এবং Vowel থাকিলে an ব্যবহৃত হয়।

2

সে এক ঘণ্টার ভিতরে ফিরিয়া আসিল—He came back within an hour.

তাঁহার একজন উত্তরাধিকারী আছে—He has an heir.

কলিকাতায় একটি বিশ্ববিদ্যালয় আছে—There is a University at Calcutta.

জেম্‌স্ সাহেব ইউরোপের লোক নহেন—Mr. James is not a European.

আমার বন্ধু একজন এম. এ.—My friend is an M. A.

দরজায় একটি এক-চক্ষু ভিক্ষুক দাঁড়াইয়া আছে—A one-eyed beggar is standing at the door.

আমরা একটি হোটেলে আহার করিয়াছিলাম—We dined at an (বা a) hotel.

Note :—শব্দের আদিতে silence অর্থাৎ অনুচ্চারিত h থাকিলে an এবং you-এর মত উচ্চারণযুক্ত vowel থাকিলে a ব্যবহৃত হয়। One শব্দের পূর্বে a বসে। Hotel এবং historian শব্দের পূর্বে a এবং an দুই-ই বসিতে পারে।

3

অশ্ব অতি উপকারী জন্তু—**The** horse is a very useful animal.
A horse is a very useful animal.
Horses are very useful animals.

বানর কলা বড় ভালবাসে—**The** monkey is very fond of plantains.
A monkey is very fond of plantains.
Monkeys are very fond of plantains.

ব্যাঘ্র হিংস্র জন্তু—**The** (বা **A**) tiger is a ferocious animal.

কোকিল মধুর স্বরে গান করিতে পারে—**The** (বা A) cuckoo can sing sweetly.

মানুষ উড়িতে পারে না—**Man** cannot fly.
Men cannot fly.

Note :— কোন এক জাতীয় বস্তু বা প্রাণীর কোন নির্দিষ্ট একটিকে না বুঝাইয়া সকলকে বুঝাইলে singular common nounএর পূর্বে Definite ও Indefinite উভয় প্রকার Article-ই বসে ; কিন্তু nounটি plural হইলে article বসে না। মানবজাতি অর্থে man শব্দের পূর্বে the বসে না।

4

ছেলেটা খুব চটপটে—**The** boy is very smart.

ঘোড়াটির এক চোখ কানা—The horse is blind of one eye.

ছবিখানা খুব সুন্দর—**The** picture is very beautiful.

জানালাটি বন্ধ কর—Shut the window.

Note :—নির্দিষ্ট বস্তু বা প্রাণী বুঝাইলে Singular common noun-এর পূর্বে the বসে।

5

গরু জাবর কাটে—**Cows** chew the cud.

গোলাপফুলের গন্ধ অতি মিষ্ট—**Roses** smell very sweet.

আমাদের বাগানের গোলাপগুলি সাদা—**The roses of our garden are white.**

ছেলেরা মিঠাই খুব ভালবাসে—**Boys are very fond of sweets.**

এই পরিবারের ছেলেরা খুব নম্র—**The boys of this family are very modest.**

Note :—সাধারণতঃ Plural common noun-এর পূর্বে 'the' বসে না ; কিন্তু নির্দিষ্ট কতকগুলি প্রাণী বা বস্তু বুঝাইলে 'the' বসে। e. g. See ! the snakes are gobbling up the frogs.

Exercise 2

ময়ূর সুন্দর পাখী। তিনি একজন শিক্ষক। পিপীলিকা বড় পরিশ্রমী (industrious)। নালন্দাতে একটি বিশ্ববিদ্যালয় ছিল। সতীশ বাবু একজন বি. এ.। হাসিনা দোয়াতটা ভাঙ্গিয়াছিল। ব্যাঘ্র মাংসাশী (carnivorous) জন্তু। ভাল ছেলেরা মিথ্যা কথা বলে না। মানুষ মরণশীল (mortal)। সিংহকে পশুরাজ বলা হয়। ভল্লুক মধু খুব ভালবাসে। আমাদের একটি ফলের বাগান (orchard) আছে। মানুষ অন্যান্য জীব অপেক্ষা শ্রেষ্ঠ (superior)। তিনি হোটেলে থাকেন। উষ্ট্রকে মরুভূমির জাহাজ বলা হয়। পেচক রাত্রিতে উড়িয়া বেড়ায় (to fly about)। ঈগল পাখী পাখীদের রাজা। কুকুর বড় প্রভুভক্ত। এই ক্লাসের ছেলেরা খুব ভাল ফুটবল খেলিতে পারে। ষাট মিনিটে এক ঘণ্টা হয়।

LESSON 3

Articles with Proper Nouns.

1

শরৎবাবু একজন বড় উপন্যাসিক ছিলেন—**Sarat Babu** was a great novelist.

আফিসটি রবিবারে বন্ধ আছে—The office remains closed on **Sunday.**

আঠাশ দিনে ফেব্রুআরি মাস হয়—**February** has twenty-eight days.

বড়দিন বৎসরে মাত্র একবার আসে—**Christmas** comes but once a year.

ইউরোপের অধিকাংশ লোক খ্রীষ্টান—Most of the people of **Europe** are Christians.

পাকিস্তান বৃহত্তম মুসলিম রাষ্ট্র—**Pakistan** is the biggest Muslim State.

সিন্ধুপ্রদেশ সিন্ধুনদের দান—**Sind** is the gift of the Indus.

লাহোর পাঞ্জাবের রাজধানী—**Lahore** is the capital of the **Punjab.**

তিনি যুক্তরাষ্ট্রে পড়াশুনা করিয়াছেন—He studied in the **United States.**

দার্জিলিঙের প্রাকৃতিক দৃশ্য অতিশয় মনোরম—The natural scenery of **Darjeeling** is very charming.

চিল্কা হ্রদ উড়িষ্যাতে—**Lake Chilka** is in **Orissa.**

কুমারিকা অন্তরীপ ভারতের সর্বদক্ষিণ বিন্দু—**Cape Comorin** is the southernmost point of India.

Note :—ব্যক্তি, বার, মাস, পর্ব, ভাষা, দেশ, প্রদেশ, মহাদেশ, নগর, হ্রদ, অন্তরীপ প্রভৃতির নামের পূর্বে article বসে না। কিন্তু দেশ বা প্রদেশের

নাম অর্থবোধক হইলে অথবা plural-এ ব্যবহৃত হইলে উহার পূর্বে the বসে।

2

সিন্ধুনদ আরব সাগরে পড়িতেছে—The Indus falls into the **Arabian Sea.**

ভূমধ্যসাগর ইউরোপ ও আফ্রিকার মধ্যে অবস্থিত—The **Mediterranean** Sea lies between Europe and Africa.

এভারেস্ট পর্বত হিমালয় পর্বতশ্রেণীর সর্বোচ্চ শৃঙ্গ—**Mount Everest** is the highest peak of the **Himalayas.**

আন্দামান দ্বীপপুঞ্জ ভারত মহাসাগরে অবস্থিত—The **Andamans** are in the Indian Ocean.

Note :—নদী, সাগর, উপসাগর, দ্বীপপুঞ্জ, পর্বতশ্রেণী প্রভৃতির পূর্বে the বসে। কিন্তু একটি মাত্র দ্বীপ বা একটি মাত্র পর্বতের নামের পূর্বে the বসে না।

3

বাঙ্গালীরা ভাত খায়—The **Bengalees** feed on rice.

চীনারা বৌদ্ধধর্মাবলম্বী—The **Chinese** are Buddhists.

গাভার ঘোষেরা সুপরিচিত—The **Ghoses** of Gava are well-known.

মল্লিক পরিবার এখান হইতে উঠিয়া গিয়াছেন—The **Malliks** have removed from this place.

ইংরাজেরা ইংরেজী ভাষায় কথা বলে—The **English** speak **English.**

Note :—জাতি, ধর্ম, সম্প্রদায় ও পরিবারের নামের পূর্বে the বসে। কিন্তু ভাষার নামের পূর্বে the বসে না।

4

রামায়ণ ও মহাভারত হিন্দুদিগের পবিত্র গ্রন্থ—The **Ramayana** and the **Mahabharata** are sacred books of the Hindus.

বসুমতী একখানা বাংলা দৈনিক সংবাদপত্র—**The Basumati** is a Bengali daily.

Note :—ধর্মগ্রন্থ, সংবাদপত্র, মাসিক পত্রিকা ও প্রসিদ্ধ গ্রন্থের নামের পূর্বে the বসে।

5

দিল্লী মেল সকাল আটটায় ছাড়ে—**The Delhi Mail** starts at 8 A. M.

মালঞ্চ জাহাজটি সিঙ্গাপুর যাইবে—**The Malancha** is bound for Singapur.

আমি তাজমহল দেখিবার জন্য আগ্রায় যাইব—I shall go to Agra to see **the Tajmahal.**

তাহার আমাশয় হইয়াছে—He has got an attack of **dysentery.**

Note :—(1) রেলগাড়ী, জাহাজ ও প্রসিদ্ধ অট্টালিকার নামের পূর্বে the বসে।

(2) রোগের নামের পূর্বে সাধারণতঃ the বসে না ; কিন্তু gout (বাত) measles (হাম), mumps (মাড়ী ফোলা) প্রভৃতি কতিপয় শব্দের পূর্বে the বসিয়া থাকে।

6

মাইকেল মধুসূদন বাংলাদেশের মিল্টন—Michael Madhusudan is **the Miltan** of Bengal.

জাপান প্রাচ্যদেশের বৃটেন—Japan is **the Britain** of the East.

তুমি একজন রবীন্দ্রনাথ দেখছি—You are **a Rabindranath,** I see.

তিনি জ্যোতির্বিদ্যায় নিউটনের ন্যায় পণ্ডিত—He is **a Newton** in astronomy.

Note :—অন্য ব্যক্তি, বস্তু বা স্থানের সহিত সাদৃশ্য বুঝাইলে Proper Noun-এর পূর্বে Article বসে।

দয়ালু ঈশ্বরচন্দ্র মধুসূদনকে প্রচুর অর্থ সাহায্য করিয়াছিলেন—The kind-hearted **Iswarchandra** helped Madhusudan with a large sum of money.

গঙ্গারাম নামে একটি লোক পুলিশ কর্তৃক ধৃত হইয়াছে—**A** (বা **one**) **Gangaram** has been arrested by the police.

Note :—Adjective দ্বারা বিশেষিত ব্যক্তির নামের পূর্বে the বসে। নিতান্ত অজানা ব্যক্তির নামের পূর্বে a (বা an) বসে।

Exercise 3

মেঘনা বঙ্গোপসাগরে পড়িয়াছে। বাল্মীকি ভারতের হোমার। উড়োজাহাজ সিঙ্গাপুরে অবতরণ করিল (landed)। জাপানীরা খুব পরিশ্রমী। বাইবেল খ্রীষ্টানদিগের ধর্ম পুস্তক। ছেলেটি হামে ভুগিতেছে। সিংহল ভারতের দক্ষিণে অবস্থিত। কাস্পিয়ান সাগর পৃথিবীর বৃহত্তম হ্রদ। মিশর (Egypt) নীলনদের দান (gift)। বড় দিন (christmas) খ্রীষ্টানদের একটি পর্ব (festival)। 'মূলতান' জাহাজটি আরব সাগরে ডুবিয়াছিল। ফিলিপাইন দ্বীপপুঞ্জে অনেকগুলি আগ্নেয়গিরি (volcanoes) আছে। ফরাসীরা খুব বিলাসী (luxurious)। কে এক ওয়াট সাহেব গতকল্য মোটর চাপা পড়িয়াছিল (was run over by a motor car)। আন্দিজ পর্বত কোথায় ? তিনি আলিগড় বিশ্ববিদ্যালয়ের এম-এ। বৈকাল হ্রদ দেখাও (point out)।

LESSON 4

Articles with Collective Nouns

1

আমি একছড়া কলা কিনিব—**I shall buy a bunch of bananas.**

রাখাল বালকটি এক পাল গরু চরাইতেছে—**The cow-boy is tending a herd of cows.**

ক্লাসটি স্কুলের মধ্যে সর্বশ্রেষ্ঠ—**The class** is the best in the school.

তুমি কি সভায় গিয়াছিলে?—Did you attend **the meeting**?

নয় জন লোক লইয়া জুরী গঠিত—**The Jury** consists of nine persons.

Note:—Singular collective nounএর পূর্বে অর্থানুসারে definite বা indefinite **article** বসে।

2

লোকে বলে—**People** say.

গবাদি পশু ঘাস খায়—**Cattle** feed on grass.

মানবজাতি সমাজে বাস করে—**Mankind** live in society.

কার্গিল সাহেব পার্লামেন্টের সভ্য—Mr. Cargill is a member of **Parliament.**

সে সর্বদা সৎসংসর্গ করে—He always keeps good **company.**

তিনি সরকারী চাকুরী করিতেন—He held a post under **Government** (বা the **Government**).

জাপানের লোকেরা খুব অধ্যবসায়ী—**The people** of Japan are very persevering.

গ্রেট বৃটেনের পার্লামেন্ট দুইটি সভা লইয়া গঠিত—**The Parliament** of Great Britain consists of two houses.

পাকিস্তান সরকার দুর্ভিক্ষ প্রপীড়িত লোকদের সাহায্যের জন্য পঞ্চাশ হাজার টাকার মঞ্জুর করিয়াছেন—**The Government of Pakistan** has (বা have) sanctioned fifty thousand rupees for the relief of the femine-stricken people.

Note :—People, cattle, mankind, parliament, society, company প্রভৃতি শব্দের পূর্বে the বসে না ; কিন্তু নির্দিষ্ট করিয়া কোন সভা, সমাজ বা সমিতিকে বুঝাইলে the ব্যবহৃত হয়। Government শব্দের পূর্বে the বসিতেও পারে, নাও বসিতে পারে।

3

পুলিস আসামীকে ধরিয়াছে—**The police** have arrested the accused.
জনসাধারণ ইহা পছন্দ করে না—**The public** do not like it.
আমাদের দেশের কৃষক সম্প্রদায় অত্যন্ত দরিদ্র—**The peasantry** of our country are very poor.
বিদ্যালয়ের কার্যনির্বাহক সমিতি বিষয়টি বিবেচনা করিয়াছেন—**The managing committee** of the school has (বা have) considered the matter.

Note :—Police, public, peasantry, gentry, committee, majority প্রভৃতি শব্দের পূর্বে সচরাচর the বসিয়া থাকে এবং ইহাদের পরে সাধারণতঃ plural verb ব্যবহৃত হয়।

4

Some Bengali Collective nouns rendered into English

এক তাড়া চাবি—A bunch of keys.
এক পাল গরু—A herd of cows.
এক পাল ভেড়া—A flock of sheep.
এক পাল শূকর—A herd of swine.

এক দল বালক—A company of boys.

এক দল বানর—A troop of monkey.

এক দল মজুর—A gang of labourers.

এক দল ডাকাত—A gang of robber s.

এক দল সৈন্য—A band of soldiers.

এক দল গায়ক—A band of musicians.

এক ঝাঁক পাখী—A flock of birds.

এক ঝাঁক মাছ—A shoal of fish.

এক ঝাঁক মাছি—A swarm of flies.

এক সারি গাছ—A row of tree.

এক তোড়া ফুল—A bunch of flowers.

এক আঁটি ধান—A sheaf of paddy.

দ্বীপপুঞ্জ—A group of islands.

পর্বতমালা—A chain or range of mountains.

মধ্যবিত্ত শ্রেণী—The middle class.

মন্ত্রিসভা—The cabinet ; the ministry.

যাজক সম্প্রদায়—The clergy.

ভদ্রসম্প্রদায়—The gentry.

শ্রোতৃবর্গ—The audience.

সংখ্যা গরিষ্ঠের দল—The majority.

সংখ্যা লঘিষ্ঠের দল—The minority.

Exercise 4

তুমি কি সভায় যাও নাই ? পূর্ববঙ্গের কৃষক সম্প্রদায় (peasantry) বড় গরীব। আমি এক তাড়া চাবি হারাইয়াছি। জেলেটি এক ঝাঁক মাছ (a

shoal of fish) ধরিয়াছে। বৃদ্ধ পুত্রদিগকে এক আঁটি কাঠি আনিতে বলিলেন। রাখাল বালকটি এক পাল গরু লইয়া মাঠে যাইতেছে। এই যুদ্ধে জার্মান সেনা পরাস্ত হইল। মাছটির উপর এক ঝাঁক মাছি বসিয়াছে। আমার কাপড়ের পুঁটুলিটি চুরি গিয়াছে। আমি এক সারি আম গাছ লাগাইব (plant)। লোকে বলে তাহার অনেক টাকা আছে। কাশ্মীরের দৃশ্যাবলী (scenery) অতি মনোহর (charming)। এই আসবাব (furniture) কিনিতে আমার পাঁচ শত টাকা লাগিয়াছিল (cost me)। গভর্নমেণ্ট একটি সাহায্য ভাণ্ডার (relief fund) খুলিয়াছেন।

LESSON 5

Articles with Material Nouns

1

স্বর্ণ মূল্যবান ধাতু—**Gold** is a precious metal.

দুগ্ধ আদর্শ খাদ্য—**Milk** is an ideal food.

চাউল পশ্চিমবঙ্গের লোকের প্রধান খাদ্য—**Rice** is the staple food of the people of West Bengal.

ইক্ষু হইতে চিনি পাওয়া যায়—**Sugar** is obtained from the sugar-cane.

আপনি কি চা খান ?—Do you take **tea**.

Note :—Material noun এর পূর্বে কোন article বসে না এবং উহার plural numberও হয় না।

2

আমরা জল ছাড়া বাঁচিতে পারি না—We cannot live without **water**.

আমরা এই পুকুরের জল খাই না—We do not drink the water of this tank.

বাখরগঞ্জের চাউল সস্তা—The rice of Backergang is cheap.

এই গাভীটির দুধ পাতলা—The milk of this cow is watery.

Note :—Material noun যখন কোন phrase দ্বারা বিশেষিত হয় বা কোন বস্তুর কোন নির্দিষ্ট অংশকে বুঝায়, তখন উহার পূর্বে the বসে।

3

কাগজ প্রথম চীনদেশে তৈয়ার হয়—Paper was first made in China.

তিনি একখানা দৈনিক সংবাদ পত্র রাখেন—He subscribes a daily paper.

আমি পাখীটির দিকে একটি ঢিল ছুড়িয়াছিলাম—I threw a stone at the bird.

আজ বাতাস ঠাণ্ডা—The air is cool to-day.

বাঁশ একজাতীয় ঘাস—The bamboo is a kind of grass.

দাদখানি খুব সরু চাউল—Dadkhani is a fine rice.

Note :—কোন জিনসের কোন নির্দিষ্ট প্রকার বা কোন নির্দিষ্ট অংশ অথবা ঐ দ্রব্যদ্বারা নির্মিত কোন বস্তু বুঝাইলে Material noun এর পূর্বে article বসে এবং তখন উহা Common noun এ পরিণত হয়।

Exercise 5

এই দোয়াতে কালি নাই। চাউল আমাদের প্রধান (staple) খাদ্য। এই আংটিটার সোনা খাঁটি (pure) নয়। কয়লা একপ্রকার কৃষ্ণবর্ণ শক্ত পদার্থ (material)। আসামে প্রচুর চা জন্মে। দুধ হইতে মাখন (butter) প্রস্তত হয়। আক (sugar-cane) এক প্রকার ঘাস। তিনি রাত্রে রুটি খান। আমি

এক গাড়ী (cart-load) জ্বালানি কাঠ (fuel) কিনিয়াছি। এই ঘরটি ইষ্টক নির্মিত (made of brick)। আমরা বায়ু ছাড়া বাঁচিতে পারি না। সমুদ্রের জল লোনা (saline)। জৈনেরা মাছ খায় না। বাঁশ হইতে কাগজ প্রস্তুত হয়। তুমি কি কখনও (ever) ভেড়ার মাংস (mutton) খাইয়াছ ?

LESSON 6

Article with Abstract Nouns

1

জ্ঞানই বল—**Knowledge** is **power.**

স্বাস্থ্য সকল সুখের মূল—**Health** is the source of all **happiness.**

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি—**Industry** is the mother of good **luck.**

আলস্য অনেক দোষের আকর—**Idleness** is the root of many **evils.**

বালকটি অহংকারে পরিপূর্ণ—The boy is full of **pride.**

Note :—সাধারণতঃ Abstract noun এর পূর্বে কোন article বসে না এবং উহার pluralও হয় না।

2

সত্যবাদিতা পরম ধর্ম—**Truthfulness** is a great **virtue.**

সাধুতা সর্বোৎকৃষ্ট নীতি—**Honesty** is the best policy.

আমাদের ভৃত্যটির সাধুতা অত্যন্ত প্রশংসনীয়—The **honesty** of our servant is very praise worthy.

সমুদ্রের বর্ণ নীল—The **colour** of the sea is blue.

এই দেওয়ালটির উচ্চতা দশ ফুট—The **height** of this wall is ten feet.

মহসীনের দানশীলতার কথা সকলেরই জানা আছে—**The charity** of Mohsin is known to all.

Note :—Abstract noun যখন কোন qualifying phrase দ্বারা বিশেষিত হয়, তখন উহার পূর্বে the বসে।

3

আমরা ন্যায় বিচার চাই—We want justice.

আমীর আলী কলিকাতা হাই কোর্টের বিচারপতি ছিলেন—Mr. Amir Ali was a justise of the Calcutta High Court.

এই সংবাদে আমি আশ্চর্যান্বিত হইলাম—This news struck me with wonder.

কলিকাতার ভিক্টোরিয়া স্মৃতিসৌধ বাস্তবিক একটি আশ্চর্য বস্তু—The Victoria Memorial Building of Calcutta is really a wonder.

Note :—যখন কোন Abstract noun গুণ, দোষ বা অবস্থা না বুঝাইয়া যে ব্যক্তি বা বস্তুর মধ্যে ঐ গুণ, দোষ বা অবস্থা আছে, তাহাকে বুঝায় অথবা ঐ গুণ, দোষ বা অবস্থার দৃষ্টান্ত বুঝায়, তখন উহা Common noun-এ পরিণত হয়। তখন উহার পূর্বে article বসে এবং উহার Pluralও হয়।

Exercise 6

স্বাস্থ্যই সম্পদ্। দুধের রং সাদা। রামধনুতে সাতটি রং আছে। একতাই বল। বন্ধুতা সম্বন্ধে একটি রচনা লিখ। হর্ষ (joy) ও বিষাদ (sorrow) পর্যায়ক্রমে (by turns) আসে। অকৃতজ্ঞতা (ungratefulness) মহাপাপ। ইংরাজী শিক্ষা (education) আমাদের অনেক উপকার করিয়াছে। সর্বদা সত্য কথা কহিবে। বৈজ্ঞানিকেরা (scientists) অনেক সত্য আবিষ্কার করিয়াছেন (to discover)। বিদ্যা মানুষকে উন্নত করে (to elevate)। রমেশবাবু একজন চরিত্রবান্ পুরুষ (a man of character)। এই ঘরটির দৈর্ঘ্য চল্লিশ হাত (cubits)।

LESSON 7

Omission of Articles

1

আর্চবোল্ড সাহেব ঢাকা কলেজের অধ্যক্ষ ছিলেন—Mr. Archbold was **principal** of the Dacca College.

রায় মহাশয় হেডমাষ্টার নিযুক্ত হইয়াছেন—Mr. Ray has been appointed **Head-master.**

সুশীল বিমলের খুড়তুতো ভাই—Sushil is **cousin** to Bimal.

সে ফেরিওয়ালা হইল—He turned **hawker.**

Note :—পেশা, উপাধি বা সম্বন্ধ বুঝায় এমন Common noun কোন verb-এর Complement-রূপে ব্যবহৃত হইলে উহার পূর্বে প্রায়ই article বসে না।

সম্রাট আকবর সুশাসক ছিলেন—**Emperor** Akbar was good **ruler.**

অধ্যাপক সেন ইংরেজী খুব ভাল পড়ান—**Professor** Sen teaches English very well.

কাপ্তান ঘোষ খুব ভাল চিকিৎসক—**Captain** Ghose is **a** good physician.

বিমলের বোন গীতা পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়াছে—Gita, **sister** to Bimal, has occupied the first place in the examination.

Note :—পেশা, উপাধি বা সম্বন্ধ বুঝায় এমন Comnon noun কোন Proper noun-এর সমকারক পদ (case in apposition) রূপে ব্যবহৃত হইয়া উহার পূর্বে বা পরে বসিলে উহার পূর্বে প্রায়ই কোন article বসে না।

3

বাবা অফিসে গিয়াছেন—**Father** has gone to office.
মা বাড়ীতে নাই—**Mother** is not at home.

Note :—Father, mother, brother, sister প্রভৃতি শব্দ যদি my father, my mother ইত্যাদি অর্থ বুঝায়, তবে উহার পূর্বে article বসে না।

4

আমার কথায় কান দাও—Give **ear** to my words.
আমরা করাচীতে জাহাজে উঠিলাম—We took **ship** at Karachi.
সে গত বৎসর স্কুল ছাড়িয়া দিয়াছে—He left **school** last year.
সুমাত্রা জাহাজটি আগামী কল্য যাত্রা করিবে—The Sumatra will set **sail** to-morrow.
আমার প্রশ্নটির উত্তর দাও—Give **answer** to my question.
বিমলবাবু সংবাদ পাঠাইয়াছেন যে তিনি অসুস্থ—Bimal Babu has sent **word** that he is ill.
আমাদের জাহাজটি কর্ণফুলী নদীতে নঙ্গর করিল—Our ship cast **anchor** in the Karnafuly.

Note :—কতকগুলি Verbal phrase-এ Transitive verb-এর পরবর্তী object-এর পূর্বে article বসে না।

5

আমরা হাঁটিয়া যাইব - We shall go **on foot.**
তুমি কি এখনও শুইয়া আছ ?—Are you still **in bed.**
ছেলেটি কখনও স্কুলে পড়ে নাই—The boy has never been **at school.**
আমি দিনে ঘুমাই না—I do not sleep **by day.**

তুমি কি নৌকায় আসিয়াছ, না ট্রেণে আসিয়াছ ?—Have you come by boat or by train ?

ছেলেটি কখনও শহরে যায় নাই—The boy has never been **to town.**

সে দিন আনে দিন খায়—He lives **from hand to mouth.**

ভিক্ষুকটি দ্বারে দ্বারে ভিক্ষা করে—The beggar begs **from door to door.**

Note :—কতকগুলি Phrase-এ Common noun-এর পূর্বে Article বসে না।

6

আমার জন্য জায়গা কর—Make **room** for **me.**

ঘরে ঢুকিও না - Do not come into **the room.**

তুমি কখন ঘুমাও ?—When do you go to **bed ?**

তাড়াতাড়ি বিছানা কর—Make **the bed** quickly.

সুনীল রীতিমত স্কুলে যায় না—Sunil does not **go to school** regularly.

হেডমাষ্টার মহাশয়ের সঙ্গে দেখা করিবার জন্য বাবা আজ স্কুলে যাইবেন—

Father will go to **the school** to see the Head-master.

সে বাজার করিতে গিয়াছে—He has gone to **market.**

বাজারে বহু লোক জড় হইয়াছে—A large crowd gathered **at the market.**

Note :—একই Noun-এর পূর্বে অর্থ ভেদে article বসে বা বসে না।

Exercise 7

সতীশ করিমের বন্ধু। অখিলবাবু আমাদের স্কুলের সেক্রেটারী। তাঁহার ভাগিনেয় তাদের সম্পত্তির উত্তরাধিকারী। আমরা কানুকে কাপ্তান নির্বাচন

করিলাম। সে ঠাট্টা করিয়া (in jest) ইহা বলিয়াছিল। আমরা গোয়ালন্দে ট্রেণে উঠিলাম (to take train)। সলিল একজন দরজীর নিকট শিক্ষানবীশ (apprentice) ছিল। ডাক্তার ঘোষ আমাদের পারিবারিক চিকিৎসক (family physician)। মহকুমা ম্যাজিস্ট্রেট আমাদের স্কুলের কার্যনির্বাহক সমিতির সভাপতি। অধ্যাপক সেন ইতিহাস খুব ভাল পড়ান। মানুষ ও ও পশুতে (man and beast) অনেক তফাৎ। যতীন পনর বৎসর বয়সে স্কুল ছাড়িয়া দিল। আমরা দুইজন হাত ধরাধরি করিয়া (hand to hand) বেড়াইতেছিলাম। আমাদের পরীক্ষা নিকটবর্তী (at hand)। তোমার পত্র হস্তগত (to hand) হইয়াছে। নৌকাযোগে ভ্রমণ অত্যন্ত আনন্দদায়ক (pleasant)। মা আমার উপর রাগ করিবেন।

LESSON 8

The Possessive of Pronouns

এইটি আমার বই—This is **my** book.

এই বইটি আমার—This book is **mine**.

ঐটি তোমার কলম—That is **your** pen.

ঐ কলমটি তোমার—That pen is **yours**.

কণার একখানি সুন্দর ছবি আছে ; এখানিও তাহার—Kana has a very fine picture ; this too is **hers**.

দলিলে তোমার ও আমার উভয়েরই উল্লেখ থাকিবে—Both **your** name and **mine** will be mentioned in the deed.

তাহার একখানা বই পাওয়া যাইতেছে না—A book of **his** is missing.

Note :—My, our, your, thing প্রভৃতি wordগুলি Noun-এর আগে বসে, আর mine, ours, yours, hers ইত্যাদি word-গুলি verb-এর পরে বসে এবং ইহাদের পরে কোন Noun ব্যবহৃত হয় না।

অনেক সময় Mine, yours, hers ইত্যাদি ব্যবহার করিলে আর পূর্বোল্লিখিত Noun-এর উল্লেখ করিতে হয় না।

বহুর মধ্যে একটি বুঝাইবার জন্য Mine, ours, yours ইত্যাদি word-এর পূর্বে of ব্যবহার করিয়া double possesive করা হইয়া থাকে।

Exercise 8

আমাদের স্কুলই এই অঞ্চলের মধ্যে উৎকৃষ্ট। আমাদের এই জমিগুলি মোটেই উর্বরা নহে। আমাদের স্কুল ও তোমাদের স্কুল একই দিনে বন্ধ হইবে। তুমি আমাদের বাড়ী আসিলে আমি তোমাদের বাড়ী যাইব। আমার একখানা বই কে চুরি করিয়াছে। তাহাদের কলিকাতায় অনেক বাড়ী আছে; এখানিও তাহাদের। আমার আসবাবগুলি নিলামে বিক্রয় করিব। তোমাদের জমি উঁচু, আমাদের জমি নীচু। আমার জনৈক বন্ধু আমাকে একখানি চিঠি লিখিয়াছে। কেবল আমার ও তাহার কাপড় চুরি গিয়াছে। রাস্তায় যে ঘড়িটি পাওয়া গিয়াছে তাহা তোমারই। আমি তাহার তেতালা বাড়ীর দোতালায় থাকি। সেদিন তাহার এক বন্ধু আমার কাছে আসিয়াছিল।

LESSON 9

The Comparison of Adjectives

1

মধু মিষ্ট—Honey is sweet.

এই আমটি মধুর মত মিষ্ট—This mango is as sweet as honey.

মধু চিনির চেয়ে মিষ্টি—Honey is **sweeter** than sugar.
লোহা কাঠের চেয়ে শক্ত—Iron is **harder** than wood.
তিমি মাছ হাতীর চেয়ে বড়—The whale is **larger** than the elephant.
লৌহ স্বর্ণ অপেক্ষা অধিকতর প্রয়োজনীয়—Iron is **more useful** than gold.
মহিম তাদের ভাইদের চেয়ে বেশী বুদ্ধিমান—Mahim is **more intelligent** than his brother.
অনিল সুনীলের চেয়ে কম পরিশ্রমী—Anil is **less diligent** than Sunil.

Note :—সাধারণতঃ একটি বস্তু বা ব্যক্তির সহিত অন্য একটি ব্যক্তি বা বস্তুর তুলনা বুঝাইলে Adjective-এর শেষে er কিংবা উহার পূর্বে **more** বা **less** বসাইতে হয় এবং Adjective-এর পরে **than** বসাইতে হয়।

2

ভাই দুইটির মধ্যে মাণিক বেশী চালাক—Manik is the **cleverer** of the two brothers.
অঙ্ক দুইটির মধ্যে কোন্‌টি বেশী কঠিন ?—Which of the two sums is the **harder** ?
বালক দুইটির মধ্যে সুহাসের বয়স কম—Suhash is the **younger** of the two boys.

Note :—দুইটির মধ্যে একটিকে বাছিয়া লওয়া বুঝাইলে Adjective-এর Comparative degree হয় এবং উহার পূর্বে **the** ও পরে **of** বসে।

3

সীসা অন্যান্য ধাতু অপেক্ষা ভারী—Lead is heavier than **all other** metals (বা **any other metal**).
গোলাপ অন্য সমস্ত ফুলের চেয়ে সুন্দর—The rose is more beautiful than **all other flowers** (বা **any other flower**).

কাক অন্য সমস্ত পাখীর চেয়ে চতুর—The crow is more cunning than **all other birds** (বা **any other bird**).

Note :—দুইয়ের অধিক সমজাতীয় ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা বুঝাইলে than-এর পরে any other বা all other ব্যবহৃত হয় এবং any other-এর পরবর্তী Nounটি Singular ও all other-এর পরবর্তী Noun-টি Plural হয়।

4

তোমার ঘড়িটি আমার ঘড়ি অপেক্ষা উৎকৃষ্ট—Your watch is **superior to** mine.

তিনি আমার তিন বৎসরের বড়—He is **senior to** me by three years.

সে আমার তিন বৎসরের ছোট—He is **junior to** me by three years.

Note :—Superior, inferior, senior, junior প্রভৃতির পরে **than** না বসিয়া **to** বসে।

5

মিসিসিপি পৃথিবীর মধ্যে দীর্ঘতম নদী—The Mississipi is the **longest** river in the world.

তাঁহার তিন মেয়ের মধ্যে কনিষ্ঠাটি সর্বাপেক্ষা সুন্দরী—Of his three daughters, the **youngest** is the finest.

লণ্ডন পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা জনবহুল নগর—London is the **most populous** town in the world.

ক্লাসের মধ্যে মহিম সর্বাপেক্ষা কম পরিশ্রমী—Mahim is the **least diligent** boy in the class.

Note :—বহুর মধ্যে তুলনা বুঝাইতে Adjective-এর Superlative Degree হয়। Adjective-এর শেষে **est** যোগ করিয়া কিংবা উহার পূর্বে **most** বা **least** শব্দ বসাইয়া Superlative গঠন করিতে হয়। সাধারণতঃ ইহার পূর্বে **the** এবং পরে **of** বসিয়া থাকে।

6

তাহার একটি বড় বোন আছে—He has an **elder** sister. (a)

সতীশ সুশীলের চেয়ে অনেক বয়সে বড়—Satish is much **older** than Sushil. (a)

এটি কালকের খবরের পরবর্তী সংবাদ—This is a **later** news than yesterday's. (b)

আমি পূর্বের প্রস্তাবটি অপেক্ষা পরের প্রস্তাবটি বেশী পছন্দ করি—I prefer the **latter** proposal to the former. (b)

এখান হইতে কলিকাতা অপেক্ষা পাটনা বেশী দূর—Patna is **farther** from here than Calcutta. (c)

আর বিলম্ব না করিয়া ডাক্তার ডাকিয়া পাঠাও—Send for a doctor without **further** delay. (c)

দুর্ঘটনায় পঞ্চাশ জনের কম নিহত হয় নাই—No **fewer** than fifty persons were killed in the accident. (d)

তিনি মাসিক পাচশত টাকার কম উপার্জন করেন না—He earns not **less** than five hundred rupees a month. (d)

Note :—(1) একই পরিবারের লোক বুঝাইলে Elder ও Eldest এবং বিভিন্ন পরিবারের লোকের মধ্যে তুলনা বুঝাইতে Older ও Oldest ব্যবহৃত হয় [(a) দেখ]। (2) সময় বুঝাইতে Later বা older এবং ক্রম বুঝাইতে Latter ব্যবহৃত হয় [(b) দেখ)। (3) অধিকতর দূরবর্তী অর্থে Farther এবং 'আরও' বা 'অতিরিক্ত' অর্থে Further ব্যবহৃত হয়

[(c) দেখ]। (4) সংখ্যা বুঝাইতে **Fewer** এবং পরিমাণ বুঝাইতে Less ব্যবহৃত হয় [(d) দেখ]।

7

বিমান রায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র—Biman is the **eldest** son of Mr. Roy.

তিমি গ্রামের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন ব্যক্তি—He is the **oldest** man in the village.

এটি শহরের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন বাড়ী—This is the **oldest** house in the town.

বাহাদুর শাহ দিল্লীর শেষ সম্রাট ছিলেন—Bahadur Shah was the **last** emperor of Delhi.

এইটি পুস্তকখানির আধুনিক সংস্করণ—This is the **latest** edition of the book.

Note :— Oldest ব্যক্তি ও বস্তু উভয়ের সম্বন্ধেই ব্যবহার করা হয়। **Latest** সময় এবং **Last** position বা অবস্থান বুঝায়।

8

এই বাক্যটির গূঢ় অর্থ কি ?—What is the **inner** meaning of this sentence ?

আমরা বহির্বাটীর প্রাঙ্গণে দাঁড়াইয়াছিলাম—We were standing in the **outer** courtyard.

লোকটা গভীর নৈরাশ্যে বিষ খাইল—The man took poison in **utter** despair.

এই প্রশ্নটির গুরুত্ব কম—This question is of **minor** importance.

টাকাটার বেশীর ভাগ মারোয়াড়ীরা দিয়াছিল—The **major** portion of the sum was contributed by the Marwaris.

উপরের শ্রেণীর বালকেরা ইহার জন্য দায়ী—The boys of the **upper** classes are responsible for it.

Note :—Inner, outer, utter, minor, major, upper, former প্রভৃতি Comparative Degree-এর Adjective এখন Positive Degree-তে ব্যবহৃত হইয়া থাকে। ইহাদের পর **than** বা **to** বসে না।

9

Comparison of Adverbs

তুমি দেরীতে আসিয়াছিলে—You came **late.**

তুমি মহিমের চেয়ে দেরীতে আসিয়াছিলে—You came **later than** Mahim.

তুমি সকলের চেয়ে দেরীতে আসিয়াছিলে—You came **latest** of all.

উড়োজাহাজ পক্ষী অপেক্ষা দ্রুত উড়িতে পারে—The aeroplane can fly **faster** than the bird.

আমি আর অপেক্ষা করিতে পারি না—I can wait no **longer.**

Note :—Adjective-এর ন্যায় কতকগুলি Adverb-এর Comparative ও Superlative Degree হইতে পারে।

Exercise 10

আমার ছুরিটি ধারাল। আমার ছুরিটি তোমার ছুরিটির মত ধারাল। আমার ছুরিটি তোমার ছুরির চেয়ে ধারাল। রহিম করিমের চেয়ে সাহসী (courageous)। সে তাহার বোনের চেয়ে বয়সে বড়। তুমি ক্লাসের মধ্যে সর্বাপেক্ষা অমনোযোগী (inattentive) ছেলে। এভারেস্ট পর্বত (Mount Everest) হিমালয়ের উচ্চতম শৃঙ্গ। সে সুনীলের চেয়ে কম অহংকারী নয়। জ্ঞানী শত্রু মূর্খ মিত্র অপেক্ষা ভাল। সেক্সপীয়র অন্যান্য ইংরেজ

কবি অপেক্ষা শ্রেষ্ঠ। অস্ট্রেলিয়া পৃথিবীর বৃহত্তম দ্বীপ (island)। পৃথিবীর সকল দেশের মধ্যে চীনের লোকসংখ্যা (population) বেশী। ইহাই যুদ্ধের সর্বশেষ সংবাদ। এই কাপড়টা ঐ কাপড়টার চেয়ে নিকৃষ্ট। তিনি জ্ঞানে (knowledge) আমার চেয়ে শ্রেষ্ঠ। তৈল অপেক্ষা ঘৃত অধিক পুষ্টিকর (nutritious)। ছেলেটির মধ্যে কে বেশী বুদ্ধিমান? স্বর্ণ রৌপ্য অপেক্ষা বেশী মূল্যবান। হস্তী অপর সকল স্থলচর (land) প্রাণী অপেক্ষা বৃহৎ।

LESSON 10

The Verb—'To be'

1

আমি সুস্থ—I am well.
আমরা দুর্বল—We are weak.
তুমি ধনী—You are rich.
তোমরা অলস—You are idle.
আপনি সাহসী—You are brave.
আপনারা সুখী—You are happy.
সে (পুরুষ) গরীব—He is poor.
সে (স্ত্রীলোক) পীড়িত—She is ill.
তাহারা নিষ্ঠুর—They are cruel.
করিম বলবান্—Karim is strong.
আকাশখানি নীল—The sky is blue.
চিনি মিষ্ট—Sugar is sweet.

Exercise 10

আমরা গরীব। তোমরা সুখী। সে ধনী। আপনি জ্ঞানী (wise)। সুনীল নিষ্ঠুর। যদু চতুর। ফুলটি সাদা। পেন্সিলটি শক্ত। জল ঠাণ্ডা। আমার পিতা পীড়িত। গরুটি কাল। অমল বলবান্। কলমটি কাল। গাছটি লম্বা। পুস্তকখানি নূতন। পুকুরটি গভীর (deep)। বালিকাটি অন্ধ (blind)। তাহারা ধনী। এই লিচুটি (lichi) কাঁচা (unripe)। আমগুলি টক (sour)।

LESSON 11

The Verb 'To be' with Complementary Subjects

1

আমি মানুষ—I am a man.
আমরা মানুষ—We are men.
তুমি বালক—You are a boy.
তোমরা বালক—You are boys.
তিনি (বা সে) উকিল—He is a pleader.
সে (স্ত্রী) ছাত্রী—She is a student.
তাহারা ছাত্র—They are students.
ইহা বিদ্যালয়—It is a school.
এইগুলি কলম—These are pens.
তিনি শিক্ষক—He is a teacher.
স্বর্ণ একটি ধাতু—Gold is a metal.

তাহারা ধনী লোক—They are rich men.
কলিকাতা একটি বড় শহর—Calcutta is a big city.
এইগুলি পুরাতন পুস্তক—These are old books.
সূর্য একটি উজ্জল বস্তু—The sun is a bright thing.
সিংহ বলবান্ জন্তু—The lion is a strong animal.
সে একজন বিশ্বস্ত ভৃত্য—He is a faithful servant.
আম মিষ্ট ফল—The mango is a sweet fruit.

Exercise 11

এটি একটি শান্ত (gentle) ছেলে। আমার চুল কাল। এইটি আমাদের স্কুল। এটি একটি আম। তাহার পিতা শিক্ষক। রবীন্দ্রনাথ একজন প্রসিদ্ধ কবি। লৌহ প্রয়োজনীয় (useful) দ্রব্য। গরু উপকারী (useful) জন্তু। ইহা একটি গোলাপ ফুল। ব্যাঘ্র হিংস্র (ferocious) জন্তু। ঐ লোকটি চোর। এটা একটি সুন্দর পাহাড় (hill)। তাহারা গরীব লোক। রামবাবু একজন ডাক্তার। এটি একটি সুন্দর পাখী। রাম চালাক ছেলে। তোমরা শিশু। এগুলি ভাল বই। গরু চতুষ্পদ (fourfooted) জন্তু। গোপাল আমার ছোট (younger) ভাই।

LESSON 12

The Verb 'To have'

আমার একটি ঘোড়া আছে—I have a horse.
আমাদের একটি বাগান আছে—We have a garden

তোমার একটি গরু আছে—You **have** a cow.
তোমাদের একটি বাড়ী আছে—You **have** a house.
তাহার একটি টুপী আছে—**He has a cap.**
তাহার (স্ত্রীলোক) একটি ছুরি আছে—She **has** a knife.
তাহাদের একটি বন্দুক আছে—They **have** a gun.
ইহার কান আছে—**It has** ears.
লীলার একটি পুতুল আছে—Lila **has** a doll.
পাখীর ডানা আছে—The bird **has** wings.
ফুলগুলির গন্ধ আছে—The flowers **have** smell.

Exercise 12

1. Translate into English :—

আমার একটি টাকা আছে। তোমার একটি ছাতা (umbrella) আছে। ঘরটির একটি দরজা আছে। তাহার দুইটি পাখী আছে। তোমাদের একটি বিড়াল আছে। তাহাদের একটি বানর (monkey) আছে। নবীনের দুইটি ভগিনী আছে। তাহার একখানা বাড়ী আছে। গোপালের একটি কলম আছে। রমেশের একটি জামা (shirt) আছে। গরুর শিং আছে। আমার চাকর আছে। আপনার অনেক টাকা আছে। ঘোড়াটির লেজ আছে। তোমার একটি ছুরি আছে।

LESSON 13

The Past Forms of the Verb 'To be' and the Verb 'To have'

1

আমি পীড়িত ছিলাম—I **was** ill.
আমরা ধনী ছিলাম—We **were** rich.
তুমি সুস্থ ছিলে—You **were** well.
তোমরা অলস ছিলে—You **were** idle.
সে চতুর ছিল—He **was** clever.
তাহারা সাহসী ছিল—They **were** brave.
বালকটি অন্ধ ছিল—The boy **was** blind.
সিংহটি নিদ্রিত ছিল—The lion **was** asleep.
এই ছেলেটি অনুপস্থিত ছিল—This boy **was** absent.

2

আমার একটি পাখী ছিল—I **had** a bird.
আমাদের একটি বাগান ছিল—We **had** a garden.
তোমার একটি ঘড়ি ছিল—You **had** a watch.
তোমাদের একটি বাড়ী ছিল—You **had** a house.
তাহার একটি ছাতা ছিল—He **had** an umbrella.
তাহাদের অনেক টাকা ছিল—They **had** much money.
বিমানের একটি আংটি ছিল—Biman **had** a ring.
বালিকাটির একটি ভাই ছিল—The girl **had** a brother.

Exercise 13

আমি দুর্বল ছিলাম। তাহারা নির্দয় (cruel) ছিল। তোমরা সুখী ছিলে। তিনি অহংকারী (proud) ছিলেন। বালকটি গরীব ছিল। আমরা সুস্থ ছিলাম। যদুর একটি গাভী ছিল। তাহার একটি বন্দুক ছিল। আমার একজন বন্ধু ছিলেন। আমাদের একটি বাড়ী ছিল। তোমরা ভাল ছেলে। তিনি শিক্ষক ছিলেন। বিড়ালটা মোটা ছিল। আমগুলি কাঁচা ছিল। আমার পিতা দয়ালু ছিলেন। মতির একটি হরিণ ছিল। দোয়াতটি নূতন ছিল। কূপটি গভীর ছিল। তাহার একটি নূতন টেবিল ছিল। তাহার পিতা ডাক্তার ছিলেন।

LESSON 14

The Verb 'To have' with 'No'

1

আমার কলম নাই—I have **no** pen.
আমাদের চাকর নাই—We have **no** servant.
তোমার আংটি নাই—You have **no** ring.
তাহার শ্লেট নাই—He has **no** slate.
মতির কুকুর নাই—Mati has **no** dog.
তাহাদের বাগান নাই—They have **no** garden.

2

আমার টুপী ছিল না—I had **no** cap.
আমাদের পুকুর ছিল না—We had **no** pond.

তোমার পেন্সিল ছিল না—You had **no** pencil.
তাহার ছেলে ছিল না—He had **no** son.
হেমের ঘুড়ি ছিল না—Hem had **no** kite.
তাহাদের বাড়ী ছিল না—They had **no** house.

Note :—No শব্দটি have বা hadএর ঠিক পরে বসে।

Exercise 14

আমার ঘুড়ি নাই। তোমাদের ঘোড়া নাই। আমাদের টাকা পয়সা (money) নাই। বালকটির বই নাই। বালিকাটির আংটি ছিল না। তোমার জুতা (shoes) ছিল না। মুরগীটির ডিম নাই। পাখীটির বাসা (nest) ছিল না। এই ফুলটির গন্ধ (smell) নাই। জলের রং (colour) নাই। করিমের ভাই ছিল না। তাহাদের কলম ছিল না।

LESSON 15

The Verb 'To be' with 'Not'

1

আমি ধনী নই—I am **not** rich.
আমরা দুর্বল নই—We are **not** weak.
তুমি (বা তোমরা) গরীব নও—You are **not** poor.
সে লম্বা নয়—He is **not** tall.
যদু বলবান্ নয়—Jadu is **not** strong.
তাহারা সুখী নয়—They are **not** happy.

2

আমি কবি নই—I am **not** a poet.

আমরা বালিকা নই—We are **not** girls.

তুমি ছেলেমানুষ নও—You are **not a** child.

সে আমার ভাই নয়—He is **not** my brother.

এটি আম নয়—This is **not** mango.

এগুলি আম নয়—These are **not** mangoes.

3

আমি পীড়িত ছিলাম না—I was **not** ill.

আমরা উপস্থিত ছিলাম না—We were **not** present.

তুমি (বা তোমরা) দুষ্ট ছিলে না—You were **not** naughty.

সে অহংকারী ছিল না—He was **not** proud.

তাহারা সুস্থ ছিল না—They were **not** well.

ঐটি তোমার বই ছিল না—That was **not** your book.

Note :—Not শব্দ সর্বদাই **am, is, are, was** ও **were** এর পরে বসিয়া থাকে।

Exercise 15

আমি দুর্বল নই। সে লম্বা নয়। তুমি চতুর (clever) নও। তাহারা সুখী ছিল না। মতি উপস্থিত ছিল না। পুকুরটি বড় নয়। ইহা মিথ্যা (false) নয়। আমার পিতা কেরানী (clerk) নন। লিচুগুলি (the lichis) মিষ্ট ছিল না। এগুলি তোমার পেন্সিল নয়। এটি আমার ঘুড়ি নয়। লোকটি সৎ (honest) ছিল না। আমি উকিল (pleader) নই। এটি স্কুল নহে।

LESSON 16

Negative Sentences

1

আমি বেড়াই না—I **do not** walk.

আমরা চা পান করি না—We **do not** take tea.

তুমি সাঁতার কাট না—You **do not** swim.

তোমরা ইংরেজী জান না—You **do not** know English.

সে আমাকে ভালবাসে না—He **does not** love me.

তাহারা মিথ্যা কথা বলে না—They **do not** tell a lie.

ভাল ছেলে সময় নষ্ট করে না—A good boy **does not** waste his time.

মন্দ ছেলেরা পড়ায় মন দেয় না—Bad boys **do not** mind their lessons.

2

আমি গান করি নাই—I **did not** sing.

আমরা হাসি নাই—We **did not** laugh.

তুমি আমাকে সাহায্য কর নাই—You **did not** help me.

সে আমাকে বলে নাই—He **did not** tell me.

তাহার পিতা ইহা জানিতেন না—His father **did not** know it.

Note :—'হওয়া' ভিন্ন অতীত কালের ক্রিয়াপদের সহিত 'না' বা 'নাই' থাকিলে, উহার ইংরেজী করিতে verbএর পূর্বে **did not** বসাইতে হয় এবং মূল verbটিকে Present Tenseএ রাখিতে হয়। যথা,—সাহায্য করিত=helped=did help. সুতরাং 'সাহায্য করিত না'=did not help.

3

আমি আজ স্কুলে যাইব না—I shall **not** go to school to-day.

তুমি দুঃখিত হইবে না—You will **not** be sorry.

তিনি ক্রুদ্ধ হইবেন না—He will **not** be angry.

তাহারা বায়োস্কোপে যাইবে না—They will **not** go to the cinema.

Note :—Future Tenseএ 'not' শব্দটি **shall** বা **will**এর পরে এবং মূল verbটির পূর্বে বসে।

4

ট্রেণখানা চলিতেছে না—The train is **not** running.

আমরা ঘুমাইতেছি না—We are **not** sleeping.

কুকুরটি ডাকিতেছিল না—The dog was **not** barking.

নক্ষত্রগুলি কিরণ দিতেছিল না—The stars were **not** shining.

সে কাজটি শেষ করে নাই—He has **not** finished the work.

আমরা খাই নাই—We have **not** taken our meals.

Note :—'Not' শব্দটি auxiliary verb অর্থাৎ am, is, are, was, were, has, have প্রভৃতি এবং মূল verbএর মধ্যে বসে।

Exercise 16

সে পড়ে না। তুমি গান গাও না। তাহারা স্কুলে যায় না। লোকটি হাসে না। ইন্দু এই কথা (this) বলে নাই। পাখীগুলি উড়িতেছে না। তিনি আজ রওনা হইবেন (start) না। তাহারা তোমাকে সাহায্য করিবে না। সূর্য উঠিতেছে না। আমরা ইহা জানিতাম না। গোপাল বইখানা তোমাকে দিবে না। আমরা মিথ্যাবাদীকে (liar) বিশ্বাস করি (trust) না। আমি জানালাটি (window) খুলি নাই। আমি ইহা ভুলিব (forget) না। সে আমটি খায় নাই।

LESSON 17

Interrogative Sentences with Verbs 'To be' and 'To have'

1

আমি কি লম্বা ?—**Am I tall ?**

আমরা কি মোটা ?—**Are we fat ?**

সে কি অসুস্থ ?—**Is he ill ?**

লোকটি কি অন্ধ ?—**Is the man blind ?**

এই ফুলগুলি কি সুন্দর ?—**Are these flowers beautiful ?**

2

আমি কি অনুপস্থিত ছিলাম ?—**Was I absent ?**

তুমি কি পীড়িত ছিলে ?—**Were you ill ?**

সে কি দয়ালু ছিল ?—**Was he kind ?**

তাহারা কি বোকা ছিল ?—**Were they foolish ?**

ঐ বালকগুলি কি নিষ্ঠুর ছিল ?—**Were those boys cruel ?**

3

তোমার কি ঘড়ি আছে ?—**Have you a watch ?**

তাহার কি ছুরি আছে ?—**Has he a knife ?**

তাহাদের কি ঘোড়া আছে ?—**Have they a horse ?**

বালকগুলির কি পেন্সিল আছে ?—**Have the boys pencils ?**

4

তোমার কি দোয়াত ছিল ?—**Had you an ink-pot ?**

তাহার কি আংটি ছিল ?—**Had he a ring ?**

বিমলের কি একটি বন্ধু ছিল—**Had** Bimal a friend ?

তাহাদের কি কলম ছিল ?—**Had** they pens ?

5

আমি কি বলবান্ নই ?—**Am** I **not** strong ?

সে কি তোমার ভগ্নী নয় ?—**Is** she **not** your sister ?

আমরা কি ভদ্রলোক নই ?—**Are** we **not** gentlemen ?

তুমি কি সুস্থ ছিলে না ?—**Were** you **not** well ?

তাহারা কি সুখী ছিল না ?—**Were** they **not** happy ?

বইখানা কি নূতন ছিল না ?—**Was not** the book new ?

তোমার কি জুতা নাই ?—**Have** you **no** shoes ?

তাহার কি চাকর নাই ?—**Has** he **no** servant ?

গাছটির কি পাতা নাই ?—**Has** the tree **no** leaves ?

তোমার কি কোট ছিল না ?—Had you **no** coat ?

তাহার কি টাকা পয়সা ছিল না ?—**Had** he **no** money ?

গাভীটির কি বাছুর ছিল না ?—**Had not** the cow a calf ?

যদু কি সুস্থ ছিল না ?—Was not Jadu well ?

রাম কি ভাল ছেলে না ?—**Is not** Ram a good boy ?

যদু কি সুস্থ ছিল না ?—**Was not** Jadu well ?

Note (i) :—প্রশ্ন জিজ্ঞাসা করা বুঝাইলে verbটি Nominative বা কর্তার পূর্বে বসে।

(2) Interrogative Sentence-এ 'Not' শব্দটি সাধারণত Noun-এর আগে এবং Pronoun-এর পরে বসে।

Exercise 17

আাম কি মোটা ? সে কি নিষ্ঠুর (cruel) ? যদু কি ভাল ছেলে ? এটা কি একটা কুকুর ? এটা কি গাছ নয় ? তাহার কি একটি লাঠি আছে ? পাখীটা কি লাল ছিল না ? গরুর কি লেজ নাই ? তাহার পিতা কি শিক্ষক নহেন ? চাকরটি কি সৎ (honest) ছিল ? ঘরটি কি বড় ছিল ? তোমার কি একটি পোষা কুকুর ছিল না ?

LESSON 18

Interrogative Sentences wtih Verbs other than Verbs 'To be' and 'To have'

1

সে কি গান গায় ?—**Does** he **sing ?**

সে কি গান গায় না ?—**Does** he **not sing** ?

তুমি ইংরেজী জান—You **know** English.

তুমি কি ইংরেজী জান ?—**Do** you **know** English ?

তুমি কি ইংরেজী জান না ?—**Do** you **not know** English ?

আমরা কি মিথ্যা কথা বলি ?—**Do** we **tell** a lie ?

আমরা কি সত্য কথা বলি না ?—**Do** we **not speak** the truth.

তাহারা কি ব্যায়াম করে ?—**Do** they **take** exercise ?

Note :—To be ও **to have** ভিন্ন অন্য কোন verb দ্বারা Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য) তৈয়ার করিতে হইলে Present Tenseএর পূর্বে **do** বা **does** বসাইতে হয়।

2

সে আসিয়াছিল—He **came.**

সে কি আসিয়াছিল ?—**Did** he **come** ?

সে আসে নাই—**Did** he not **come** ?

তুমি কি গল্পটি শুনিয়াছিলে ?—**Did** you **hear** the story ?

তুমি কি গল্পটি শুন নাই ?—**Did** you not **hear** the story.

তাহারা কি পাগলা কুকুরটিকে দেখিয়াছিল ?—**Did** they **see** the mad dog ?

Note :—To be ও **to have** ভিন্ন অন্য কোন verb দিয়া Interrogative Sentence তৈয়ার করিতে হইলে Past Tenseএ Subjectএর পূর্বে **did** বসাইতে হয় এবং মূল verbটিকে Present Tense রাখিতে হয়।

3

সে বাড়ী যাইবে—He **will go** home.

সে কি বাড়ী যাইবে ?—**Will** he **go** home ?

সে কি বাড়ী যাইবে না ?—**Will** he not **go** home ?

আমি কি তোমাকে সাহায্য করিব ?—**Shall** I **help** you ?

তুমি কি আজ ভাত খাইবে ?—**Will** you **take** rice to-day ?

তাহারা কি সভায় যোগদান করিবে না ?—**Will** they not **attend** the meeting ?

Note :—Interrogative Sentenceএ **shall** বা **will** Subjectএর পূর্বে বসে।

4

সে একখানি চিঠি লিখিতেছে—He **is writing** a letter.

সে কি একখানি চিঠি লিখিতেছে—**Is** he **writing** a letter.

সে কি একখানি চিঠি লিখিতেছে না—**Is** he not **writing** a letter.

তুমি কি তাহার সঙ্গে ঝগড়া করিতেছিলে ?—**Were** you **quarrelling** with him ?

তাহারা কি ঘুড়ি উড়াইতেছিল না ?—**Were** they not **flying** kites ?

সে কি একটি পুরস্কার পাইয়াছে ?—**Has** he **got** a prize ?

তোমরা কি ছবিটি দেখ নাই ?—**Have** you not **seen** the picture ?

Note :—Interrogative Sentenceএ **am, is, are, was, were, has, have** প্রভৃতি Auxiliary Verb **Subject**এর পূর্বে বসে।

Exercise 18

তুমি কি খেলা কর ? সে কি স্কুলে যায় ? যদু কি আমটি খাইয়াছিল ? তাহারা কি গানটা শুনিয়াছিল ? আমি কি অঙ্কটি কষিব ? তাহারা কি ফুটবল খেলিবে ? তুমি কি তোমার ভাইকে ভালবাস না ? সে কি তোমাকে ডাকে নাই ? তুমি কি গরুটা বিক্রয় করিবে না ? জেলেরা কি মাছ ধরিতেছে ? খোকা (baby) কি ঘুমাইতেছিল ? সূর্য কি উঠিয়াছে ? তিনি কি একটা বাড়ী তৈয়ার করিয়াছিলেন ? সে কি কাঁদিতেছে না ? তাহারা কি স্নান করিতেছিল না ?

LESSON 19

Interrogative Sentences with Interrogative Pronouns and Interrogative Adverbs

1

বালকটি কে ?—**Who is the boy ?**

এই বালিকাগুলি কে ?—**Who are these girls ?**

এটা কাহার বই ?—**Whose book is this ?**

তুমি কাহার ছেলে ?—**Whose son are you ?**

তুমি কাহাকে দেখিয়াছিলে ?—**Whom did you see ?**

সে কাহাকে ডাকিয়াছিল ?—**Whom did he call ?**

কোন্‌টি তোমার পেন্সিল ?—**Which is your pencil ?**

কোন্‌টি তোমার বোন ?—**Which is your sister ?**

তুমি কি করিতেছ ?—**What are you doing ?**

সে কি চায়—**What does he want ?**

Note :—Who, Which, What প্রভৃতি Interrogative Pronoun বা প্রশ্নবোধক বিশেষণ Sentenceএর প্রথমে বসে। Interrogative Sentenceএর Subjectটি Interrogative Pronoun হইলে Verbটি Subjectএর পরে বসে।

2

তুমি কখন ঘুমাও ?—**When do you go to bed ?**

সে কখন রওয়ানা হইয়াছিল ?—**When did he start ?**

তোমার ভাই কোথায় ?—**Where is your brother ?**

তাহারা কোথায় যাইতেছে ?—**Where are they going ?**

তোমরা হাস কেন ?—**Why do you laugh ?**

সে কাল অনুপস্থিত ছিল কেন ?—**Why** was he absent yesterday ?
তুমি ইহা কিরূপে জান ?—**How** do you know it ?
সে কেমন পরীক্ষা দিয়াছিল ?—**How** did he fare in the examination ?

Note :—When, where, how, why প্রভৃতি **Interrogative Adverb** sentenceএর প্রথমে বসে।

Exercise 19

এই লোকটি কে ? এটি কাহার বাড়ী ? আপনি কাহাকে পড়ান ? তুমি অঙ্কটি কিরূপে কষিলে ? তোমার বই কোথায় ? সূর্য কখন উঠে ? তোমরা গতকল্য কোথায় ছিলে ? তুমি কাঁদিতেছ কেন ? এটা কি ? তোমরা কখন বিছানা হইতে উঠ (get up) ? তোমার পিতার নাম কি ? গাড়ী কখন ছাড়ে (start) ? তুমি এরূপ (so) বলিয়াছিলে কেন ? কোন্‌টি তোমার দোয়াত ?

LESSON 20

Imperative Sentences

1

স্কুলে যাও—**Go** to school.
আমার পাশে বস—**Sit** by me.
তোমাদের বই খোল—**Open** your books.
বেঞ্চির উপর দাঁড়াও—**Stand up** on the bench.

সতর্ক হও—**Be** careful.

সর্বদা সত্য কথা বলিও—Always **speak** the truth.

অনুগ্রহ করিয়া আমায় একটি কলম দিন—Please **give** me a pen,

দয়া করিয়া আমাকে সাহায্য করুন—Kindly (বা please) **help** me.

Note :—যে সকল বাক্যে 'খাও', 'পড়', 'এস' প্রভৃতি ক্রিয়াপদ থাকে এবং আদেশ, উপদেশ বা অনুরোধ বুঝায়, উহাদের অনুবাদ Imperative Sentence দিয়া করিতে হয়। Imperative Sentenceএ Nominative বা কর্তা **'you'** সর্বদাই উহ্য থাকে।

2

দরজাটা বন্ধ করিও না—**Do not** shut the door.

সময় নষ্ট করিও না—**Do not** waste time.

অলস হইও না—**Do not** be lazy.

হাসিও না—**Don't** laugh.

অনুগ্রহ করিয়া বাহিরে যাইবেন না—**Please do not** go out.

Note :—নিষেধ করা বুঝাইলে ইংরাজীতে মূল Verbটির পূর্বে **do not** বসাইতে হয়। কখনও কখন **do not**এর স্থানে সংক্ষেপে **don't** লেখা হয়।

3

এখন সে পড়ুক (= এখন তাহাকে পড়িতে দাও)—**Let** him read now.

আমি এখন চেষ্টা করি—**Let** me try now.

চল আমরা বেড়াইতে যাই—**Let** us go to walk.

ছেলেরা খেলা করুক—**Let** the boys play.

আমায় এক গ্লাস জল দাও—**Let** me have a glass of water.

Note :—আদেশ বা অনুরোধ বুঝাইলে First ও Second person-এ Let verbটির ব্যবহার করিতে হয়।

Exercise 20

আমার কাছে এস। মিথ্যা কথা বলিও না। নরেন এখানে আসুক। গোলমাল করিও না। তোমার পিতার কাছে একখানি চিঠি লিখ। বোর্ডের (black board) দিকে তাকাও। তোমার নামটি আমাকে বল। বাতিটি জ্বাল (light)। আমি এই অঙ্কটি কষি। অহংকারী (proud) হইও না। এস আমরা গান করি। ক্লাসের মধ্যে কথা কহিও (talk) না। আমাকে একটি পয়সা দাও। অনুগ্রহ করিয়া আমাকে বাহিরে যাইতে দিন। মেঝের উপর থুথু ফেলিও (spit) না।

LESSON 21

The Voice

1

দিল্লী যমুনার তীরে অবস্থিত—Delhi stands on the Jumna.

নদী পর্বত হইতে বাহির হয়—Rivers issue from mountains.

শিশুরা মিঠাই ভালবাসে—

(i) Children love sweets. (Active)

(ii) Sweets are loved by children. (Passive)

জাপানীরা ব্রহ্মদেশ অধিকার করিয়াছিল—

(i) The Japanese occupied Burma. (Active)

(ii) Burma was occupied by the Japanese. (Passive)

ম্যাজিস্ট্রেট সাহেব আমাদের স্কুল পরিদর্শন করিবেন—

(i) The Magistrate will visit our school. (Active)

(ii) Our school will be visited by the Magistrate. (Passive)

Note :—Intransitive verb-এর শুধু Active Voice হয়। Transitive Verb-এর Active ও Passive এই দুই প্রকার Voice-ই হইতে পারে।

2

মন্টু একটি কবিতা আবৃত্তি করিতেছে—

(i) Mantu **is reciting** a poem. (Active)
(ii) A poem **is being recited** by Mantu. (Passive)

সে চারাগাছগুলিতে জল দিতেছিল—

(i) He **was watering** the plants. (Active)
(ii) The plants **were being watered** by him. (Passive)

ঈশ্বর আমাদিগকে সৃষ্টি করিয়াছেন—

(i) God **has created** us. (Active)
(ii) We **have been created** by God. (Passive)

আমি একটি সভা আহ্বান করিয়াছি—

(i) I **have called** a meeting. (Active)
(ii) A meeting **has been called** by me. (Passive)

3

গল্পটি বল—(i) **Relate** the story. (Active)
(ii) **Let** the story **be related** by you. (Passive)

ভ্রমগুলি সংশোধন কর—

(i) **Correct** the mistakes. (Active)
(ii) **Let** the mistakes **be corrected**. (Passive)

মিথ্যা কথা বলিও না—(i) **Do not tell** a lie. (Active)
(ii) **Let** not a lie **be told**. (Passive)

সে অঙ্কটি করুক—(i) **Let** him **do** the sum. (Active)
(ii) **Let** the sum **be done** by him. (Passive)

Note :—Active Voice-এর Verb-টির Imperative Mood হইলে Passive Voice-এ বাক্যের প্রথমে **let** এবং Past Participle-এর পূর্বে **be** বসাইতে হয়।

4

গোপালবাবু আমাদিগকে ইতিহাস পড়ান—

(i) Gopal Babu teaches **us history.** (Active)

(ii) **We** are taught **history** by Gopal Babu. (Passive)

(iii) **History** is taught **us** by Gopal Babu. (Passive)

আমি তাহার অপরাধ মার্জনা করিলাম—

(i) I forgave **him** his **fault.** (Active)

(ii) **He** was forgiven his **fault** be me. (Passive)

(iii) His **fault** was forgiven **him** by me. (Passive)

Note :—Active Voice-এ Verb-এর দুইটি object থাকিলে Passive voice-এ যে কোনটিকে Subject রূপে ব্যবহার করা যায়। আর যে Objectটি বাকী থাকে উহাকে Retained Object বলা হয়।

5

মমতা একটি সুমিষ্ট গান গাহিয়াছিল—

(i) Mamata sang **a** sweet **song.** (Active)

(ii) A sweet **song** was sung by Mamata. (Passive)

কুকুরটার উপর দিয়া একটি গরুর গাড়ী চলিয়া গেল—

(i) A cart **ran over** the dog. (Active)

(ii) The dog **was run over** by a cart. (Passive)

আমি মহেশকে ডাকিয়া পাঠাইয়াছি—

(i) I **have sent for** Mahesh. (Active)

(ii) Mahesh **has been sent for** by me. (Passive)

Note :—Intransitive Verb-এর Cognate object থাকিলে কিংবা Intransitive verb, Preposition থেকে Transitive হইলে উহার Passive voice হইতে পারে।

6

আমি গুরুদাস বাবুকে চিনি—

(i) I know Gurudas Babu. (Active)

(ii) Gurudas Babu is known to me. (Passive)

তাহার আচরণে আমি বিস্মিত হইলাম—

(i) His conduct surprised me. (Active)

(ii) I was surprised at his conduct. (Passive)

এই বইখানিতে দশটি ছোট গল্প আছে—

(i) This book contains ten short stories. (Active)

(ii) Ten short stories are contained in this book. (Passive)

Note :—Active Voice-এর Subjectটি Passive Voice-এ কখন কখন by ভিন্ন অন্য Preposition-এর object হইয়া থাকে।

7

তোমার ভুল হইয়াছে—You are **mistaken**.

রোমনগর একদিনে নির্মিত হয় নাই—Rome **was not built** in a day.

গঙ্গারামের ছয় মাসের জেল হইয়াছিল—Gangaram **was sentenced** to six months' imprisonment.

Note :—অনেক সময় বাংলায় কর্তৃবাচ্যে থাকিলেও উহার অনুবাদে Passive voice ব্যবহৃত হয়। এরূপ স্থলে প্রায়ই Agent-এর উল্লেখ থাকে না।

8

বাড়ীখানি তৈয়ারী হইতেছে—The house **is building**.

বইখানা ছাপা হইতেছে—The book **is printing**.

গোলাপের গন্ধ মিষ্ট—The rose **smells** sweet.

বিছানাটা শক্ত লাগে—The bed **feels** hard.

Note :—কোন কোন Verb Active voice-এ থাকিয়াও Passive voice-এর অর্থ প্রকাশ করিয়া থাকে। ইহাদিগকে Quasi-Passive verb বলা হয়।

Exercise 21

Translate into English using both the Active and the Passive voice, where possible :—

ইহা গত বৎসর ঘটিয়াছিল। আমি উপন্যাস পড়ি না। ইঁদুরগুলি একদিন একটি সভা করিল (to hold a meeting)। তিনি একখানা মোটরগাড়ী কিনিবেন। সে একটি চিঠি লিখিতেছে। আমরা তখন ঘুড়ি উড়াইতেছিলাম। তিনি আমাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করিবেন। তোমার অভিলাষ পূর্ণ হইবে (to fulfil)। চাকরটিকে বরখাস্ত করা হইল। আমরা তাহার সাহস দেখিয়া (at) বিস্মিত হইলাম (to wonder)। বিদ্বান লোকেরা সর্বত্র (everywhere) সম্মানিত হন। আউস ধান বর্ষাকালে কাটা হয় (to reap)। কলম্বস আমেরিকা আবিষ্কার করেন। দরিদ্র লোকদিগকে অবজ্ঞা করিও না। কুইনাইন খাইতে তিক্ত (bitter) লাগে। অষ্ট্রেলিয়ায় প্রচুর স্বর্ণ পাওয়া যায়। বালকটিকে সপ্তম শ্রেণীতে ভর্তি করা হইয়াছে (to admit)। বইখানা বেশ ভাল বিক্রি হচ্ছে। তিনি আমাকে পঞ্চাশটি টাকা দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। এই আমটি খাইতে টক (sour) লাগে। তিনি আমার উপর অসন্তুষ্ট হইয়াছিলেন। আজ প্রাতঃকালে একটি মেয়ে মোটর চাপা পড়িয়াছে (to be run over)। তিনি আমার অনুরোধ রক্ষা করিবেন (to comply with)। আমি তাহাকে পাঁচ শত টাকা ধার দিয়াছিলাম। অন্ধ লোকটিকে উপহাস করিও না (laugh at) না। গাভীটি দোহন করা হইতেছে (is milking)। ছাতাটি (umbrella) কি নূতন ছিল? তিনি কি ডাক্তার (doctor)? দিনটা কি পরিষ্কার (fine) ছিল? অমল কি তোমার বন্ধু ছিল না? মাখন (butter) কি নরম নয়?

LESSON 22

The Present Tense

1

আমি গান করি—I **sing.**

আমরা ঘুমাই—We **sleep.**

তুমি খেলা কর—You **play.**

সে লেখে—He **writes.**

তাহারা পড়ে—They **read.**

কুকুর ঘেউ ঘেউ করে—The dog **barks.**

কুকুরেরা ঘেউ ঘেউ করে—Dogs **bark.**

Note :—Subject বা কর্তা third person, singular number হইলে অর্থাৎ he, she, it বা কোন singular noun হইলে, verbএর শেষে s বা es যোগ করিতে হয়.

2

আমি চন্দ্র দেখি—I **see** the moon.

আমরা ভাত খাই—We **eat** rice.

তুমি ইংরেজী পড়—You **read** English.

সে ঘুড়ি উড়ায়—He **flies** a kite.

তাহারা মাছ ধরে—They **catch** fish.

লীলা ভাত রাঁধে—Lila **cooks** rice.

Note :—বাংলায় প্রথমে কর্তা, তারপর কর্ম এবং কর্মের পরে ক্রিয়া বসে ; কিন্তু ইংরাজীতে subject বা কর্তার পরে verb বা ক্রিয়া এবং verbএর পরে object বা কর্ম বসে।

3

তিনি আজ রাত্রে এখানে আসিবেন—He comes here to-night.

রাম আজ কাজে যোগদান করিবে—Ram joins his office to-day.

আগামী সোমবার হইতে আমাদের পূজার ছুটি আরম্ভ হইবে—Our Puja vacation commences on Monday next.

Note :—Near future (অদূর ভবিষ্যৎ) বুঝাইলে কখন কখন Present Indefinite Tense ব্যবহার করা হইয়া থাকে।

4

সে আসিবার পূর্বেই আমি যাত্রা করিব—I shall start before he comes.

যদি বৃষ্টি না হয় আমি বেড়াইতে বাহির হইব—I shall go out for a walk if it does not rain.

সে এখানে আসিলে তুমি বাড়ী যাইবে—You go home after he comes here.

গাড়ী থামা পর্যন্ত অপেক্ষা করিবে—Wait till the train stops.

Note :—যদি if, when, before, till, after ইত্যাদি Subordinate clause হয়, তাহা হইলে Future Tense-এর পরিবর্তে Present Indefinite Tense হইবে।

5

শত্রুগণ অগ্রসর হইল ও নগর অবরোধ করিল—The enemy advances and besieges the town.

সৈন্যগণ নদী পার হইল এবং হঠাৎ শত্রুকে আক্রমণ করিল—The army crosses the river and takes the enemy by surprise.

LESSON 22

The Present Tense

1

আমি গান করি—I **sing.**

আমরা ঘুমাই—We **sleep.**

তুমি খেলা কর—You **play.**

সে লেখে—He **writes.**

তাহারা পড়ে—They **read.**

কুকুর ঘেউ ঘেউ করে—The dog **barks.**

কুকুরেরা ঘেউ ঘেউ করে—Dogs **bark.**

Note :—Subject বা কর্তা third person, singular number হইলে অর্থাৎ he, she, it বা কোন singular noun হইলে, verbএর শেষে s বা es যোগ করিতে হয়.

2

আমি চন্দ্র দেখি—I **see** the moon.

আমরা ভাত খাই—We **eat** rice.

তুমি ইংরেজী পড়—You **read** English.

সে ঘুড়ি উড়ায়—He **flies** a kite.

তাহারা মাছ ধরে—They **catch** fish.

লীলা ভাত রাঁধে—Lila **cooks** rice.

Note :—বাংলায় প্রথমে কর্তা, তারপর কর্ম এবং কর্মের পরে ক্রিয়া বসে ; কিন্তু ইংরাজীতে subject বা কর্তার পরে verb বা ক্রিয়া এবং verbএর পরে object বা কর্ম বসে।

3

তিনি আজ রাত্রে এখানে আসিবেন—He comes here to-night.

রাম আজ কাজে যোগদান করিবে—Ram joins his office to-day.

আগামী সোমবার হইতে আমাদের পূজার ছুটি আরম্ভ হইবে—Our Puja vacation commences on Monday next.

Note :—Near future (অদূর ভবিষ্যৎ) বুঝাইলে কখন কখন Present Indefinite Tense ব্যবহার করা হইয়া থাকে।

4

সে আসিবার পূর্বেই আমি যাত্রা করিব—I shall start before he comes.

যদি বৃষ্টি না হয় আমি বেড়াইতে বাহির হইব—I shall go out for a walk if it does not rain.

সে এখানে আসিলে তুমি বাড়ী যাইবে—You go home after he comes here.

গাড়ী থামা পর্যন্ত অপেক্ষা করিবে—Wait till the train stops.

Note :—যদি if, when, before, till, after ইত্যাদি Subordinate clause হয়, তাহা হইলে Future Tense-এর পরিবর্তে Present Indefinite Tense হইবে।

5

শত্রুগণ অগ্রসর হইল ও নগর অবরোধ করিল—The enemy advances and besieges the town.

সৈন্যগণ নদী পার হইল এবং হঠাৎ শত্রুকে আক্রমণ করিল—The army crosses the river and takes the enemy by surprise.

আকবর প্রকাণ্ড সৈন্যদলসহ রাণা প্রতাপের বিরুদ্ধে অগ্রসর হইলেন—Akbar marches against Rana Pratap with a large army.

Note :—অনেক সময় অতীত ঘটনাকে জীবন্ত করিয়া বর্ণনা করিবার জন্য Past Tense (অতীত কাল) এর পরিবর্তে Present Indefinite Tense ব্যবহার করা হয়। ইহাকে Historic Present বলে।

Exercise 22

1. Translate into English :—

(*a*) আমি প্রত্যহ প্রাতঃকালে নদীর ধারে বেড়াই। আমরা ১০টার সময় স্কুলে যাই। সীতা বাবার কাছে ইংরেজী পড়ে। সে সর্বদা বাজে বকে। পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিয়া থাকে। আমরা আজ রাত্রে মধুপুর রওনা হইব। আমাদের স্কুল শনিবার বন্ধ হইবে। আমি শুনিতেছি সে আগামীকল্য এলাহাবাদে যাইবে। যদি পারি সেখানে পৌছিয়াই তোমাকে পত্র দিব। তাহার সহিত দেখা হইলে একথা তাহাকে জিজ্ঞাসা করিব। বৃষ্টি একটু না ধরা পর্যন্ত এখানে অপেক্ষা কর।

(*b*) গোপাল বড় ভাল ছেলে। সে প্রত্যহ মন দিয়া লেখা পড়া করে। প্রত্যহ সকালে সে তাহার বাবার নিকট ইংরেজী পড়ে। সেজন্য সে ক্লাশে ভাল পড়া বলিতে পারে। শিক্ষক মহাশয়গণ গোপালকে বড় ভালবাসেন। গোপাল তাহার ভাই বোনেদের খুব ভালবাসে ; কখনও তাহাদের সহিত ঝগড় করে না। প্রত্যহ বিকালে তাহাদের সহিত খেলা করে। শুনিতেছি আগামী সোমবার সে একা দেওঘর বেড়াইতে যাইবে। যদি পারে সেখানে পৌছিয়াই সে তাহার বাবাকে পত্র দিবে। সেখানে সে যাহা যাহা দেখিবে তাহার সহিত দেখা হইলে সেকথা তাহাকে জিজ্ঞাসা করিব।

LESSON 23

The Past Tense

1

আমি দৌড়াইয়াছিলাম—I **ran**.

আমরা গান গাহিয়াছিলাম – We **sang**.

তুমি খেলিয়াছিলে—You **played**.

সে শ্লেটটি ভাঙ্গিয়াছিল—He **broke** the slate.

তাহারা আমাকে ডাকিয়াছিল—They **called** me.

বালকটি মিথ্যা কথা বলিয়াছিল – The boy **told** a lie.

গোপাল একখানা চিঠি লিখিয়াছিল—Gopal **wrote** a letter.

কানু দরজাটি বন্ধ করিয়াছিল—Kanu **shut** the door.

Note :—Past Tenseএ verb **to be'** ছাড়া অন্য কোন verb-এর person বা number-ভেদে আকারের কোন পরিবর্তন হয় না। যথা,—**I sang** ; we **sang** ; you **sang** ; they **sang**.

2

কলিকাতায় থাকিতে আমি খুব সকাল সকাল আহার করিতাম—While in Calcutta, I used to take my meals very early.

সে প্রত্যহ সকালে নিয়মিত ব্যায়াম করিত—**He** used to take regular exercise every morning.

আমার মা রোজ সন্ধ্যায় রামায়ণ পড়িতেন—My mother used to read the Ramayana every evening.

Note :—অতীতকালের নিয়মিত অভ্যাস বুঝাইলে Verb এর পূর্বে used to এবং অনিয়মিত ভাবে অনুষ্ঠিত অভ্যাস বুঝাইলে would ব্যবহার করিয়া

অনুবাদ করিতে হয়। কিন্তু অতীতকালের নিয়মিত অভ্যাস না বুঝাইলে Past Indefinite Tenseই ব্যবহার করিতে হয়। যেমন :—

তিনি কেবল চক্ষু-রোগের চিকিৎসা করিতেন—He treated cases of eye-disease only.

আমরা প্রতি মুহূর্তে আপনার অভাব অনুভব করিতাম—We missed you every moment.

3

ইহাতে বুঝিলাম, তুমি কোনও কাজের লোক নও—I understand from this that you are a good-for-nothing fellow.

আমি আবার প্রথম পরিচ্ছেদ হইতে সুরু করিলাম—I commence again from the first chapter.

Note :—বাংলা ক্রিয়াপদের Past Indefinite Tense-এর আকার থাকিলেও ইংরাজীতে অনেক সময় Present Indefinite Tense দিয়া তাহার অনুবাদ করিতে হয়।

4

রাত্রি হইতে ঝড় বৃদ্ধি পাইতে লাগিল—The storm began to increase at nightfall.

খাদ্য সামগ্রীর মূল্য সাঁ সাঁ করিয়া বাড়িতে লাগিল—The price of food-stuffs began to increase by leaps and bounds.

বন্দুকের আওয়াজে হরিণগুলি ভয়ে ছুটাছুটি করিতে লাগিল—The deer began to run about in fear at the report of the gun.

Note :—'পাইতে লাগিল', 'বাড়িতে লাগিল', 'করিতে লাগিল' ইত্যাদি আকারের ক্রিয়াপদের অনুবাদে ইংরাজীতে' began, continued, went on প্রভৃতি ব্যবহার করিতে হয়। কখনও কখনও Verb-এর Past Indefinite Tense ব্যবহার করিয়াও এই প্রকার ক্রিয়ার অনুবাদ করা হইয়া থাকে।

5

দয়া করিয়া বাজারের পথটা দেখাইয়া দিবেন কি ?—Would you show me the way to the market ?

অনুগ্রহ পূর্বক কিছু ধার দিয়া আমাকে সাহায্য করুন—Could you help me with a loan ?

ক্লাস হইতে যাইতে পারি কি ?—Might I be allowed to leave the class ?

Note :—ভদ্রতা বুঝাইবার জন্য বর্তমানকালেও Past Indefinite Tense কখনও কখনও ব্যবহৃত হয়।

Exercise 23

Translate into English :—

(a) আমি ভিখারিনীকে কয়েকটি পয়সা দিলাম। সে আমাকে দার্জিলিং হইতে পত্র লিখিয়াছিল। তাহার সামান্য পৈতৃক সম্পত্তি ছিল। নিউটন মাধ্যাকর্ষণ (the law of gravitation) আবিষ্কার করিয়াছিলেন। কৃষ্ণ যমুনা তীরে কদম্বতলে বাঁশী বাজাইতেন। তিনি প্রত্যহ প্রাতঃকালে বাড়ীর নিকটবর্তী ময়দানে ভ্রমণ করিতেন। তিনি আমাকে ঘৃণার চক্ষে দেখিতেন। ইহাতে বুঝিলাম, তুমি সংসারাভিজ্ঞ নও। নদীর জল হু হু করিয়া বাড়িতে লাগিল। রাত্রি হইতে ঝড় কমিতে লাগিল। স্ত্রীলোকটি ভয়ে কাঁপিতে লাগিল। আমি দিনে ভাত খাইতাম এবং রাত্রিতে রুটি খাইতাম। স্কুল-পরিদর্শক কাল আমাদের স্কুল দেখিতে আসিয়াছিলেন।

(b) এক অশ্ব একাকী মাঠে চরিয়া বেড়াইত। কিছুদিন পরে এক হরিণ সেই মাঠে আসিল এবং ইচ্ছামত ঘাস খাইতে লাগিল। তাহাতে অশ্বের অতিশয় অসুবিধা ঘটিল। অশ্ব হরিণকে জব্দ করিবার চেষ্টা পাইতে লাগিল। কিন্তু

কিছুতেই কিছু করিতে পারিল না। অবশেষে সে এক মনুষ্যকে নিকটে দেখিয়া তাহার নিকট সাহায্য ভিক্ষা করিল। মনুষ্য অশ্বকে তাহার বাহন হইতে বলিল। অশ্ব সম্মত হইল, মনুষ্য তৎক্ষণাৎ অশ্বের পৃষ্ঠে আরোহণ করিয়া নিজ বাড়ীতে গেল। তদবধি অশ্ব মনুষ্যজাতির বাহন হইল।

LESSON 24

The Future Tense

1

আমি সুখী হইব—I shall be glad.

আমরা ধনী হইব—We shall be rich.

তুমি সুস্থ হইবে—You will be well.

সে সুখী হইবে—He will be happy.

তাহারা দুঃখিত হইবে—They will be sorry.

এই বালক বড় লোক হইবে—This boy will be a great man.

শিক্ষক মহাশয় রাগান্বিত হইবেন—The teacher will be angry.

2

আমি গান গাহিব—I shall sing.

আমরা বেড়াইব—We shall take a walk.

তুমি একটি পুরস্কার পাইবে—You will get a prize.

সে স্কুলে যাইবে—He will go to school.

তাহারা ফুটবল খেলিবে—They will play football.

সূর্য অস্ত যাইবে—The sun will set.

বালকগুলি আজ যাদুঘর দেখিবে—The boys **will** visit the museum to-day.

Note :—Present Tenseএর verbএর পূর্বে first person এ '**shall**' এবং second ও third personএ '**will**' বসাইয়া Future Tense তৈয়ার করিতে হয়।

3

জাহাজখানি মাদ্রাজে যাইবে—The ship is bound for Madras.
আহারান্তে কিছুক্ষণ বিশ্রাম করিবে—Take some rest after meals.
এখানে প্রস্রাব ও মলত্যাগ করিবে না—Commit no nuisance here.

Note :—অনেক সময় ভবিষ্যৎকালের ক্রিয়া থাকিলেও Present Indefinite Tense দিয়া তাহার অনুবাদ করিতে হয়।

Exercise 24

1. Translate into English :—

আমরা যাইব। সে ঘুমাইবে। যদু ভাত খাইবে। সে কেরানী (clerk) হইবে। আমি দরজাটি বন্ধ করিব (shut)। তিনি পরেশকে পাঠাইবেন। গরুগুলি ঘাস খাইবে। আমরা প্রস্তুত (ready) হইব। বালকটি সতর্ক (careful) হইবে। রমেশ একখানি চিঠি লিখিবে। আমি গাছটিতে উঠিব (climb)। আকাশ মেঘাচ্ছন্ন (cloudy) হইবে। গাভীটি আমাদিগকে দুগ্ধ দিবে। শিক্ষক মহাশয় তোমাকে শাস্তি দিবেন (punish)। দরওয়ান ঘণ্টা বাজাইবে।

(b) প্রত্যহ সকালে বিছানা হইতে উঠিবে। উঠিয়া রোজ ভগবানের নিকট প্রার্থনা করিবে। তারপর হাতমুখ ধুইবে। হাতমুখ ধুইয়া নিকটবর্তী পার্কে কিছু সময়ের জন্য বেড়াইবে। সেখান হইতে ফিরিয়া খাবার খাইবে। তারপর পড়িতে বসিবে। মন দিয়া পড়াশুনা করিবে। তাহা হইলে ক্লাসে ভাল পড়া বলিতে পারিবে এবং শিক্ষক মহাশয়গণ তোমাকে ভালবাসিবেন।

LESSON 25

The Present Continuous Tense

1

আমি পড়িতেছি—I am reading.

আমরা গান করিতেছি—We are singing.

তুমি খেলা করিতেছ—You are playing.

তোমরা ঘুড়ি উড়াইতেছ—You are flying kites.

সে কাঁদিতেছে—He is weeping

তাহারা পড়া শিখিতেছে—They are learning their lessons.

সূর্য উঠিতেছে—The sun is rising.

নদী প্রবাহিত হইতেছে—The river is flowing.

প্রদীপগুলি জ্বলিতেছে—The lamps are burning.

নক্ষত্রগুলি কিরণ দিতেছে—The stars are shining.

Note :—যে সকল ক্রিয়াপদের শেষে 'ইতেছি', 'ইতেছ' বা 'ইতেছে' থাকে তাহাদের ইংরেজী করিতে হইলে Nominativeএর পরে am, is, are বসাইয়া Verbএর সঙ্গে ing যোগ করিতে হয়।

2

আমি তোমাকে একখানি সুন্দর ছবি দিতেছি—I give you a pretty picture.

কেন তুমি আমাকে বিরক্ত করিতেছ ?—Why do you vex me ?

কেন তাহার মনে কষ্ট দিতেছ ?—Why do you wound the feelings of his mind ?

Note :—বক্তার বলার সঙ্গে সঙ্গেই যেখানে কাজ হইতেছে সেখানে ক্রিয়াপদে Continuous Tense-এর from থাকিলেও Present Indefinite Tense ব্যবহার করা হইয়া থাকে।

3

তুমি কবে কলিকাতা রওনা হইবে ?—When are you leaving for Calcutta ?

তুমি কি আজ বেড়াইতে যাইবে না ?—Are you not going to have a walk to-day ?

Note :—কখনও কখনও ভবিষ্যৎকালের অর্থ বুঝাইতে Present Continuous Tense ব্যবহৃত হইয়া থাকে।

4

আমি জ্বর জ্বর বোধ করিতেছি—I feel feverish.

আমার হাসি পাইতেছে—I feel inclined to laugh.

এই বইখানি পড়িতে বেশ লাগিতেছে—This book reads well.

বৃষ্টি পড়িতেছে—It rains.

দরজা বন্ধ করিতেছ কেন ?—Why do you shut the door ?

Note :—বাংলায় Present Continuous Tense-এর অনুবাদে অনেক স্থলে Present Indefinite Tense ব্যবহার করিতে হয়।

Exercise 25

Translate into English :—

আমি বেড়াইতেছি। আমরা স্নান করিতেছি (bathing)। বালকগুলি সাঁতার কাটিতেছে। অমল বিমলকে মারিতেছে। গরুটি ঘাস খাইতেছে। আমি একটি অঙ্ক কষিতেছি। সূর্য অস্ত যাইতেছে (setting)। নরেন গাছে উঠিতেছে। তাহারা চা খাইতেছে (taking)। জেলেরা (fishermen)

মাছ ধরিতেছে। তোমরা সময় নষ্ট করিতেছ (wasting)। সিংহটি গর্জন করিতেছে (roaring)। বাতাস বহিতেছে (blowing)। শরৎ বাবু আমাদিগকে পড়াইতেছেন। বালকগুলি গোলমাল করিতেছে।

(b) তুমি এখানে কি করিতেছ? চুপ চাপ করিয়া কি ভাবিতেছ? তোমাকে আজ বিষন্ন দেখাইতেছে। জ্বর আসিতেছে কি? তোমার বড় ভাই সুনীল তোমাদের ছাড়িয়া বিলাত যাইতেছে? কবে যাইবে? আগামী কল্য বম্বে হইতে রওনা হইতেছে? ইহাতে তুমি বিষণ্ণ হইতেছ কেন? তোমার কথা শুনিয়া হাসি পাইতেছে। তুমি যাইতে চাহিতেছ বলিয়া তোমার পিতা রাগে গর গর করিতেছেন? যাই বল ভাই, তুমি কিন্তু সামান্য বিষয় লইয়া হুলস্থূল করিতেছ। চল, আমি তোমার পিতাকে বুঝাইয়া বলিতেছি।

LESSON 26

The Past Continuous Tense

1

আমি ঘুমাইতেছিলাম—**I was sleeping.**

আমরা কথা বলিতেছিলাম—**We were talking.**

তুমি ইংরেজী পড়িতেছিলে—You **were reading** English.

তোমরা বায়স্কোপে যাইতেছিলে—You **were going** to the cinema.

সে তাহার পাঠ বলিতেছিল—He **was saying** his lessons.

তাহারা চন্দ্র দেখিতেছিল—They **were looking** at the moon.

পাখীটা উড়িতেছিল—The bird **was flying.**

বালকগুলি মানচিত্র আঁকিতেছিল—The boys **were drawing** maps.

Note :—যে সকল ক্রিয়াপদের শেষে 'ইতেছিলাম', ইতেছিলে' বা 'ইতেছিল' থাকে, তাহাদের ইংরেজী করিতে হইলে Nominative-এর পরে **was** বা **were** বসাইয়া মূল verbটির সঙ্গে **ing** যোগ করিতে হয়।

2

তিনি নিবিষ্ট চিত্তে একখানি উপন্যাস পড়িতেছিলেন—He was deeply absorbed in reading a novel.

সভাশুদ্ধ লোক তন্ময় হইয়া ভারতের প্রধানমন্ত্রী জওহরলালজীর বক্তৃতা শ্রবণ করিতেছিল—The whole assembly was all attention to the speach of Jowharlal, Prime minister of India.

Note :—অনেক সময় Past Indefinite Tense দ্বারা Past Continuous Tense-এর অর্থ প্রকাশ করা হয়।

Exercise 26

Translate into English :—

বালকটি দৌড়াইতেছিল। কুকুরটি ডাকিতেছিল। তোমরা হাসিতেছিলে। একটা কাক উড়িতেছিল। সূর্য উঠিতেছিল। বানরগুলি (monkeys) গাছে উঠিতেছিল। কুকুরটা একটা খাল পার হইতেছিল (crossing)। নৌকাটি ডুবিতেছিল (sinking)। শোভা ফুল তুলিতেছিল (plucking)। গাধাটা ডাকিতেছিল (braying)। তিনি একটা গল্প (story) বলিতেছিলেন। গোপাল একখানা বই কিনিতেছিল। চাষারা (peasants) একটি ক্ষেত চাষ করিতেছিল (ploughing)। ছুতার (carpenter) একটি টেবিল তৈয়ার করিতেছিল। সে আমাকে ঘৃণার চক্ষে দেখিতেছিল। শত্রুপক্ষ বিমান হইতে ঘন ঘন বোমা বর্ষণ করিতেছিল। ছাত্রগণ তন্ময় হইয়া সন্ন্যাসীর বক্তৃতা শুনিতেছিল। তিনি অসাক্ষাতে আমার নিন্দা করিতেছিলেন।

(b) সেদিন আমরা নদীতে স্নান করিতেছিলাম। তখন তোমরা সবুজ মাঠে খেলা করিতেছিলে। পাশে একপাল গরু মাঠে চরিতেছিল। নদীটি কুলুকুলু রবে বহিয়া যাইতেছিল। বিহগকুল কুলায়ে ফিরিতেছিল। মন্দ মন্দ বায়ু বহিতেছিল। আমরাও বাড়ীর দিকে রওনা হইব বলিয়া ভাবিতেছিলাম। কিন্তু সে দৃশ্য দেখিয়া আমরা সে স্থান ত্যাগ করিতে পারিলাম না।

LESSON 27

The Future Continuous Tense

আমি কাল হইতে ফরাসী ভাষা শিখিতে থাকিব—I shall be learning French from to-morrow.

পাখীগুলি প্রাতঃকালে কিচির মিচির করিতে থাকিবে—The birds will be chirping at day-break.

আগামীকাল হইতে তাহারা কাজ করিতে আসিবে—They will be working from to-morrow.

সন্ধ্যার পূর্বে পাখীগুলি বাসায় ফিরিতে থাকিবে—The birds will be returning to their nests before evening.

Note :—কোন কাজ ভবিষ্যতে হইতে থাকিবে বুঝাইলে Future Continuous Tense হয়। Future Continuous Tense-এ Verb-এর শেষে ing এবং আগে shall be বা will be ব্যবহার করিতে হয়।

Exercise 27

সে এখন রামায়ণ পড়িতে থাকিবে। বালকটি আগামীকাল হইতে বিদ্যালয়ে যাইতে থাকিবে। তোমার অনুপস্থিতিতে আমরা নানারূপ অসুবিধা ভোগ

করিতে থাকিব। চাষারা বর্ষাকালে জমিতে লাঙ্গল দিতে থাকিবে। পাখীগুলি প্রাতে গান করিতে থাকিবে। তোমরা যতই বড় হইবে ততই বিভিন্ন ধরণের (different types) লোকের সংস্পর্শে আসিতে থাকিবে (to come into contact with).

LESSON 28

The Present Perfect Tense

1

এইমাত্র সূর্য অস্ত গিয়াছে—The sun has just set.
বাতিটা নিবিয়া গিয়াছে—The lamp has gone out.
আমি চা খাইয়াছি—I have had my tea.

Note :—কোন কাজ এইমাত্র শেষ হইয়াছে কিন্তু উহার ফল এখনও চলিতেছে এরূপ বুঝাইলে Verb-এর Present Perfect Tense হয়। বাংলায়—য়াছি,—য়াছে,—য়াছ ইত্যাদি ক্রিয়া শেষে থাকিলে উহার ইংরেজীতে অনুবাদ করিতে সাধারণতঃ Present Perfect Tense ব্যবহৃত হয়।

2

পূর্বে তাহার স্বাস্থ্য বেশ ভাল ছিল—He has been very healthy in the past.
আগে তাহারা খুব ধনী ছিল—They have been very rich before.

Note :—অতীতে যাহা ছিল, অথচ বর্তমানে নাই, তাহা বুঝাইতে Present Perfect Tense ব্যবহৃত হয়।

3

তিনি এখানে আসিয়াছেন—He has arrived here.
আমরা গতকল্য এখানে আসিয়াছি—We arrived here yesterday.

মণ্টুর পিতা গত সপ্তাহে মারা গিয়াছেন—Mantu's father died last weak.

তিনি গত বৎসর এই কারবারটি খুলিয়াছেন—He started the business last year.

Note :—Sentence-এ অতীত সময়ের উল্লেখ থাকিলে বাংলা ক্রিয়াপদের Present Perfect Tense Past Tense দিয়া ব্যবহার করিতে হয়।

4

আমরা আজ সকালে স্নান করি নাই—We have not bathed this morning.

ছেলেটা ভদ্র ব্যবহার শিখে নাই—The boy has not learnt good manners.

আমি কখনও আগ্রা যাই নাই—I have never been to Agra.

Note :—যাই নাই, করি নাই, শিখে নাই ইত্যাদি Negative Form-এর ক্রিয়াপদের অনুবাদে ইংরেজীতে সাধারণতঃ Present Perfect Tense ব্যবহার করা হয়। আবার Past Tenseও ব্যবহার করা হয়। যেমন—

এবার পূজার বন্ধে তুমি পুরী যাও নাই কেন ?—Why did you not go to Puri duing the Puja vacation this year ?

5

সূর্য অস্ত গিয়াছে—The sun is set.

তোমার সর্বনাশ হইয়াছে—You are undone.

সেদিন চলিয়া গিয়াছে—Those days are gone.

Note :—বাংলায় ক্রিয়াপদে Present Perfect Tense-এর আকার থাকিলেও উহার ইংরেজী অনুবাদে অনেক সময় Present Indefinite Tense ব্যবহার করা হইয়া থাকে।

6

কলিকাতা পৌঁছিলে আমাকে একখানা চিঠি দিও—Please drop a letter to me when you have reached Calcutta.

আমি এই অধ্যায় শেষ না করিলে পাবলিশার্স বইখানি ছাপিতে পারে না – The publishers can not print the book before I have finished the chapter.

Note :—Subordinate Clause-এর পূর্বে before, when প্রভৃতি বসিয়া ভবিষ্যৎ কালের কোন কার্য সম্পাদন বুঝাইলে Present Perfect Tense ব্যবহার করা হইয়া থাকে।

Exercise 28

(*a*) আমার খাওয়া শেষ হইতেছে। উচ্চপদ পাইয়া তাহার মাথা ঘুরিয়া গিয়াছে। গত সোমবার হইতে সে অসুস্থ হইয়াছে। আমাদের সুসময় ছিল। অতীতে ভারতবর্ষ খুব সমৃদ্ধ দেশ ছিল। পূর্বে তাদের বেশ সুনাম ছিল। আমি গতকাল তোমার চিঠি পাইয়াছি। আমি আজ সকালে তোমার চিঠি পাইয়াছি (সকাল অতীত হইবার পর)। গভর্নমেণ্ট ১৮২৯ খ্রীষ্টাব্দে সতীদাহ প্রথা রহিত করিয়াছেন। আমি গত মঙ্গলবারে বইখানি ফেরত দিয়াছি। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট ভারতবর্ষ স্বাধীন হইয়াছে। চাকরটি আজ কাজে আসে নাই। আমি কখনও মধুপুর যাই নাই। সে জীবনে সিনেমা দেখে নাই। সে এখন মুস্কিলে পড়িয়াছে। আমার খুব তৃষ্ণা পাইয়াছে। ফণিবাবুর সঙ্গে পরামর্শ করিয়া আমি তোমাকে তোমার চাকরির সম্বন্ধে সব কথা জানাইব। বাড়ী পৌছিয়া আমাকে পত্র দিও।

(*b*) রাম সোমবার হইতে অসুস্থ হইয়াছে। সেজন্য রামের পিতা মুস্কিলে পড়িয়াছেন। রামের মাতা ক্ষুধাতৃষ্ণা ভুলিয়াছেন। ইহার উপর চাকরটি আজ কাজে আসে নাই। এরূপ অবস্থায় ভদ্রলোক কোনদিন পড়েন নাই। রামের পিতা গতকাল বড় ছেলেকে পত্র দিয়াছেন। এখন তাঁহার টাকারও টানাটানি চলিয়াছে। পূর্বে অবশ্য তাঁহাদের অবস্থা ভাল ছিল।

LESSON 29

The Past Perfect Tense

আমরা নৈহাটি রওনা হইলাম—We started for Naihati.

সূর্য উঠিবার পূর্বে আমরা নৈহাটি রওনা হইলাম—We **had started** for Naihati before the sun rose.

তাহার স্টেশনে পৌছিবার পূর্বেই ট্রেন চলিয়া গেল—The train **had left** before he reached the station.

চোর পালাইবার পর পুলিশ আসিল—The police came after the thief **had fled**.

সে বলিল যে সে কখন সিংহ দেখে নাই—He said that he **had never seen** a lion.

ডাক্তার আসিবার পূর্বেই রোগী মারা গিয়াছিল—The patient **had died** before the doctor came.

Note :—অতীত কালের দুইটি কার্যের মধ্যে যেটি পূর্বে হইয়াছে সেইটি বুঝাইতে verb এর Past Perfect Tense হয়। মূল verb-এর Past Participle-এর পূর্বে **had** বসাইয়া এই tense গঠন করিতে হয়।

Exercise 29

Translate into English :—

আমি বাড়ী যাইবার পূর্বে সে পুরী চলিয়া গিয়াছিল। যদু স্টেশনে পৌছিবার পর ট্রেণ আসিয়াছিল। সূর্য অস্ত যাওয়ার পর আমরা পৌছিলাম। রাত্রি হইবার পূর্বেই সে কাজটি শেষ করিয়াছিল। তাহারা আসিবার পর আমরা সভায় গিয়াছিলাম। দুই ঘণ্টা ঘুমাইবার পর সে আমাকে জাগাইয়া দিল (wake)। আমি জানিতাম যে সে পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। বৃষ্টি আসিবার পর তিনি বেড়াইতে বাহির হইলেন।

LESSON 30

The Future Perfect Tense

ট্রেণ ছাড়িবার পূর্বে তুমি স্টেশনে পৌছিবে—You will have reached the station before the train leaves.

সূর্য অস্ত যাইবার পূর্বে সে বাড়ীতে পৌছিবে—He will have reached home before the sun sets.

তোমরা সকলেই রবীন্দ্রনাথের "গীতাঞ্জলী" পড়িয়া থাকিবে—All of you will have read the Gitanjali of Rabindranath.

Note :—ভবিষ্যৎকালে শেষ হইবে এমন দুইটি কাজের মধ্যে যেটি আগে শেষ হইবে বুঝায় সেইটির Future Perfect Tense হয়। অতীতে কোন কার্য শেষ হইয়াছে, এইরূপ বিশ্বাস বা অনুমান বুঝাইলেও Verb-এর Future Perfect Tense হইয়া থাকে। Verb-এর Past Participle-এর পূর্বে shall have বা will have বসাইয়া Future Perfect Tense গঠন করিতে হয়।

Exercise 30

Translate into English :—

রাম বাড়ী ফিরিবার পূর্বে তাহার ছোট ভাই ঘুমাইয়া পড়িবে। চাঁদ উঠিবার পূর্বে তাহারা বাড়ী পৌছিবে। তুমি খাইবার পূর্বে তাহারা আসিবে। বৃষ্টি আরম্ভ হইবার পূর্বে ধীরেন বাড়ী পৌছিবে। তোমরা সকলেই বিদ্যাসাগর মহাশয়ের নাম শুনিয়া থাকিবে। অনেকেই হয়ত বিভূতি ভূষণের 'পথের পাঁচালী' পড়িয়া থাকিবে।

LESSON 31

The Present Perfect Continuous Tense

বৃষ্টি পড়িতেছে—**It is raining.**

ভোর হইতে বৃষ্টি পড়িতেছে—It **has been raining** since dawn.

সে সাতদিন যাবৎ জ্বরে ভুগিতেছে—He **has been suffering** from fever for the last seven days.

তিনি গত মার্চ মাস হইতে আমাদিগকে পড়াইতেছেন—He **has been teaching** us since March last.

তুমি কত দিন যাবৎ হিন্দী শিখিতেছ?—How long **have** you **been learning** Hindi?

Note :—কোন কার্য অতীত কালে আরম্ভ হইয়া বর্তমান সময়েও চলিতেছে বুঝাইলে Verb-এর Present Perfect Continuous Tense হয়। মূল Verb-এর সঙ্গে **ing** যোগ করিয়া এবং উহার পূর্বে **has been** বা **have been** বসাইয়া tense গঠন করিতে হয়।

Exercise 31

Translate into English :—

আমি সকাল ছয়টা হইতে অপেক্ষা করিতেছি। সে তিন বৎসর যাবৎ এই স্কুলে পড়িতেছে। অমল দুই সপ্তাহ যাবৎ জ্বরে কষ্ট পাইতেছে। সে গত রবিবার হইতে এই কাজটি করিতেছে। তিনি গত মে মাস হইতে একখানি বই লিখিতেছেন। বসু মহাশয় দশ বৎসর যাবৎ শিক্ষকতা করিতেছেন (to serve as a teacher)। সে তিন বৎসর যাবৎ ফরাসী ভাষা (French) শিখিতেছে।

LESSON 32

The Past Perfect Continuous Tense

এক পক্ষকাল বালকটি স্বল্পবিরাম জ্বরে ভুগিতেছিল—The boy had bee
suffering from remittent fever for a fortnigh

গত শনিবার হইতে অনবরত গুড়িগুড়ি বৃষ্টি পড়িতেছিল—It had bee
drizzling since Saturday las

রাম বলিল সে তিন ঘণ্টা ধরিয়া লিখিয়া চলিয়াছে—Ram said that h
had been writing for three hour

অনেকক্ষণ ধরিয়া শিশুটি কাঁদিতেছিল—The child had been cryin
for a long tim

Note :—অতীতে কোন কার্য পূর্ব হইতে কিছুকাল চলিতেছিল—এইর
বুঝাইলে Verb-এর Past Perfect Continuous Tense হয়।

Exercise 32

Translate into English :—

রাম তিন ঘণ্টা যাবৎ পড়িতেছিল। সাতদিন ধরিয়া সে আমাকে অনুরো
করিতেছিল। অনেকদিন যাবৎ পুলিশ তাহার গতিবিধি নিরীক্ষণ করিতেছিল
গত সোমবার হইতে চাকরটি আমাদের বাড়ীতে কাজ করিতেছিল। অনেকদি
ধরিয়া সে এই কথা বলিতেছিল। সতীশ তিন বৎসর যাবৎ একই ক্লা
পড়িতেছিল। মৃত্যুর দুই ঘণ্টা পূর্বেও তিনি আমাদের সঙ্গে কথা বলিতেছিলেন

LESSON 33

MOODS

The Indicative Mood

আগামী চৈত্রমাসে তোমার চৌদ্দ বৎসর বয়স হইবে—You will be fourteen years old in the month of Chaitra next.

আমি নৌকা যোগে মাদারীপুর যাইব—I will go to Madaripur by boat.

বসন্তাগমে আবার গাছে গাছে ফুল ফুটিয়া উঠিবে—Flowers will bloom again in every tree with the advent of Spring.

হঠাৎ গোরার মুখ রক্তবর্ণ হইল—Gora suddenly turned crimson.

ডাক্তারকে কি ডাকা হইবে ?—Shall the doctor be called in ?

Note :—কোন ঘটনা সাধারণভাবে বিবৃত করিলে অথবা প্রশ্ন জিজ্ঞাসা করিলে Verbএর Indicative Mood হয়।

The Infinitive Mood

আমি স্নান করিতে গিয়াছিলাম—I went **to** bathe.

আমরা ম্যাচ খেলা দেখিতে যাইব—We shall go **to** see the match.

প্রত্যেকেই সুখী হইতে ইচ্ছা করে—Everyone wishes **to** be happy.

সে বাড়ী যাইতে চাহে—He wants **to** go home.

আমি গান গাহিতে ভালবাসি—I like **to** sing.

তিনি তোমাকে সাহায্য করিতে প্রস্তুত—He is ready **to** help you.

বিকাশ এই অঙ্কটি করিতে অক্ষম—Bikash is unable **to** do this sum.

অনিল সেখানে যাইতে ইচ্ছুক—Anil is willing **to** go there.

মেয়েটি কাঁদিতে আরম্ভ করিল—The girl began to weep.

আমি তাহাকে অপেক্ষা করিতে বলিলাম—I told him to wait.

Note :—করিতে, যাইতে, খাইতে প্রভৃতি অসমাপিকা ক্রিয়ার ইংরেজী করিতে Infinitive mood ব্যবহৃত হয়। Infinitiveএর পূর্বে সাধারণতঃ to ব্যবহার করিতে হয়।

Exercise 33

1. Translate into English :—

আমরা বেড়াইতে যাইব। বালকেরা খেলিতে ভালবাসে। তাহার পড়িবার (to read) বই নাই। সে বাড়ী যাইতে চাহে না। আমরা তোমাকে সাহায্য করিতে অসমর্থ। তাহারা গান করিতে আরম্ভ করিল। মণি মাছ কিনিতে বাজারে (to market) যাইবে। আমি তাহাকে আসিতে বলিয়াছিলাম। তুমি কি ধনী হইতে ইচ্ছা কর? ছেলেটি পড়িতে অনিচ্ছুক (unwilling)।

LESSON 34

Infinitives without 'to'

1

তাহারা ভিতরে আসুক—Let them come in.

আমি তাহাকে তোমার নিন্দা করিতে শুনিয়াছি—I have heard him speak ill of you.

তিনি আমাকে আসিতে বলিতেছেন—He bids me come.

তিনি আমকে হাসাইলেন—He made me **laugh**.
আমরা সেখানে যাইতে সাহস করি না—We dare not **go** there.
আমরা তাহাকে আসিতে দেখিলাম—We saw him **come**.

Note :—Let, bid, dare, need, make, see, hear প্রভৃতি Verb-এর পর Infinitive এর চিহ্ন 'to' উহ্য থাকে।

N. B. কিন্তু এই Verbগুলি Passive Voiceএ ব্যবহৃত হইলে উহাদের পর Infinitive-এর চিহ্ন 'to' উহ্য থাকিবে না।

তোমাকে তাহার নিন্দা করিতে শোনা গিয়াছিল—You were heard to speak ill of him.
রামকে বেঞ্চির উপর দাঁড় করানো হইয়াছিল—Ram was made to stand up on the bench.

2

তুমি বরং একটু বিশ্রাম কর—You had better rest a while.
এখানে থাকার চেয়ে আমার বরং মৃত্যু শ্রেয়—I had rather die than stay here.

Note :—Had better, had rather, but, than প্রভৃতির পরও Infinitive-এর চিহ্ন 'to' উহ্য থাকে।

Exercise 34

Translate into English :—

সে আমাকে আসিতে দেখিয়াছিল। আমি এখানে থাকিতে সাহস করি না। আমি তোমাকে যাইতে দিব না। আমি তাহাকে যাইতে দিলাম। আমি পাখাদের গান করিতে শুনিলাম। আমদের বাড়ীতে তোমার লৌকিকতা দেখাইবার আবশ্যকতা নাই। আমি পুলিশকে চোরের পিছু পিছু ছুটিতে দেখিয়াছিলাম। আমার মতে উপরওয়ালার অসন্তোষ ভাজন হওয়া তাহার উচিত নয়। এখানে থাকার চেয়ে বাড়ীতে যাওয়া বরং ভাল।

LESSON 35

The Use of Can, Could, May, Might, Should and Ought

1

Can, Could

হেনা সাঁতার দিতে পারে—Hena can swim.

তপন একটা প্রশ্নের উত্তর দিতে পারে নাই—Tapan could not answer a question.

শিশুটি হাটিতে পারে না—The child cannot walk.

আমি মোটর গাড়ী চালাইতে পারিতাম—I could drive a motor car.

Note :—কিছু করিবার শক্তি আছে—ইহা বুঝাইতে বর্তমান কালে Can ও অতীতকালে Could ব্যবহৃত হয়।

May, Might

দিলীপ আগামীকাল বেলেঘাটা যাইতে পারে—Dilip may go to Beleghata to-morrow.

কনা এখন বসিতে পারে—Kana may sit down now.

বীণাকে তুমি আর একবার বলিলে সে কিছু খাইত—Bina might have eaten something if you had requested her once again.

সে পাশ করিতে পারিত—He might pass.

Note :—অনুমতি বা সম্ভাবনা অর্থে May এবং Might ব্যবহৃত হয়।

Should, Ought

ভাই বোনদের সহিত ঝগড়া করা বীরেনের উচিত নয়—Biren should not quarrel with his brothers and sisters.

একথা উচ্চারণ করা ধীরেনের কর্তব্য নয়—Dhiren ought not to utter this word.

তপনের প্রত্যূষে উঠা কর্তব্য—Tapan should rise early in the morning.

প্রতিবেশীকে আমাদের ভালবাসা কর্তব্য—We ought to love our neighbours.

Note :—উচিত বা কর্তব্য অর্থে should বা ought ব্যবহার করিতে হয়। Ought-এর পরে to ব্যবহৃত হয়।

Exercise 35

রতন ভাল বাংলা লিখিতে পারে, কিন্তু সে অঙ্ক মোটেই করিতে পারে না। প্রভাত মোটেই হাটিতে পারে না। রতন একদিনে ১০ মাইল অনায়াসে হাটিতে পারে। বীণা আজকাল ভাল রাঁধিতে পারে। বরুন ইচ্ছা করিলে ভাল মোটর চালাইতে পারিত। তিনি ভাল ইংরেজী বলিতে পারিতেন। তুমি এখন বাড়ী যাইতে পার। আজ বৃষ্টি হইতে পারে। বীণা পরীক্ষায় প্রথম বিভাগে পাশ করিতে পারে। ডাক্তার তখন থাকিলে রোগীটি বাঁচিতে পারিত। ইচ্ছা করিলেই কলমটি লইতে পারিতাম। ভাগ্যলক্ষ্মী তোমার প্রতি প্রসন্ন হউন। কুসঙ্গ হইতে যতদূর সম্ভব দূরে থাকা উচিত। বাল্যকালে মন দিয়া পড়াশুনা করা ছাত্রদের কর্তব্য। দেশকে ভালবাসা এবং বৃদ্ধ পিতামাতাকে যত্ন করা আমাদের কর্তব্য। সকাল সকাল উঠা মানুষ মাত্রেরই কর্তব্য। বৈকালে নিয়মিত ব্যায়াম করা ছাত্রদের উচিত।

LESSON 36

The Introductory 'There'

1

এই গ্রামে কোন বালিকা বিদ্যালয় নাই—There is no girls' school in this village.

এ বিষয়ে কোন সন্দেহ নাই—There is no doubt about it.

পারস্য দেশে কোন বড় নদী নাই—There are no big rivers in Persia.

ঘরে কেহই ছিল না—There was nobody in the room.

ঐ পরেশ যায়—There goes Paresh.

ঐ ঘণ্টা বাজিতেছে—There goes the bell.

Note :—Introductory 'There'-এর কোন অর্থ নাই। ইহা বাক্যের প্রথমে বসে এবং উহার পরেই verb বসে ; Subjectটি verb-এর পরে বসে।

2

এখানে কি কোন ভাল চিকিৎসক নাই ?—Is there no good physician here ?

তোমাদের স্কুলে কয়টি ক্লাস আছে ?—How many classes are there in your school ?

প্রাচীন কালে অশোক নামে এক রাজা ছিলেন—In ancient times there was a king named Asoka.

Note :—প্রশ্নবোধক বাক্যে Verb-টি Introductory 'There'-এর পূর্বে বসিতে পারে।

Exercise 36

আমাদের গ্রামে একটি ডাকঘর আছে। এই নগরে একজন রাজা বাস করিতেন। দোয়াতটিতে কালি নাই। রাণীগঞ্জে অনেক কয়লার খনি (coal mines) আছে। আমাদের দেশে অনেক বড় বড় নদী আছে। তখন রাস্তায় কোন লোক ছিল না। প্রশান্ত মহাসাগরে অনেকগুলি দ্বীপ আছে। আকাশে মেঘ নাই। এই ক্লাসে কতগুলি ছেলে আছে? আমাদের স্কুলে পাঁচশত ছাত্র আছে। এই পুকুরে অনেক মাছ আছে। ঢাকাতে একটি বিশ্ববিদ্যালয় আছে। তোমাদের গ্রামে কি বাজার আছে? রামধনুতে (rain-bow) সাতটি রঙ আছে। এই কুঁড়ে ঘরটিতে একটি ভিক্ষুক বাস করিত। আমাদের বাড়ীর সম্মুখে একটি বড় পুকুর আছে।

LESSON 37

The Impersonal Use of 'It'

1

আজ সোমবার—**It** is Monday.

এখন দুপুর—**It** is noon.

এখন সাড়ে পাঁচটা—**It** is half-past five.

আজ বড় গরম—**It** is very hot to-day.

বৃষ্টি পড়িতেছে—**It** is raining.

এখান হইতে স্টেশন এক মাইল—**It** is a mile from here to the station.

এখন যাওয়ার অসময় হইয়াছে—**It** is now too late to go.

Note :—সময়, দূরত্ব, আকাশের অবস্থা প্রভৃতি বুঝাইতে কোন উহ্য Noun-এর পরিবর্তে It বসে। এরূপস্থলে ইহার প্রায়ই Nominative case হইয়া থাকে।

2

বলা সহজ—**It** is easy to say.
সকলকে সন্তুষ্ট করা কঠিন—**It** is hard to please one and all.
গুরুজনদিগকে সম্মান করা আমাদের অবশ্য কর্তব্য—**It** is our bounden duty to respect our superiors.

Note :—It কখন কখন পরবর্তী কোন Phrase-এর সহিত Apposition বা সমকারক পদরূপে ব্যবহৃত হইয়া থাকে। ইহাকে Introductory 'It' বলা হয়।

3

আমিই গোপালের বন্ধু—**It** is I who am Gopal's friend.
তুমিই ইহা করিয়াছ—**It** is you who have done this.
অধ্যাপক বসু মহাশয়ই আমাদিগকে ইংরেজী পড়াইতেন—**It** was Professor Bose who taught us English.

Note :—কোন Word বা Phrase-এর উপর Emphasis বা জোর দেওয়া বুঝাইবার জন্য কখন কখন বাক্যটি It দিয়া আরম্ভ করা হয়।

Exercise 37

এখন দুপুর রাত্রি। আজ বড় শীত। এখন আমার ঘড়িতে (by my watch) সাড়ে দশটা। এখন বারটা বাজিতে পনর মিনিট বাকী। স্কুলে যাওয়ার সময় হইয়াছে। আজ সকালে খুব (heavily) বৃষ্টি হইয়াছে।

দরিদ্রদিগকে সাহায্য করা ধনীদের কর্তব্য। অন্ধকে উপহাস করা বড় অন্যায়। কলিকাতা হইতে ঢাকা কতদূর (how far) ? সে-ই তোমাকে এই কুপরামর্শ দিয়াছিল। তর্ক করা (to argue) বৃথা। ভোর হইয়াছে।

LESSON 38

Passages for Translation

1

এটি একটি ভিখারী (beggar)। লোকটি অন্ধ (blind)। সে কিছুই দেখিতে পায় না। সে বড় গরীব। তাহার ছেলে নাই। তাহার একটি মেয়ে আছে। তাহারা একটি কুঁড়ে ঘরে (hut) বাস করে। মেয়েটি পিতাকে সাহায্য করে। সে ভিক্ষা করিতে (to beg) আসিয়াছে। তাহাকে কিছু (some) চাউল দাও।

2

আমি একটি গ্রামে (village) বাস করি। আমাদের গ্রামটি বড় নয়। সেখানে অনেক কৃষক (farmers) বাস করে। আমার বাবা একজন কৃষক। তাঁহার কয়েকটি ক্ষেত্র (field) আছে। ক্ষেত্রগুলি হইতে আমরা ধান paddy ও পাট (jute) পাই। আমাদের কয়েকটি গরু আছে। গরুগুলি আমাদিগকে দুধ দেয়। আমরা ঐ দুধ খাই।

3

অনিল স্কুলে যাইতেছে। একটি ছোট ছেলে তাহার সঙ্গে (with) যাইতেছে। সে তাহার ছোট (younger) ভাই। তাহার নাম নিখিল। অনিল পঞ্চম শ্রেণীতে পড়ে। নিখিল তৃতীয় শ্রেণীতে পড়ে। অনিলের বয়স দশ বৎসর।

অনিল নিখিলকে খুব (very much) ভালবাসে। সে কখনও তাহার সঙ্গে ঝগড়া করে (quarrels) না।

4

আমাদের একটি বিড়াল আছে। বিড়ালটি সাদা। উহা দেখিতে খুব সুন্দর। উহার চারিটি পা ও একটি লেজ আছে। উহা ভাত ও মাছ খায়। উহা খাবার জিনিস (food) চুরি করে না। উহা ইঁদুর মারে (kills)। আমার মা বিড়ালটিকে খুব ভালবাসেন। উহার (she) দুইটি ছানা (kittens) আছে। আমার বোন বেলা ছানাগুলিকে খুব ভালবাসে।

5

মতি বড় দুষ্ট (naughty) ছেলে। সে বাড়ীতে পড়ে না। সে সারাদিন (all day long) খেলা করে। সে পড়া বলিতে পারে না। সে সর্বদা ছোট ভাইদের সঙ্গে ঝগড়া করে (quarrels)। সে পিতামাতার কথা শুনে (obey) না। তাহার পিতামাতা তাহাকে ভালবাসেন না।

6

আমার বাবার একটি ঘোড়া আছে। ঘোড়াটি লাল। ইহা পাঁচ ফুট (feet) উঁচু। উহার শরীর খুব মসৃণ (smooth)। উহার গলাটি (neck) লম্বা। উহা ঘাস ও ছোলা (gram) খায়। আমার বাবা রোজ উহাতে চড়েন (rides)। আমি উহাতে চড়িতে পারি না। আমাদের একজন সহিস (groom) আছে। সে উহাকে খাওয়ায় (feeds)।

7

মাছ জলে বাস করে। উহার হাত পা নাই। উহার দুইটি পাখ্‌না (fins) ও একটি লেজ আছে। মাছ জলে সাঁতার কাটিতে পারে। কোন কোন (some) মাছ ছোট ; কোন কোন মাছ বড়। মাছ পোকা (worms) খায়। জেলেরা (fishermen' মাছ ধরে। আমরা মাছ খাই।

8

গত রবিবারে (on Sunday last) আমি শহরে গিয়াছিলাম। বাবা আমাকে তাঁহার সঙ্গে লইয়া গিয়াছিলেন। সেখানে অনেক দোকান (shops)

আছে। আমরা একটি পুস্তকের দোকানে (book stall) গিয়াছিলাম। বাবা আমার জন্য একটি গল্পের বই (story-book) কিনিলেন। তারপর (after that) আমরা আর একটি (another) দোকানে গেলাম। সেখানে একটি লোক পুতুল (dolls) বিক্রয় করিতেছিল। বাবা লীলার জন্য একটি পুতুল কিনিলেন (bought)

9

পিতা। সেই ছেলেটি কে ?

নরেশ। সে আমার বন্ধু।

পিতা। তাহার নাম কি ?

নরেশ। তাহার নাম সতীশচন্দ্র রায়।

পিতা। সে কি তোমাদের ক্লাসে পড়ে ?

নরেশ। হাঁ, আমাদের ক্লাসে পড়ে।

পিতা। তাহার পিতা কে ?

নরেশ। আমাদের শিক্ষক দীনেশবাবু তাহার পিতা।

পিতা। তুমি কি তাহাকে ভালবাস ?

নরেশ। হাঁ ! ভালবাসি (I do)। আমরা একই বেঞ্চিতে (on the same bench) বসি। আমরা একত্র (together) বেড়াই। আমরা একত্র খেলা করি।

10

করিম খুব ভাল ছেলে। সে রোজ স্কুলে যায়। সে ভালরূপে (well) পড়া শিখে (learns)। ছেলেটি খুব নম্র (mild) এবং বুদ্ধিমান (intelligent) সে ক্লাসে গোলমাল করে না। সে কাহারও সঙ্গে (with any one) কলহ করে না। সে কখনও মিথ্যা কথা বলে না। সে কখনও তাহার সময় নষ্ট করে (waste) না। ক্লাসের সকল ছেলেই তাহাকে খুব ভালবাসে।

PART II

(CLASS VIII)

LESSON 1

Direct and Indirect Objects

তিনি আমাকে একখানি বই দিয়াছেন—He has given me a book.

শিক্ষক মহাশয় ছাত্রকে একটি প্রশ্ন করিলেন—The teacher asked the pupil a question.

সতীশ রামকে পাঁচ টাকা ধার দিয়াছিল—Satish lent Ram five rupees.

শিক্ষক মহাশয় ছাত্রটির দোষ ক্ষমা করিলেন—The teacher forgave the pupil his fault.

আমি তাহাকে অঙ্ক শিখাই—I teach him Mathematics.

তিনি আমাকে বইখানি দিয়াছিলেন—He gave the book to me.

আমার জন্য এক গ্লাস জল লইয়া আইস—Bring a glass of water for me.

Note :—ইংরেজীতে কতকগুলি Verbএর দুইটি করিয়া object থাকে—একটি Direct object, অপরটি Indirect object. Indirect object সাধারণতঃ Direct objectএর পূর্বে বসে। কিন্তু Indirect object যদি Direct objectএর পরে ব্যবহৃত হয়, তবে তাহার আগে Preposition বসাইতে হয়।

Exercise 1

Translate into English :—

রাম সতীশকে পাঁচটি টাকা দিয়াছিল। শিক্ষকমহাশয় তাহাকে পুরস্কার দিয়াছিলেন। তিনি তাহাকে তিনটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন। আমাকে

এক গ্লাস জল দাও। আমি তাহাকে দুইটি টাকা ধার দিয়াছিলাম। আমি তাহাকে উচিত শিক্ষা দিব। তিনি আমার অপরাধ ক্ষমা করিলেন। ঠাকুরদাদা আমাকে একটি ভুতের গল্প বলিলেন। তোমার বন্ধু তোমাকে প্রতারণা করিয়াছে। সে আমার কাছে ডাহা মিথ্যা বলিয়াছিল। রাম আমাকে দশ টাকা দিতে প্রতিশ্রুত হইয়াছে।

LESSON 2

Defective Verbs

1

May and Might

আজ রাত্রে বৃষ্টি হইতে পারে—It **may** rain to-night. (সম্ভাবনা)

তোমরা এখন বাহিরে যাইতে পার—You **may** go out now. (অনুমতি)

তাহার জ্বর হইয়া থাকিতে পারে—He **may have** got fever. (অতীতের সম্ভাবনা)

*তুমি আমার ছাতাটি ব্যবহার করিতে পার (এখনও করিবার সময় আছে) —You **might** (বা **may**) use my umbrella (বর্তমান বা বা ভবিষ্যতের অনুমতি)

তুমি আমার ছাতাটি ব্যবহার করিতে পারিতে (এখন আর করিবার সময় নাই)—You **might have** used my umbrella.

কৃতকার্য হইবার উদ্দেশ্যে সে কঠোর পরিশ্রম করিয়াছিল—He worked hard that he **might succeed.** (উদ্দেশ্য)

তাহার উন্নতি হোক—**May** he prosper ! (ইচ্ছা)

Note :—সম্ভাবনা, অনুমতি, ইচ্ছা বা উদ্দেশ্য বুঝাইতে May ব্যবহৃত হয়। May-এর Past Tenseএ Might হয়। ভদ্রতা প্রকাশের জন্য

কখন কখন Present বা Future Tenseএও might বসে (* চিহ্নিত বাক্যটি দেখ)। অতীত কাল বুঝাইতে May have এবং Might have ব্যবহৃত হইয়া থাকে।

2

Can and Could

আমি বিশ মাইল একটানা হাঁটিতে পারি—**I can walk twenty miles at a stretch.**

অন্ধ লোকে দেখিতে পায় না—**A blind man cannot see.**

তাহারা গাড়ী ধরিতে পারিল না—**They could not catch the train.**

আমি আপনাকে টাকা ধার দিতে পারি (এখনও ধার দেওয়ার সময় আছে)—**I could** (বা can) give you a loan.

আমি আপনাকে টাকা ধার দিতে পারিতাম (এখন আর দেওয়ার সময় নাই)—**I could have given you a loan.**

আপনি কি আগামী কল্য আমার বাড়ীতে আহার করিতে পারেন ?—**Could** you dine with me to-morrow ?

Note :—সামর্থ্য বুঝাইতে Can ব্যবহৃত হয় ; can-এর past tenseএ could হয়। ভদ্রতা প্রকাশের জন্য Present Tense-এর অর্থে could ব্যবহৃত হয়। অতীত কাল বুঝাইতে could have বসে।

3

Would

ডাক্তার বলিলেন যে রোগী আরোগ্য লাভ করিবে—The doctor said that the patient **would** come round.

আপনি দয়া করিয়া আমাকে এক সপ্তাহের ছুটি দিবেন কি ?—**Would** you kidly grant me a week's leave ? (শিষ্টাচার)

তিনি খুব প্রত্যুষে উঠিতেন—He **would** get up very early in the morning. (অতীতের অভ্যাস)

ইচ্ছা করিলে তুমি আমাকে সাহায্য করিতে পারিতে—You could help me if you **would**. (ইচ্ছা)

আমরা তাহার উপদেশ না শুনিতে কৃতসংকল্প ছিলাম—We **would** not listen to his advice. (সংকল্প)

Note :—(1) Principal Clauseএ Past tenseএর Verb থাকিলে will স্থলে would বসে। (2) ইচ্ছা, দৃঢ়সংকল্প ও অতীতকালের অভ্যাস বা স্বভাব বুঝাইতে would ব্যবহৃত হয়। (3) শিষ্টাচার বুঝাইতে Interrogative sentenceএ 2nd personএ would ব্যবহৃত হয়।

4

Should and Ought

আমাদের সর্বদাই সত্য কথা বলা উচিত- We **should** always speak the truth.

শিক্ষকদিগকে মান্য করা ছাত্রদের উচিত—Students **should** (বা **ought** to) respect their teachers.

বন্ধুকে সাহায্য করা তোমার উচিত (সাহায্য করিবার সময় এখনও আছে)—You **should** (বা **ought** to) help your friend.

বন্ধুকে সাহায্য করা তোমার উচিত ছিল (এখন আর সাহায্য করিবার সময় নাই)—You **should have** (বা **ought to have**) helped your friend.

আপনাকে কি আর কিছু পায়স দিব ?—**Should** I give you a little more rice-pudding ?

Note :—(1) উচিত বা কর্তব্য অর্থে should বা ought ব্যবহৃত হয়। (2) কাজটি করিবার এখনও সময় আছে বুঝাইতে should বা ought এবং

কাজটি করিয়া আর সময় নাই—এরূপ বুঝাইতে should have বা ought to have ব্যবহার করিতে হয়।

5

Must

আমরা অবশ্যই পিতামাতার কথা শুনিব—We **must** obey our parents. (কর্তব্য)

তোমাকে এখনই এখান হইতে চলিয়া যাইতে হইবে—You **must** leave the place at once. (বাধ্যতা)

ছেলেটা নিশ্চয়ই বধির—The boy **must** be deaf. (নিশ্চয়)

দুই আর দুইএ চার হইবেই হইবে—Two and two **must** be four. (নিশ্চয়)

যাহার প্রতিকার নাই তাহা সহ্য করিতেই হইবে—What cannot be cured **must** be endured.

আমি ইহা করিবই করিব—Do it I **must**.

এতক্ষণে ট্রেন নিশ্চয়ই চলিয়া গিয়াছে—The train **must** have left by this time.

Note :—কর্তব্য, বাধ্যতা, দৃঢ়সংকল্প ও নিশ্চয়তা বুঝাইতে Present ও Future tenseএ Must ব্যবহৃত হইয়া থাকে। অতীত কাল বুঝাইতে must have ব্যবহৃত হইয়া থাকে।

Exercise 2

Translate into English :—

তিনি আজ আসিলেও আসিতে পারেন। সে খুব ভাল সাঁতার কাটিতে পারে। তুমি কি পিয়ানো (piano) বাজাইতে পার? চেষ্টা করিলে তুমি পরীক্ষায় উত্তীর্ণ হইতে পার। চেষ্টা করিলে তুমি পরীক্ষায় উত্তীর্ণ হইতে

পারিতে। কলিকাতায় থাকা কালে আমি প্রায়ই যাদুঘরে (museum) যাইতাম। দয়া করিয়া আমার আবেদনখানা মঞ্জুর করিবেন কি? বাঁচিবার জন্য মানুষকে আহার করিতেই হইবে। ট্রেণখানা এতক্ষণে নিশ্চয়ই কলিকাতা পৌঁছিয়াছে। সে প্রত্যহ রাত্রি দশটায় শয়ন করিত (to go to bed)। তোমরা নিশ্চয় একথা শুনিয়াছ। আমাকে সতর্ক করা (to warn) আপনার উচিত ছিল।

LESSON 3

The Imperative Mood

1

দরজাটা বন্ধ কর—**Shut** the door.

দশের পাতা খোল—**Open** at page ten.

চুপ কর—**Keep** quiet.

পাতাটা উল্টাও—**Turn** over the page.

তাড়াতাড়ি কর—**Make** haste. **Be** quick.

সর্বদা সত্য কথা বলিবে—Always **speak** the truth.

দরিদ্র লোকদিগকে ঘৃণা করিও না—**Do not** (বা **Don't**) hate the poor.

অধিক রাত্রি জাগিও না—**Do not** (বা **Don't**) keep late hours at night.

Note—আদেশ, উপদেশ বা অনুরোধ বুঝাইতে Verb এর Imperative Mood হয়। Imperative Moodএ Verbএর সর্বদাই Present tense ও Second Person হয় এবং উহার Subject 'you' সাধারণতঃ উহ্য থাকে।

2

অনুগ্রহ করিয়া ভিতরে আসুন—**Please** come in. **Come** in, please.

অনুগ্রহ করিয়া এক পেয়ালা চা খান—**Please** have a cup of tea.

দয়া করিয়া আমাকে তিন দিনের ছুটি দিন—Kindly **grant** me three days leave.

আগামী কল্য অবশ্য আমাদের বাড়ীতে আসিবে—**Do** come to our place to-**morrow**.

Note—অনুরোধ বা ভদ্রভাবে আদেশ করা বুঝাইতে **Verb**-এর পূর্বে please, **kindly** ইত্যাদি ব্যবহৃত হয়। **Emphasis** বা জোর দেওয়া বুঝাইলে, **Verb** এর পূর্বে do বসে।

3

চল, আমরা সিনেমায় যাই—**Let** us go to the Cinema.

লীলা বাতিগুলি জ্বালুক—**Let** Lila light the lamps.

এখন সে বলুক (তাহাকে এখন বলিতে দাও)—**Let** him speak now.

দয়া করিয়া এবার তাহাকে ছাড়িয়া দিন—Please **let** him go this time.

Note—First ও Second Person-এ Imperative Mood ব্যবহার করিতে হইলে বাক্যের আদিতে **let** শব্দের ব্যবহার করিতে হয়।

4

পড়িলেই জানিবে—**Read** and you will know (=If you read, you will know.)

কথা বলিলেই মরিবে—**Speak** and you die.

শয়তানের কথা বলিলেই শয়তান আসিয়া উপস্থিত হইবে—**Talk** of the devil and he will appear.

Note :—কখন কখন Condition বা সর্ত বুঝাইতে Subjunctive Mood এর পরিবর্তে Imperative Mood ব্যবহৃত হইয়া থাকে।

Exercise 3

দরিদ্রদিগের প্রতি সদয় হও। পঞ্চম পৃষ্ঠা খোল। চল, আমরা খেলার মাঠে যাই। মন্দ বালকের সংসর্গ করিবে (to keep company) না। কুকুরটিকে ঘেউ ঘেউ করিতে দাও। বিধু নিজে অঙ্কটি কষুক। দয়া করিয়া আপনারা বলুন। ছেলেরা এখন নিজ নিজ (respective) বাড়ী যাক। বোর্ডের দিকে তাকাও। মেঝের উপর থুথু ফেলিও না। ছোট ভাইবোনদিগকে অবশ্য ভালবাসিবে। তোমার মূল্যবান সময় নষ্ট করিও না। দয়া করিয়া আমাকে এক শত টাকা ধার দিন। নড়িলেই মরিবে। ও কথা ছেড়ে দাও (to drop)। চল আমরা নদীর ধারে বেড়াইতে যাই। দয়া করিয়া আমার প্রার্থনা (prayer) মঞ্জুর করুন। আগামী কল্য আমার সহিত অবশ্য সাক্ষাৎ করিবে (to see)।

LESSON 4

The Simple Infinitive

1

আগুন লইয়া খেলা করা বিপজ্জনক—**To play with fire is dangerous.**

সাঁতার কাঁটা ভাল ব্যায়াম—**To swim** is a good exercise.

মিথ্যা কথা বলা মহাপাপ—**To lie** is a great sin.

দেখিলেই বিশ্বাস করিতে হয়—**To see** is **to believe.**

অন্যের টাকা খরচ করা খুব সহজ—It is very easy **to spend** other's money.

পরের উপকার করা পরম ধর্ম—**It** is a great virtue **to do** good to others.

ধার্মিক ব্যক্তিরা মরিতে ভয় পান না—The virtuous do not fear **to die.**

আমি উপন্যাস পড়িতে ভালবাসি না—I do not like **to read** novels.

গোপাল পরীক্ষায় কৃতকার্য হইতে আশা করে—Gopal hopes **to succeed** in the examination.

বালকটি নির্দোষ বলিয়া মনে হয়—The boy seems **to be** innocent.

গল্পটি আমি সত্য বলিয়া বিশ্বাস করি—I believe the story **to be** true.

Note :—Simple Infinitive সাধারণতঃ Abstract Noun-এর অর্থ প্রকাশ করে এবং Noun-এর ন্যায় কোন Verb-এর Subject, Object বা Complement-রূপে ব্যবহৃত হইয়া থাকে।

2

কুকুরটি মর মর হইয়াছে—The dog is about **to die.**

তিনি এখান হইতে চলিয়া যাইতে উদ্যত হইয়াছিলেন—He was about **to leave** the place.

চাকুরী ছাড়িয়া দেওয়া ছাড়া আর তাহার উপায়ন্তর ছিল না—He had no alternative but **to resign.**

আমি ঘোড়ায় চড়িতে জানি না—I do not know **how to ride.**

Note :—(1) Simple Infinitive কখন কখন Preposition-এর object-রূপেও ব্যবহৃত হইয়া থাকে। (2) যখন কোন Simple Infinitive know, tell, teach, learn প্রভৃতি Verb-এর Object হয় তখন উহার পূর্বে সচরাচর how, when, where বা what বসিয়া থাকে।

3

বাজে কথা বলিয়া না—**Do** not talk nonsense.

তিনি তামাক খান না—He **does** not smoke.

রহিম খুব ভাল বল দিতে পারে—Rahim **can** bowl very well.

আগামী কল্য আমাদের স্কুল বন্ধ থাকিতে পারে—Our school **may** remain closed to-morrow.

আমি তাহার সঙ্গে এ বিষয়ে আলাপ করিব—I **shall** speak to him about it.

Note :—Do, may, can, shall, will প্রভৃতি Auxiliary Verb-এর পর Infinitive-এর চিহ্ন to উহ্য থাকে।

4

দয়া করিয়া আমাকে গাড়ীতে উঠাইয়া লউন—**Please give** me a lift.

আমি তোমাকে মনে করাইয়া দিতেছি—**Let** me **remind** you.

শিক্ষক মহাশয় আমাদিগকে চুপ করিয়া থাকিতে বলিলেন—The teacher **bade** us **be** silent.

আমি তাহাকে ইহা করিতে দেখিয়াছিলাম—I **saw** him **do** it.

আমি কখনও তাহাকে আপনার নিন্দা করিতে শুনি নাই—I have never **heard** him **speak** ill of you.

তিনি আমাদের সকলকে হাসাইয়াছিলেন—He **made** us all **laugh.**

তোমার আজ স্কুলে যাওয়ার দরকার নাই—You **need** not **go** to school to-day.

তুমি কোন্ সাহসে শিক্ষকের কথা অমান্য কর ?—How **dare** you disobey your teacher ?

সে আমার বিরুদ্ধে কথা বলিতে সাহস করে নাই—He **dared** not **speak** against **me.**

তাহাকে বসাইয়া দেওয়া হইয়াছিল—He was made **to sit** down.

তাহাকে রাস্তায় ঘুরিয়া বেড়াইতে দেখা গিয়াছিল—He was seen **to loiter** in the street.

Note :—(1) Bid, behold, feel, hear, help, let, make, perceive, please, see প্রভৃতি Verb-এর পরবর্তী Infinitive-এর **to** উহ্য থাকে। কিন্তু let ভিন্ন অন্যান্য Verb-এর Passive voice-এ **to** বসে। (2) Need ও dare—এই দুইটি Verb Intransitive-রূপে ব্যবহৃত হইলে উহাদের পরেও **to** উহ্য থাকে।

তুমি বরং এখন শুইতে যাও—You had better **go** to bed now.

এখানে না থাকিয়া বরং বাড়ী গেলে আমার ভাল হইত—I had rather **go** home than **stay** here.

ছেলেটি উপন্যাস পাঠ করা ব্যতীত আর কিছুই করে না—The boy does nothing but **read** novels.

আমি তাহাকে প্রশংসা না করিয়া পারি না—I can not **but admire** him.

তিনি আরম্ভ করা ব্যতীত আর কিছুই করেন নাই—He did no more **than make** a beginning.

তিনি বক্তৃতা করার চেয়ে লিখিতে পারেন ভাল—He is better able to write **than speak**.

Note :—Had rather, had better, had sooner প্রভৃতি phrase এবং but, than ও except—এ তিনটি Preposition-এর পর **to** উহ্য থাকে।

Exercise 4

চুরি করা মহা পাপ। প্রাতঃকালে ভ্রমণ করা স্বাস্থ্যের পক্ষে ভাল। শীঘ্র তাহার চিঠি পাইতে (to hear for him) আশা করি। তুমি কি

Exercise 5

সে আগ.মী কল্য তোমাকে দেখিতে আসিবে। তোমার সহিত সাক্ষাৎ হওয়ায় খুব আনন্দিত হইলাম। ছেলেটি স্কুলে যাইতে অনিচ্ছুক। তাহার পরিবার (to put on) কাপড় নাই। আমরা সর্বদাই দরিদ্রকে সাহায্য করিতে প্রস্তুত। বালকটি এত দুর্বল যে বিছানা হইতে উঠিতে পারে না। তোমার চিঠি পাইয়া খুব খুসী হইলাম। সত্য কথা বলিতে কি, আমি তাহার উপর বিরক্ত (displeased)। সে স্টেশনে গিয়া দেখিল গাড়ী চলিয়া গিয়াছে। পাখীটা দেখিতে কি সুন্দর। আমি এখন তোমাকে সাহায্য করিতে অসমর্থ।

LESSON 6

Subjunctive Mood

1

যদি সে পরিশ্রমী হয় তবে উন্নতি করিবে—If he be industrious, he will prosper.

সে যদি পরিশ্রমী হইত তবে উন্নতি করিত (এখনও পরশ্রমী হইবার সময় আছে)—If he were industrious, he would prosper.

যদি সে পরিশ্রমী হইত তবে উন্নতি করিত (এখন আর পরিশ্রমী হইবার সময় নাই)—If he had been industrious, he would have prospered.

তাহার সঙ্গে দেখা হইলে তাহাকে জিজ্ঞাসা করিব—(দেখা হইবে কিনা জানি না)—If I see him, I shall ask him.

তাহার সঙ্গে দেখা হইলে জিজ্ঞাসা করিতাম—(দেখা হওয়ার এখনও সময় আছে)—If I saw him, I would ask him.

তাহার সঙ্গে দেখা হইলে তাহাকে জিজ্ঞাসা করিতাম—(দেখাও হয় নাই, জিজ্ঞাসাও করি নাই)—If I had seen him, I would have asked him.

Note :—Subjunctive Mood কোন বাস্তব ঘটনা না বুঝাইয়া কল্পনা, অনুমান বা অনিশ্চিত বিষয় বুঝায়।

2

তুমি সাহায্য না করিলে আমি ইহা করিতে পারিব না—I can not do it unless you help me.

এই আদেশ দেওয়া গেল যে আসামীর ফাঁসী হউক—The sentence is that the accused be hanged.

আমি প্রস্তাব করিতেছি যে গাঙ্গুলী মহাশয় সভাপতির আসন গ্রহণ করুন —I propose that Mr. Ganguly be in the chair.

পাছে ইহা ভুলিয়া যাও সেজন্য লিখিয়া রাখ—Take it down lest you should forget it.

সে যদি আমার নিজের ভাই হইত তথাপি আমি তাহাকে শাস্তি দিতাম— Though he were my own brother, I would punish him.

Note :—সর্ত, অনুমান, সন্দেহ, অনিশ্চিয়তা, প্রস্তাব, উদ্দেশ্য, স্বীকৃতি, প্রভৃতি বুঝাইতে Verb এর Subjunctive Mood হয়।

3

সে যদি এখানে আসিত—Would that he were here !

আমি যদি তোমাকে সাহায্য করিতে পারিতাম !—I wish I could help you.

ঈশ্বর তোমার মঙ্গল করুন—May God bless you.

Note :—বক্তার ইচ্ছা বা অপূর্ণ মনোবাসনা বুঝাইতে Subjunctive Mood ব্যবহৃত হইয়া থাকে।

Exercise 5

সে আগামী কল্য তোমাকে দেখিতে আসিবে। তোমার সহিত সাক্ষাৎ হওয়ায় খুব আনন্দিত হইলাম। ছেলেটি স্কুলে যাইতে অনিচ্ছুক। তাহার পরিবার (to put on) কাপড় নাই। আমরা সর্বদাই দরিদ্রকে সাহায্য করিতে প্রস্তুত। বালকটি এত দুর্বল যে বিছানা হইতে উঠিতে পারে না। তোমার চিঠি পাইয়া খুব খুসী হইলাম। সত্য কথা বলিতে কি, আমি তাহার উপর বিরক্ত (displeased)। সে স্টেশনে গিয়া দেখিল গাড়ী চলিয়া গিয়াছে। পাখীটা দেখিতে কি সুন্দর। আমি এখন তোমাকে সাহায্য করিতে অসমর্থ।

LESSON 6

Subjunctive Mood

1

যদি সে পরিশ্রমী হয় তবে উন্নতি করিবে—If he be industrious, he will prosper.

সে যদি পরিশ্রমী হইত তবে উন্নতি করিত (এখনও পরিশ্রমী হইবার সময় আছে)—If he were industrious, he would prosper.

যদি সে পরিশ্রমী হইত তবে উন্নতি করিত (এখন আর পরিশ্রমী হইবার সময় নাই)—If he had been industrious, he would have prospered.

তাহার সঙ্গে দেখা হইলে তাহাকে জিজ্ঞাসা করিব—(দেখা হইবে কিনা জানি না)—If I see him, I shall ask him.

তাহার সঙ্গে দেখা হইলে জিজ্ঞাসা করিতাম—(দেখা হওয়ার এখনও সময় আছে)—If I saw him, I would ask him.

তাহার সঙ্গে দেখা হইলে তাহাকে জিজ্ঞাসা করিতাম—(দেখাও হয় নাই, জিজ্ঞাসাও করি নাই)—If I had seen him, I would have asked him,

Note :—Subjunctive Mood কোন বাস্তব ঘটনা না বুঝাইয়া কল্পনা, অনুমান বা অনিশ্চিত বিষয় বুঝায়।

2

তুমি সাহায্য না করিলে আমি ইহা করিতে পারিব না—**I can not do it unless you help me.**

এই আদেশ দেওয়া গেল যে আসামীর ফাঁসী হউক—**The sentence is that the accused be hanged.**

আমি প্রস্তাব করিতেছি যে গাঙ্গুলী মহাশয় সভাপতির আসন গ্রহণ করুন—**I propose that Mr. Ganguly be in the chair.**

পাছে ইহা ভুলিয়া যাও সেজন্য লিখিয়া রাখ—**Take it down lest you should forget it.**

সে যদি আমার নিজের ভাই হইত তথাপি আমি তাহাকে শাস্তি দিতাম—**Though he were my own brother, I would punish him.**

Note :—সর্ত, অনুমান, সন্দেহ, অনিশ্চিয়তা, প্রস্তাব, উদ্দেশ্য, স্বীকৃতি, প্রভৃতি বুঝাইতে Verb এর Subjunctive Mood হয়।

3

সে যদি এখানে আসিত—Would that he were here !

আমি যদি তোমাকে সাহায্য করিতে পারিতাম !—**I wish I could help you.**

ঈশ্বর তোমার মঙ্গল করুন—**May God bless you.**

Note :—বক্তার ইচ্ছা বা অপূর্ণ মনোবাসনা বুঝাইতে Subjunctive Mood ব্যবহৃত হইয়া থাকে।

4

আমি যদি ধনী হইতাম, তবে দরিদ্রদিগকে সাহায্য করিতাম—Were I rich, I would help the poor.

আমার যদি পাখীর মত ডানা থাকিত, তবে তোমার কাছে উড়িয়া যাইতাম —Had I the wings of a bird, I would fly to you.

যাহা হয় হইবে, আমি ইহা করিবই—Come what may, I will do it.

সে যাহাই হউক না কেন, তোমার চিন্তিত হওয়ার আবশ্যক নাই—Be that as it may, you must not be anxious.

Note :—If, though প্রভৃতি দ্বারাও কখন কখন Subjunctive Mood ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু এরূপ স্থলে Verbটিকে Subjectএর পূর্বে বসাইতে হয়।

Exercise 6

যদি ভদ্রভাবে থাকিতে না পার, তবে অন্যত্র বাস করিতে পার। বৃষ্টি হইলে আমরা বেড়াইতে বাহির হইব না। তাহারা থাকিলে আমরা যাইব। তোমার কার্যটি কঠিন হইলেও তোমার ভীত হওয়া উচিত না। তুমি না আসিলে আমি যাইব না। চেষ্টা না করিলে কৃতকার্য হইবে না। তোমার উন্নতি হউক। তোমার সাহায্য না পাইলে আমি কিছুতেই এই কাজটি পাইতাম না। আহা! যদি পাখী হইতাম। একবার চেষ্টা করিলে ভাল হইত। মরি যদি সেও ভাল, তবু এ কাজ হইতে বিরত হইব না। যাহাই ঘটুক না কেন, আমি সেখানে যাইবই। ভগবান তোমার সঙ্গে সঙ্গে থাকুন। আমি যদি প্রধান মন্ত্রী হইতাম, তবে দেশ হইতে বেকার সমস্যা দূর করিতাম।

LESSON 7

Causative Forms of Verbs

1

পাঞ্জাবে প্রচুর কার্পাস উৎপন্ন হয়—Cotton **grows** in abundance in the Punjab.

আমরা আমাদের বাগানে শাকসব্জী জন্মাই—We **grow** vegetables in our garden.

কেট্‌লিতে জল ফুটিতেছে—Water **is boiling** in the kettle.

মা কেটলীতে জল ফুটাইতেছেন—Mother **is boiling** water in the kettle.

মোটরখানা পূর্ণবেগে চলিতেছিল—The car **was running** at full speed.

সে আমার বুড়ো আঙ্গুলে একটি আলপিন ফুটাইয়া দিয়াছিল—He **ran** a pin into my thumb.

নৌকাখানা সমস্ত মালপত্র সমেত পদ্মায় ডুবিয়া গেল—The boat **sank** in Padma with all its cargo,

জাপানীরা গত মাসে তিনখানা বৃটিশ জাহাজ ডুবাইয়া দিয়াছে— The Japanese **sank** three British ships last month.

Note :—Boil, burn, grow, fly, move, march, run, sink, float, stop প্রভৃতি **Verb** Simple ও Causative দুই-ই হইতে পারে।

2

ছেলেটা একটা গাছ হইতে পড়িয়া গিয়াছিল—The boy **fell** down from a tree.

কাঠুরিয়া কুড়াল দিয়া গাছটি কাটিয়া ফেলিল—The woodcutter felled tbe tree with an axe.

বইখানা মেঝের উপর পড়িয়া রহিয়াছে—The book is lying on the floor.

আমি টাকাগুলি টেবিলের উপর রাখিয়াছিলাম—I laid the money on the table.

শিশুটি মাতার স্তন্য পান করিতেছে—The baby **is suckling** its mother's breast.

মাতা শিশুকে স্তন্য পান করাইতেছেন—The mother is suckling her child.

Note :—কতকগুলি Verb এর নির্দিষ্ট causative form আছে ; যথা—Fall—fell ; lie—lay ; rise—raise ; sit—set ; dive—dip ; drain—drench ; learn—teach ; know—inform ; remember—remind,

3

তুমি কি কারণে চাকুরীটি ছাড়িয়া দিয়ছিলে ?—(i) What **made** you **resign** the post ? (ii) What **caused** you **to resign** the post ?

পুলিশ তাহাকে দিয়া অপরাধ স্বীকার করাইতে পারে নাই—The police could not **make** him **confess** his guilt.

আমি যদুকে দিয়া চিঠিখানা লিখাইয়া লইয়াছিলাম—(i) I **got** (বা **had**) the letter **written** by Jadu.

(ii) I **got** Jadu **to write** the letter.

আমি হেড্ মাষ্টার দ্বারা তোমাকে শাস্তি দেওয়াইব—I shall **get** (বা **have**) you **punished** by the Headmaster.

বাবা আমাকে জিলা স্কুলে ভর্তি করাইয়া দিয়াছিলেন—Father **had** me **admitted** into the zilla school.

Note :—Have, get, make, cause প্রভৃতি verbএর সাহায্যে কখন কখন causative sense প্রকাশ করা হয়।

Exercise 7

পাখী আকাশে উড়ে। ছেলেগুলি তখন ঘুড়ি উড়াইতেছিল। আমি ঘণ্টায় চারি মাইলের বেশী হাঁটিতে পারি না। সহিস (groom) ঘোড়াটিকে হাঁটাইতেছে। আধ ঘণ্টার মধ্যে সূর্য উঠিবে। তাহারা সাহায্য ভাণ্ডারের (relief fund) জন্য চাঁদা তুলিতেছে (to raise subscriptions)। সে পরীক্ষায় খুব ভাল করিয়াছিল (to fare)। মাঝি আমাকে নদী পার করিয়া দিবে (to ferry)। কেহই আমাকে ব্যাপারটি জানায় নাই। তিনি দরিদ্র লোকদিগকে খাওয়াইয়া (to feed) আনন্দ পান। আমি তোমাকে কাঁদাইতে পারি। মা শিশুটিকে স্নান করাইতেছিলেন। তুমি অন্য কাহারও দ্বারা অঙ্কটি কষাইয়া লইয়াছ।

LESSON 8

Participles, Gerunds and Verbal Nouns

1

একথা বলিয়া সে ঘর হইতে বাহির হইয়া গেল—So **saying,** he left the room.

রাস্তা দিয়া চলিতে চলিতে আমার এক পুরাতন বন্ধুর সঙ্গে দেখা হইল—**Walking** along the street, I met an old friend of mine.

সংবাদটি শুনিয়া বালিকাটি কাঁদিয়া ফেলিল—**Hearing** the news, the girl burst into tears,

বালিকাটি কাঁদিতে কাঁদিতে বলিল—**The girl said weeping.**

আমরা মরা কুকুরটিকে সেখানে পড়িয়া থাকিতে দেখিয়াছিলাম—We found the dead dog **lying** there.

Note :—করিয়া, শুনিয়া, দেখিয়া অথবা করিতে, শুনিতে, দেখিতে ইত্যাদি অসমাপিকা ক্রিয়ার অনুবাদে সাধারণতঃ Present Participle ব্যবহৃত হইয়া থাকে।

2

পরীক্ষায় ফেল হইয়া (অর্থাৎ ফেল হওয়ার পর) সে পড়াশুনা ছাড়িয়া দিল—**Having failed in** the examination, he gave up his studies.

সারাদিন পরিশ্রম করিয়া আমি অতিশয় ক্লান্ত হইয়া পড়িলাম—**Having worked** all day long, I felt quite tired.

Note :—অসমাপিকা ক্রিয়ার কার্যটি সমাপিকা ক্রিয়ার পূর্বে সম্পন্ন হইয়াছে বুঝাইলে 'having come', 'having seen' প্রভৃতি **P**erfect Participle দিয়া অসমাপিকা ক্রিয়াটির অনুবাদ করিতে হয়।

3

তাহার উত্তরে সন্তুষ্ট হইয়া শিক্ষক মহাশয় তাহাকে একটি পুরস্কার দিতে প্রতিশ্রুত হইলেন—**Being** pleased with his answer, the teacher promised him a reward.

*যুদ্ধে পরাস্ত হইয়া সৈন্যগণ পিছু হটিতে লাগিল—**Defeated** in the battle, the soldiers bagan to retreat.

*লোকটি অসন্তুষ্ট হইয়া চলিয়া গেল—The man went away **displeased**.

Note :—অসমাপিকা ক্রিয়াটির Passive voice হইলে উহার অনুবাদে সাধারণতঃ Past Participle ব্যবহার করিতে হয়। Past Participleটির পূর্বে অনেক সময় **Being, Having been** উহ্য থাকে (* চিহ্নিত বাক্যগুলি দেখ)।

4

তিনি সকালে উঠিয়া বেড়াইতে বাহির হন—**He rises early in the morning and goes** out for a walk (a).

ডাক্তার আসিয়া রোগীর নাড়ী দেখিলেন—The doctor **came and feel** the pulse of the patient (a).

তোমার মাতার মৃত্যুর কথা শুনিয়া বড়ই ব্যথিত হইলাম—I am much grieved **to hear** of your mother's death. (b)

তুমি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছ জানিয়া অত্যন্ত আনন্দিত হইলাম—I am extremely delighted **to** learn that you have passed the examination. (b)

Note :—কখন কখন 'and' দ্বারা যুক্ত দুইটি **finite verb** ব্যবহার করিয়া বাংলা অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করা যায় [(*a*) দেখ]। কখন কখন Infinitive এর সাহায্যেও অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করিতে হয় [(*b*) দেখ]।

5

তুমি কেমন করিয়া ইহা জানিলে ?—**How** did you come to know this ?

তাড়াতাড়ি করিয়া কোন কিছু করিও না—Do **nothing in a hurry.**

আমি হিসাবটি তন্ন তন্ন করিয়া পরীক্ষা করিব—I shall examine the account **minutely.**

আমি ঠাট্টা করিয়া একথা বলিয়াছিলাম—I said so **in jest.**

দয়া করিয়া আমাকে গাড়ীতে উঠাইয়া দিন—**Kindly** help me into the carriage.

Note :—কখন কখন Adverb বা Adverbial phrase ব্যবহার করিয়া অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করা যায়।

6

আমরা তাহাকে ভদ্রলোক বলিয়া মনে করিয়াছিলাম—We took him **for a gentleman.**

তাহারা সামান্য বিষয় লইয়া ঝগড়া করিতেছে—They are quarrelling **over a trifling matter.**

তিনি ছুটি লইয়া পুরী যাইবেন——He will proceed to Puri **on leave.**

তিনি ব্যবসা করিয়া প্রচুর অর্থ উপার্জন করিয়াছেন—He has made a fortune **by trade.**

পুলিশ দেখিয়া চোর পলাইল—The thief ran away **at the sight of the police.**

চাকরটা আমার সোনার ঘড়িটি লইয়া চম্পট দিয়াছিল—The servant decamped **with my gold watch.**

এই কথাগুলি বলিয়া তিনি বসিয়া পড়িলেন—**With these words** he sat down.

Note :—কখন কখন Noun এর পূর্বে Preposition বসাইয়া অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করা যায়।

7

পরিতোষ না খাইয়া স্কুলে আসিয়াছিল—Paritosh came to school **without taking** his meal.

শিক্ষা সমাপ্ত করিয়া তিনি ভ্রমণে বহির্গত হইলেন—**After finishing his education** he went out on a tour.

আমি ঘরে ঢুকিয়া দেখিলাম, তিনি ঘুমাইতেছেন—**On entering the** room, I found him sleeping.

আমরা করতালি দিয়া আনন্দ জ্ঞাপন করিলাম—We expressed our joy **by clapping** our hands.

তোমার সেখানে গিয়া লাভ কি ?—What is the use **of your** going there ?

Note :—কখন কখন gerund-এর পূর্বে Preposition বসাইয়া অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করা যায়।

8

সাঁতার কাটা ভাল ব্যায়াম—**Swimming** is a good exercise.

মদ্যপান স্বাস্থ্যের পক্ষে অপকারী—**Drinking** is injurious to health.

আমি লেখা শেষ করিয়াছি—I have finished **writing.**

আমার বক্তৃতা শেষ হইয়াছে—I have done **speaking.**

দরিদ্রদিগকে খাওয়ানই তাঁহার প্রধান আমোদ ছিল—His chief delight was **feeding** the poor.

সে ঘুমাইয়া সময় কাটায়—He spends his time **in sleeping.**

Note :—Gerund Nounএর ন্যায় কোন Verbএর Subject, কোন Transitive Verb বা Prepositionএর object কিংবা কোন Incomplete Verb এর complement রূপে ব্যবহৃত হইয়া থাকে।

9

আমার আত্মীয়েরা আমাকে বিলাত যাইতে বাধা দিয়াছিলেন—My relatives **prevented me from going** to England.

এই কক্ষে জনসাধারণের ধূমপান নিষিদ্ধ—The public are prohibited **from smoking** in this room.

সভাপতিত্ব করার জন্য তাহারা সকলে আমাকে জিদ করিতে লাগিল—They **all** insisted **on my taking** the chair.

পরনিন্দা হইতে আমাদের বিরত থাকা উচিত—We should refrain **from speaking** ill of others.

সে প্রথম পুরস্কার লাভে কৃতকার্য হইয়াছিল—**He** succeeded **in winning** the first prize.

Note :—**Prevent,** prohibit, hinder, insist, persist, refrain, desist, **excel,** succeed প্রভৃতি Verb-এর পরে Infinitive না বসিয়া Gerund বসে এবং Gerund-এর পূর্বে প্রায়ই একটি Preposition বসিয়া থাকে।

10

ইতিহাস পড়ান বাধ্যতামূলক হওয়া উচিত—The **teaching** of history should be compulsory.

তিনি একখানা উপন্যাস পাঠে ব্যাপৃত ছিলেন—He was engaged in the **reading** of a novel.

স্কুল বন্ধ হওয়ার পূর্বে আমি বাড়ী যাইতে পারি না—I can not go home before the **closing** of the school.

Note :—Verbal Noun gerund-এর ন্যায়ই ব্যবহৃত হইয়া থাকে ; কেবল ইহার পূর্বে **'the'** ও পরে **'of'** বসে।

Exercise 8

ইহা শুনিয়া বালিকাটি কাঁদিতে লাগিল। আমরা হামিদকে মাঠে খেলিতে দেখিয়াছিলাম। অঙ্কগুলি কষিবার পর তুমি খেলিতে যাইতে পার। তিনি

চিঠিখানা পড়িয়া টুকরা টুকরা করিয়া ছিঁড়িয়া ফেলিলেন। ছেলেটি হাসিতে হাসিতে বলিল। ইহা শুনিয়া তিনি আমার উপর রাগ করিলেন। দিনের বেলা নিদ্রা যাওয়া স্বাস্থ্যের পক্ষে অপকারী। আমি কলিকাতা পৌঁছিয়া তোমার কাছে চিঠি লিখিব। ঘুম হইতে উঠিয়া হাতমুখ ধুইবে। আমি বাড়ী রওনা হওয়ার পূর্বে আপনার সঙ্গে দেখা করিব। সলিল পড়া তৈয়ার না করিয়া স্কুলে আসিয়াছিল। ঘণ্টা বাজিবার সঙ্গে সঙ্গে লেখা বন্ধ করিবে। তুমি ভাল আছ জানিয়া আশ্বস্ত (relieved) হইলাম। তুমি কি কথা বলিতে ভয় পাইতেছ? এই উপন্যাসটি পাঠের যোগ্য নয়। সৈন্যগণ যুদ্ধ আরম্ভ করিল। আমরা নৌকা করিয়া (by boat) আসিয়াছি। তাহার পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কোন সম্ভাবনা (chance) নাই। উকিল হইবার (to join the bar) জন্য আমাকে জিদ করিতে লাগিলেন। তিনি আমাদিগকে সভায় যাইতে বাধা দিয়াছিলেন। দৃশ্যটি দেখিয়া আমরা অশ্রু বিসর্জন (to shed tears) না করিয়া থাকিতে পারিলাম না। সে পরের নিন্দা করিয়া আমোদ পায় (takes delight)। ভৃত্যের আচরণে (conduct) অসন্তুষ্ট হইয়া দীনেশবাবু তাহাকে ছাড়াইয়া দিলেন।

LESSON 9

Agreement of the Verb with the Subject

1

এক পাল গরু মাঠে চরিতেছে—**A herd** of cows **is grazing** in the field.

দর্শকের সংখ্যা পাঁচ হাজার ছিল—**The number** of spectators **was** five thousand.

ছুটির দিনের তালিকাটি পাওয়া যাইতেছে না—The **list** of holidays. **is missing.**

এই পরিবারের ছেলেরা ভদ্রতা জানে না—The **boys** of this family **do** not know manners.

এই জাতীয় ফল ইংলণ্ডে পাওয়া যায় না—**Fruits** of this kind **are** not found in England.

Note :—Verb-এর Number ও Person সর্বদাই Subject-এর অনুযায়ী হইবে।

2

স্বর্ণ ও রৌপ্য মূল্যবান ধাতু—Gold and silver **are** precious metals.

লতিফ ও আমি অন্তরঙ্গ বন্ধু—Latif and I are intimate friends.

সে ও তুমি বাগানে বেড়াইতেছিলে—You and he **were walking** in the garden.

আমাদের গ্রামে একটি বালিকা বিদ্যালয় ও একটি দাতব্য চিকিৎসালয় আছে —There are a girls' school and a charitable dispensary in our village.

তোমার বাবা ও মা বাড়ীতে আছেন কি ?—**Are** your father and mother at home ?

Note :—দুই বা ততোধিক Singular Noun বা Pronoun 'and' দ্বারা যুক্ত হইলে উহাদের Verbটি Plural হইবে।

3

আমার বন্ধু ও পৃষ্ঠপোষক একজন লক্ষপতি (একই ব্যক্তি)—My friend and patron **is** a millionaire.

কবি ও উপন্যাসকার মারা গিয়াছেন (একই ব্যক্তি)—The poet and novelist is dead.

কবি ও উপন্যাসকার সভায় উপস্থিত ছিলেন (দুই ব্যক্তি)—The poet and the novelist were present in the meeting.

টেবিলের উপরে একটি লাল-নীল পেন্সিল আছে (একটি পেন্সিল)—There is a red and blue pencil on the table.

টেবিলের উপরে একটি লাল ও একটি নীল পেন্সিল আছে (দুইটি পৃথক্ পৃথক্ পেন্সিল)—There are a red and a blue pencil on the table.

রুটি ও মাখন তাহার প্রিয় খাদ্য—Bread and butter is his favourite food.

ঘোড়া ও গাড়ী দরজায় দাঁড়াইয়া আছে—The horse and carriage is standing at the door.

Note :—And দ্বারা যুক্ত দুইটি Singular Noun একই ব্যক্তি বা বস্তুকে বুঝাইলে অথবা একত্রে একটি ভাব প্রকাশ করিলে Verbটি Singular হইবে।

4

সম্পাদক ও মুদ্রাকর এজন্য দায়ী—The editor as well as the printer is responsible for this.

আমি ও আমার বন্ধুগণ এই মতাবলম্বী—I as well as my friends am of this opinion.

এই স্কুলে সংস্কৃত ও আরবী পড়ান হয়—Sanskrit as well as Arabic is taught in this school.

রাজা ও তাহার মন্ত্রিগণ রাজধানীতে ছিলেন না—The King with his ministers was absent from the capital.

Note :—দুইটি Noun 'as well as' বা with দ্বারা যুক্ত হইলে Verbটি প্রথম Subjectটির অনুযায়ী হইবে।

5

হয় তুমি না হয় সে কালিটা ফেলিয়া দিয়াছে—Either you or he **has spilt** the ink.

হয় তোমার না হয় আমার ভুল হইয়াছে—Either you or I **am mistaken**.

তুমি, নরেশ অথবা আমি ইহার জন্য দোষী—You, Naresh or I **am** to blame for this.

সলিল বা আমি কেহই গোপনীয় কথাটি প্রকাশ করি নাই—Neither Salil nor I **have given out** the secret.

সে কিংবা ভাইয়েরা কেহই পূর্বে ঢাকা যায় নাই—Nither he nor his brothers **have been** to Dacca before.

Note :—একাধিক Singular Noun যদি or বা nor দ্বারা বিযুক্ত হয়, তাহা হইলে Verbটি নিকটতম Nounটির অনুযায়ী হয়। কিন্তু Noun-গুলির যদি বিভিন্ন Number হয়, তাহা হইলে Plural Nounটি শেষে বসিবে এবং Verbটি উহার অনুযায়ী হইবে।

6

এই মেয়ে দুইটির মধ্যে কোন একটি এই পেয়ালাটি ভাঙ্গিয়াছে—Either of these girls **has broken** the cup.

আমাদের দুইজনের মধ্যে কেহই সেখানে উপস্থিত ছিলাম না—Neither of us **was** present there.

এই ছেলেগুলির মধ্যে প্রত্যেকে একটি পুরস্কার পাইয়াছে—Each of these boys **has got** a prize.

এই আমগুলির মধ্যে প্রত্যেকটিই পাকা—Every one of these mangoes is ripe.

অনেক লোক স্বাস্থ্যের প্রতি উদাসীন—May a man is indifferent to his health.

প্রত্যেক বালক ও প্রত্যেক বালিকাকে একটি করিয়া কমলালেবু দেওয়া হইল—Every boy and every girl **was given** an orange.

Note :—Either, neither, each, every, many a প্রভৃতি Subjectএর Adjectiveরূপে ব্যবহৃত হইলে, Verbটি Singular হয়। 'And' দ্বারা যুক্ত দুইটি Noun যদি each, every দ্বারা বিশেষিত হয়, তাহা হইলে উহাদের Verbটি Singular হয়।

7

ভুল করা মানুষের স্বভাব—To err **is** human.

শুদ্ধরূপে ইংরেজী লিখা আমার প্রধান লক্ষ্য—To write English correctly **is** my chief aim.

ঘোড়ায় চড়া ভাল ব্যায়াম—Riding **is** a good exercise.

দশমিক ভগ্নাংশের অঙ্ক কিরূপে কষিতে হয় তাহা আমার জানা নাই—How to do a sum in decimal fraction **is** not **known** to me.

Note :—Infinitive, Gerund, Phrase বা Clause Subjectরূপে ব্যবহৃত হইলে Verbটি সর্বদাই third person ও singular number হইবে।

8

'আরব্য উপন্যাস' তাহার প্রিয় গ্রন্থ—The Arabian Nights **is** his favourite book (a)

যুক্তরাষ্ট্র খনিজ পদার্থে সমৃদ্ধ—The United States is rich in minerals. (a)

পাঁচ দ্বিগুণে দশ হয়—Twice five is ten.

ষোল আনা এক টাকার সমান—Sixteen annas is equal to one rupee. (b)

পাঁচশত টাকা খুব মোটা বেতন—Five hundred rupees is a very fat salary. (b)

পাঁচ মাইল খুব বেশী দূর নহে—Five miles is not a long distance. (b)

সম্পত্তিটির চারি ভাগের তিন ভাগ আমার—Three-fourths of the property belongs to me.

বালকদের দুই-তৃতীয়াংশ ইংরাজীতে ফেল করিয়াছে—Two-thirds of the boys have got plucked in English (c).

Note :—(1) কোন Plural Proper Noun যদি একটি মাত্র বস্তুর নাম বুঝায়, তবে উহার Verbটি Singular হইবে [(a) দেখ]। (2) টাকা পয়সা, সময় বা দূরত্বের নির্দিষ্ট পরিমাণ বুঝাইলে Plural Nounএর ও Singular Verb হইয়া থাকে। [(b) দেখ]। কিন্তু পরিমাণ না বুঝাইয়া সংখ্যা বুঝাইলে Verbটি Plural হইবে [(c) দেখ]।

Exercise 9

সভায় উপস্থিত লোকের সংখ্যা খুব বেশী ছিল না। একশত টাকা মন্দ বেতন নয়। মুক্ত বায়ুতে (in the open air) ভ্রমণ করা স্বাস্থ্যের পক্ষে অনুকূল (conducive to health)। বাক্য দুইটির একটিও শুদ্ধ নহে। অজ্ঞ (ignorant) হওয়ার মানেই দুর্বল হওয়া। কবি দার্শনিকের মৃত্যু হইয়াছে। তুমি ও সে আমার ধন্যবাদ পাইবার যোগ্য (to deserve)। ভাত ও তরকারী বাঙ্গালীদের প্রধান খাদ্য। প্রত্যেক নক্ষত্র ও প্রত্যেক গ্রহ (planet) সৃষ্টি-

কর্ত্তার মহিমা (glory) ঘোষণা করে। লাটসাহেব বা মন্ত্রিগণ এজন্য দায়ী। দুই আর দুইয়ে চার হয়। ষাট মিনিট এক ঘণ্টার সমান। সেখানে কোন পশু ও পক্ষী দেখিতে পাওয়া যায় না। কাজটির তিনচতুর্থাংশ করা হইয়াছে। সমস্ত সৈন্য সহ সেনাপতি (general) বন্দী হইলেন। একটি কলমের আবশ্যক, পেন্সিলের আবশ্যক নাই। প্রত্যেক স্ত্রীলোক ও প্রত্যেক শিশুকে রক্ষা করা হইয়াছিল।

LESSON 10

The Sequence of Tenses

1

আমি জানি সে নির্দোষ—**I know** that he **is** innocent.

আমি জানি যে সে তখন বাড়ীতে ছিল না—**I know** that he **was** not at home then.

ডাক্তার আশা করেন যে রোগী শীঘ্রই আরোগ্য লাভ করিবে—The doctor **hopes** that the patient **will** soon recover.

সে বলিবে যে সে কিছুই জানে না—**He will say** that he **knows** nothing.

সে বলিবে সে যে অসুস্থ ছিল—He **will say** that he **was** ill.

সে বলিবে যে সে যথাসাধ্য করিবে—**He will say** that he **will** try his utmost.

Note :—Principal Clauseএর Verb যদি Present বা Future Tense হয়, তাহা হইলে Subordinate Clauseএর Verbএর অর্থানুসারে যে কোন Tense হইতে পারে।

2

সে আমাকে বলিল যে সে তোমার পিতাকে চিনে—He **told** me that he **knew** your father.

আমি ভাবিয়াছিলাম, তুমি সিনেমায় যাইতেছ—I **thought** you **were going** to the cinema.

সে যে আমাকে মিথ্যাবাদী বলিয়াছিল তাহা সে অস্বীকার করিল—He **denied** that he **had called** me a liar.

আমরা আশা করিয়াছিলাম যে সে প্রথম পুরস্কারটি পাইবে—We **hoped** that he **would** get the first prize.

আমার একমাত্র ভয় ছিল যে আমি গণিতে ফেল করিব—My only fear **was** that I **should fail** in mathematics.

আমি কি চাই তাহা তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন—He **asked** me what I **wanted**.

Note :—Principal Clauseএ Past Tense থাকিলে Subordinate Clauseএ Past Tense হইবে।

3

শিক্ষক মহাশয় বলিলেন যে, পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি—The teacher **said** that diligence **is** the mother of good luck.

পৃথিবী যে গোলাকার তাহা পূর্বে লোকে জানিত না—Formerly people **did** not **know** that the earth **is** round.

ইউক্লিড প্রমাণ করিয়াছিলেন যে একটি ত্রিভুজের যে কোন দুই বাহু একযোগে তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর—Euclid **proved** that any two sides of a triangle **are** together greater than the third side.

Note :—Subordinate Clause যদি অভ্যাস, প্রথা বা চিরন্তন সত্য (universal truth) বুঝায়, তাহা হইলে Principal Clause-এ যে কোন tense থাকুক না কেন, Subordinate Clause-এ Present Tense হইবে।

Exercise 19

Translate into English :—

আমি জানি যে হীরালাল গরীবের ছেলে। সে বলিতেছে (says) যে তাহার কলম নাই। আমি জানিতাম না যে তোমার বাবা শয্যাগত (bed-ridden)। আমি দেখিলাম যে ঘড়িটি বন্ধ হইয়া গিয়াছে। সে নিশ্চয়ই বলিবে যে সে পুনরায় চেষ্টা করিবে। আমি স্বীকার করিতেছি (admit) যে আমার ভুল হইয়াছিল। শিক্ষক মহাশয় বলিলেন যে সাধুতাই সর্বোৎকৃষ্ট পন্থা (policy)। সে এত দ্রুত হাঁটিল যে আমি তাহাকে ধরিতে পারিলাম (to overtake) না। তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন আমি তাঁহার সঙ্গে যাইব (to accompany) কি না। সে আমাদিগকে বলিল যে সে আমাদের জন্য এক ঘণ্টা অপেক্ষা করিয়াছে। সে যে আমাকে ঠকাইবে তাহা আমি কখনও ভাবি নাই। তিনি কেন আমার উপর রাগ করিবেন তাহা বুঝিতে পারিলাম না। শিক্ষক মহাশয় আমাকে জিজ্ঞাসা করিলেন, আমার পিতার কি হইয়াছে। তুমি কি জানিতে না যে, সূর্য পৃথিবী অপেক্ষা অনেক বড় ?

LESSON 11

Direct and Indirect Speech

অরুণ বলিতেছে, "আমি দোষী নই"—

(i) Arun says, "I am not to blame." —Direct

(ii) Arun says that he is not to blame. —Indirect

আসামী বলিবে "আমি ঘড়িটি চুরি করি নাই"—

(i) The accused will say, "I did not steal the watch." —Direct

(ii) The accused will say that he did not steal the watch. —Indirect

শিক্ষক মহাশয় আমাকে বলিলেন, "তুমি ভদ্রতা জান না"—

(i) The teacher said to me, "You do not know manners." —Direct

(ii) The teacher **told** me that I did not know manners. —Indirect (a)

তিনি বলিলেন, "আগামী কল্য ম্যাজিষ্ট্রেট সাহেব এখানে আসিবেন"—

(i) He said, "The Magistrate **will** arrive **here to-morrow.**" Direct

(ii) He said that the Magistrate **would** arrive **there the next day.** (b) Indirect

ছেলেটি বলিল, "বাবা গতকল্য ঢাকা চলিয়া গিয়াছেন"—

(i) The boy said, "Father **left** for Dacca **yesterday.**"—Direct

(ii) The boy said that his father **had left** for Dacca **the previous day.** —Indirect (b)

Note :—(1) Indirect Speech-এর পূর্বে **that** এই Conjunction ব্যবহার করিতে হয়। (2) Indirect Speech-এ Personal Pronoun-এর কিছু কিছু পরিবর্তন হয় [(a) দেখ] এবং this, here, now, to-day, to-morrow, yesterday প্রভৃতি নৈকট্যবোধক শব্দের স্থলে যথাক্রমে that, there, then, that day, the next day, the previous day ইত্যাদি ব্যবহার করিতে হয় [(b) দেখ]।

2

তিনি জিজ্ঞাসা করিলেন, "প্রবেশিকা পরীক্ষা কবে আরম্ভ হইবে?"—

(i) He said, "When will the Matriculation examination commance ?" —Direct

(ii) He **inquired** when the Matriculation examination **would** commence. —Indirect

তিনি বলিলেন, "নরেন তোমার বয়স কত?"—

(i) He said, "How old **are** you, Naren ?" —Direct

(ii) He **asked** Naren how old he **was**. —Indirect

সে আমাকে বলিল, "তোমার কি কিছু বলিবার আছে?"—

(i) He said to me, "Have you anything to say ?" —Direct

(ii) He **asked** me **if** I had anything to say. —Indirect

Note :—Interrogative Sentence-কে Indirect Speech-এ প্রকাশ করিতে হইলে Principal Clause এ ask বা inquire এই verbটি ব্যবহার করিতে হয় এবং Subordinate Clauseটি when, where, why, how, if, whether প্রভৃতি Conjunction বা কোন Interrogative Pronoun দিয়া আরম্ভ করিতে হয়।

3

তিনি চাকরকে বলিলেন, "এই চিঠিখানা নরেশ বাবুর কাছে লইয়া যাও"—

(i) He **said** to the servant, "**Carry** this letter to Naresh Babu." —Direct

(ii) He **ordered** (বা **asked**) the servant to carry that letter to Naresh Babu. —Indirect

আমি মহিমকে বলিলাম, "অনুগ্রহ করিয়া আমাকে একটি টাকা ধার দাও"—

(i) I said to Mahim, "Please **lend** me a rupee." —Direct

(ii) **I requested Mahim to lend me** a rupee. —Indirect

সে আমাকে বলিল, "চল, বেড়াইতে যাই"—

(i) He **said** to **me**, "Let us go out for a walk." —Direct

(ii) He **proposed** that we **should** go out for a **walk.** —Indirect

বাবা আমাকে বলিলেন, "মন্দ বালকের সংসর্গ করিও না"—

(i) Father **said** to me, "**Donot** keep company with bad boys." Direct

(ii) Father forbade me to keep company with bad boys. অথবা, Father **advised** me not to keep company with bad boys. —Indirect

Note :—Direct Speech-এর Imperative Mood Indirect Speech-এ Infinitive Mood হয় এবং উহার পূর্বে order, tell, ask, beg, request, advise, forbid প্রভৃতি Verb ব্যবহার করিতে হয়।

Exercise 11

Translate the following into English using both the Direct and the Indirect form of speech :—

সে বলিল, "আমি স্কুলে যাইতেছি।" সে বলিতেছে যে সে প্রত্যহ ব্যায়াম করে। রাজা তাহাকে বলিলেন, "তুমি কি সেই দস্যু?" সে উত্তর করিল, আমি একজন যোদ্ধা (warrior)। তিনি আমাকে বলিলেন, "আর অপেক্ষা করিও না।" কাদের আমাকে বলিল, "তুমি মিথ্যাবাদী।" লতিফ বলিল যে, তাহাদের গ্রামে কোন ডাকঘর নাই। সে লোকটাকে জিজ্ঞাসা করিল, "তোমার আমগুলি কি মিষ্ট?" সে বলিল, "আমি আমার কর্তব্য করিয়াছি।" তিনি আমাকে বলিলেন, "তুমি হাসিলে না কেন?" বাবা আমাকে বলিলেন, "এই চিঠিখানা পড়।" আমি সলিলকে জিজ্ঞাসা করিলাম, "তুমি অনিলের ঠিকানা জান কি?" সে উত্তর দিল যে সে ঠিকানাটা ভুলিয়া গিয়াছে। শিক্ষক মহাশয় আমাদিগকে বলিলেন, "পড়াশুনায় (studies) অবহেলা করিও না।" বাবা আমাকে বলিলেন, "এত দ্রুত পড়িও না।" আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, "তোমার হাতের লেখা কি ভাল?" ছেলেটি শিক্ষক মহাশয়কে বলিল, "দয়া করিয়া আমাকে ক্ষমা করুন।"

LESSON 12

The Complex Sentence

1

Noun Clauses

সকলেই জানে যে, জ্ঞানই বল—Everyone knows **that knowledge is power.**

তাহার কি হইয়াছে আমি বলিতে পারি না—I cannot tell what has become of him.

সে যে কৃতকার্য হইবে তাহা নিশ্চিত—That he will succeed is certain. It is certain that he will succeed.

সে যে কেন আত্মহত্যা করিল তাহা একটা রহস্য—Why he committed suicide is a mystery.

সে যাহা বলিতেছে উহার কোন অর্থ হয় না—There is no meaning in what he says.

ব্যাপার হইতেছে এই যে, সে পরীক্ষায় অসদুপায় অবলম্বন করিয়াছিল—The fact is that he adopted unfair means in the examination.

এখানেই আমরা থাকি—This is where we live.

তুমি যে দোষী তাহা পরিষ্কার বুঝা যাইতেছে—It is clear that you are guilty.

Note :—Noun Clause Noun-এর ন্যায় কোন Verb-এর Subject, কোন Transitive বা Preposition-এর Object, কোন Verb-এর Complement কিংবা কোন Noun বা Pronoun-এর Apposition-রূপে ব্যবহৃত হইয়া থাকে।

2

Adjective Clauses

যে চিত্রকর এই ছবিখানা আঁকিয়াছিলেন তিনি ভারতীয়—The artist who painted this picture is an Indian.

তোমরা এখানে যে ভদ্রলোকটিকে দেখিতে পাইতেছ তিনি একজন ভাল বক্তা—The gentleman whom you see here is a good speaker.

এই ছেলেটিরই ফাউন্টেনপেনটি পাওয়া যাইতেছে না—This is the boy whose fountain-pen is missing.

যাহা চক্‌চক্‌ করে তাহাই সোনা না—**All that glitters is not gold.**

আমি তোমাকে যে বইখানা উপহার দিয়াছিলাম তাহা কোথায়?—Where **is the book which I presented to you?**

আমি গতকল্য যে বইখানা হারাইয়াছিলাম তাহা পাওয়া গিয়াছে—The book **(that** বা **which)** I lost yesterday has been found. **(a)**

যে বাড়ীতে বসু মহাশয় থাকেন তাহা চেন কি?—Do you know the house **where Mr. Bose lives?**

কোন্ বৎসর পলাশীর যুদ্ধ হয় তাহা সে বলিতে পারে না—He cannot tall the **year when the battle of Plassey was fought.**

Note :—(1) Adjective clause কোন Noun বা Pronoun-এর পরে বসিয়া Adjective এর ন্যায় উহাকে qualify করে।

(2) Relative Pronoun **that** বা **which** কোন Verb-এর object হইলে কখন কখন উহ্য থাকে। [**(a)** দেখ]

3

Adverb Clauses

বাড়ী যাইবার পূর্বে আমার সঙ্গে দেখা করিবেন—Please see **me before you go home.**

তোমার যেখানে খুসী যাইতে পার—You may go **wherever you like.**

দেরী হইয়াছিল বলিয়া সে গাড়ী ধরিতে পারে নাই—He could not catch the train **as** (বা **because**) **he was late.**

তুমি কঠোর পরিশ্রম কর বলিয়া কৃতকার্য হইবে—**Since you work hard,** you will succeed.

পেটুকেরা খাইবার জন্যই বাঁচিয়া থাকে—Gluttons live that **they may eat.**

বৃষ্টি হইলে আমরা বেড়াইতে বাহির হইব না—**If it rains,** we shall not go out for a walk.

চেষ্টা না করিলে তুমি কি করিয়া কৃতকার্য হইতে পার?—How can you succeed **unless you try.**

আমি যে পর্যন্ত ফিরিয়া না আসি সে পর্যন্ত এখানে অপেক্ষা করিও—Wait here **until I come back.**

সে আমার চেয়ে বেশী খাটে—He works harder **than I do.**

Note :—Adverb clause Adverb-এর ন্যায় কোন verb, adjective বা adverb-কে modify করে এবং স্থান, কাল, কারণ, ফল, উদ্দেশ্য, তুলনা ইত্যাদি প্রকাশ করে।

Exercise 12

করিম কোথায় থাকে আমি জানি না। সে আসিয়াছে কিনা কেহ জানে না। সে যাহা চায় তাহা আমাকে দাও। তুমি আমাকে যাহা বলিয়াছিলে তাহা সত্য নয়। মতি যে বইখানা চুরি করিয়াছে তাহাতে সন্দেহ নাই। আমার মনে হয় তিনি আজ আসিবেন না। আপনি আমাকে যে বইখানা দিয়াছিলেন তাহা হারাইয়া গিয়াছে। যে ভদ্রলোকটি এখানে আসিয়াছিলেন, তিনি আমাদের হেডমাষ্টার। তুমি যে বাড়ীতে থাক তাহা আমি দেখি নাই। যাহারা বাস্তবিক গরীব তাহাদিগকে আমরা সাহায্য করিব। যখন ট্রেণ আসিল তখন আমরা সেখানে ছিলাম। পড়িবার সময় পড়িবে এবং খেলিবার সময়ে খেলিবে। সূর্যাস্তের পর আমরা বাড়ী পৌছিলাম। তুমি না গেলে আমি যাইব না। তুমি আসিবার পূর্বে আমি শুইতে গিয়াছিলাম। সূর্য পূর্বদিকে উঠে তাহা সকলেরই জানা আছে। তুমি কেন হাসিয়াছিলে আমাকে বল। আমি যাহা বলিতেছি

তাহা মন দিয়া শোন (listen to)। আমি তাহাকে যে প্রশ্নটি জিজ্ঞাসা করিলাম সে তাহার উত্তর দিতে পারে নাই। আমি আশা করিয়াছিলাম যে, তুমি পরীক্ষায় প্রথম হইবে। সত্য কথা বলিলে আমি তোমাকে ক্ষমা করিব। কেহই রহিমের চেয়ে দ্রুত দৌড়াইতে পারে না। আমার আসিবার পূর্বেই সে কাজটি শেষ করিয়াছিল। আমি যেখানেই (wherever) যাই না কেন, কুকুরটি আমার পেছনে যায় (to follow)। তুমি যখন ইচ্ছা তখনই (whenever) আমার কাছে আসিতে পার। আপনি সাহায্য না করিলে আমি কাজটি করিতে পারি না।

LESSON 13

1

The Compound Sentence

কুকুর ও বিড়াল চতুষ্পদ জন্তু—The dog **and** the cat are quadrupeds.

সূর্য পূর্বদিকে উঠে এবং পশ্চিম দিকে অস্ত যায়—The sun rises in the east **and** sets in the west.

জল ও তৈল উভয়ই তরল পদার্থ—**Both** water **and** oil an liquids.

করিম ও তাহার ভাই খুব চটপটে—Karim **as well as** his brother is very smart. (a)

বিধু ও তুমি দুই-ই এজন্য দোষী—Bidhu **as well as** you is to blame for this. (b)

Note :—'As well as' এর পূর্বে যে Subject-টি থাকে Verb-এর Number ও Person তদনুযায়ী হইয়া থাকে। [(a) ও (b) দেখ]

2

তিনি ধনী কিন্তু সুখী নহেন—He is rich, **but** not happy.

আমি গতকল্য আপনার বাড়ীতে গিয়াছিলাম কিন্তু আপনি বাহির হইয়া গিয়াছিলেন—I called at your house yesterday, **but** you were out.

তুমি পাশ করিয়াছ, আর তোমার ভাই ফেল হইয়াছে—You have passed, **while** your brother has failed.

আমি যথাসাধ্য চেষ্টা করিয়াও কৃতকার্য হই নাই—I tried my utmost **yet** I did not succeed.

সে ক্লান্ত হইয়াছিল বটে, তথাপি সে কাজ করিতে অনিচ্ছুক ছিল—He was tired, **still** he was not unwlling to work.

3

হয় তুমি না হয় তোমার ভাই এই গোপনীয় কথাটি প্রকাশ করিয়া দিয়াছে—**Either** you **or** your brother has given out the secret. (a)

হয় সে পাগল, না হয় সে পাগলের ভান করে—**Either** he is mad or he feigns madness.

ধারও করিবে না, ধার দিবেও না—**Nither** borrow **nor** lend.

চন্দ্র বা নক্ষত্র কিছুই দৃষ্টিগোচর হইতেছে না—**Neither** the moon **nor** the stars are visible. (b)

তুমি কি ট্রেণে যাইবে, না নৌকায় যাইবে?—Will you go by train **or** by boat ?

তাড়াতাড়ি কর, নতুবা স্কুলে যাইতে দেরী হইয়া যাইবে—Make haste, **otherwise** (বা **else**) you will be late for school.

Note :—দুই বা ততোধিক Subject 'Or বা Nor' দ্বারা যুক্ত হইলে Verb-টি নিকটতম Subject-এর অনুযায়ী হইবে। [(a) দেখ] কিন্তু একটি Subject Plural হইলে উহা পরে বসিবে এবং Verb-টি উহার অনুযায়ী হইবে [(b) দেখ]।

4

সকলেই তাঁহার প্রসংশা করে, কারণ তিনি একজন নিঃস্বার্থ কর্মী—Everyone admires him, for he is a selfless worker.

সে কঠোর পরিশ্রম করে ; সুতরাং সে কৃতকার্য হইবে—He works hard ; therefore he will succeed.

তুমি খুব ক্লান্ত, তাই তোমার বিশ্রামের আবশ্যক—You are quite tired, so you need rest.

Exercise 13

পাখী উড়ে এবং মাছ সাঁতার কাটে। গরু ও ঘোড়া উভয়ই উপকারী জন্তু। লোকটি দরিদ্র কিন্তু সৎ। মতি পড়িতেও পারে না লিখিতেও পারে না। আমরা দশটায় স্কুলে যাই এবং চারটায় বাড়ী ফিরি। সে খুব খাটিয়াছিল, তবুও পাশ করিতে পারে নাই। সে নিজেও কাজটি করিবে না অন্যকেও দিবে (to allow) না। লোকটি হিন্দুও নয় মুসলমানও নয়। তাঁহার প্রচুর ধন আছে, তথাপি তিনি অসুখী। তুমি ও দেবেন দুই-ই এজন্য দায়ী (responsible)। তিনি ধনী কিন্তু কৃপণ (miserly)। বৃদ্ধ হইলেও তিনি যুবকের মত পরিশ্রম করিতে পারেন। ভিক্ষুকটিকে হয় একটি পওসা দাও, না হয় এক মুষ্টি চাউল (a handful of rice) দাও। হেডমাষ্টার ও সেক্রেটারীর মধ্যে কেহই সভায় যান নাই। গরম কাপড়-চোপড় পর, নতুবা সর্দি হইবে (to catch cold)। ইহাই তোমার প্রথম অপরাধ (offence), সুতরাং এবার তোমাকে ছাড়িয়া দিলাম (let off)।

LESSON 14

Translation of Paragraphs

Some Models

1 Birds and Beasts

(১) গরু ও ঘোড়া গৃহপালিত পশু। ইহারা আমাদের খুব উপকারী। গরু আমাদিগকে দুধ দেয়। বলদে লাঙ্গল টানে। ঘোড়া আমাদিগকে এক স্থান হইতে অন্য স্থানে বহন করিয়া লইয়া যায়। গরুর শিং আছে। কিন্তু ঘোড়ার শিং নাই। গরু অপেক্ষা ঘোড়া সুন্দর। ঘোড়া খুব দ্রুতগামী। আরব দেশের অশ্ব বিখ্যাত। সিংহ ও ব্যাঘ্র বন্য জন্তু। ইহারা অত্যন্ত হিংস্র। ইহারা মানুষের কোন কাজে আসে না।

(1) The cow and the horse are domestic animals. They are very useful to us. The cow gives us milk. The ox draws the plough. The horse carries us from one place to another. The cow has horns, but the horse has no horn. The horse is more beautiful than the cow. He is swift of foot. The horses of Arabia are famous. The lion and the tiger are wild animals. They are very ferocious. They are of no use to man.

(২) পাখী আকাশে উড়ে। উহাদের দুইটি ডানা আছে। পাখী নানা রঙের আছে। টিয়া পাখী সবুজ কিন্তু কাক কাল। কোন কোন পাখী দেখিতে খুব সুন্দর। ময়ূর খুব সুন্দর। কোন কোন পাখী খুব কুৎসিত। কাক অতিশয় কুৎসিৎ পাখী। কোন কোন পাখী মধুর স্বরে গান করিতে পারে। কোন কোন পাখীর কণ্ঠস্বর অত্যন্ত কর্কশ। কাকের কণ্ঠস্বর কেহই পছন্দ করে না। পাখীরা গাছে বাসা তৈয়ার করে।

(2) Birds fly in the sky. They have two wings. Birds are of various colours. The parrot is green, but the crow is black. Some birds are very beautiful to look at. The peacock is very beautiful. Some birds are very ugly. The crow is a very ugly bird. Some birds have a very harsh voice. Nobody likes the voice of the crow. Birds build their nests in trees,

2. Plants and Tree

(3) গাছপালা আমাদের খুব উপকারী। ইহারা আমাদিগকে নানা-প্রকার ফলফুল প্রদান করে। ইহারা আমাদিগকে ছায়া প্রদান করে। কোন গাছ হইতে মূল্যবান কাঠ পাওয়া যায়। কোন কোন গাছ হইতে আমরা জ্বালানী কাঠ পাই। প্রত্যেক গাছেরই একটি কাণ্ড আছে। কাণ্ড হইতে শাখা বাহির হয়। কোন কোন বৃক্ষের শাখা নাই। কোন কোন গাছে ফুল হয় এবং কোন কোন গাছে ফুল হয় না। কোন কোন গাছে ফল ধরে। আমরা উহাদিগকে ফলের গাছ বলি।

(3) Plants are very useful to us They give us various kinds of fruits and roots. They give us shade. Some trees yield valuable timber. We obtain fire-wood from some trees. Every tree has a trunk. Branches spring from the trunk. Some trees have no branches. Some trees flower and some are flowerless. Some trees bear fruits. We call them fruit-trees.

(4) নারিকেল একপ্রকার তালজাতীয় বৃক্ষ। ইহা দেখিতে খুব সুন্দর। ইহার কাণ্ড সাধারণতঃ সরল। ইহার ডালপালা নাই। ইহা সমুদ্রতীরের

বালুকাময় ভূমিতে ভাল জন্মে। ইহা বঙ্গদেশ, উড়িষ্যা, মাদ্রাজ ও সিংহলে প্রচুর পরিমাণে জন্মে। ডাবের জল অতি উপাদেয় পানীয়। ঝুনা নারিকেলের শাঁস অতি সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য। শাঁস হইতে একপ্রকার তৈল পাওয়া যায়। ইহাকে নারিকেল তৈল বলে।

(4) The cocoanut is a kind of palm tree. It is very beautiful to look at. Its trunk is generally straight. It has no branches. It grows well on the sandy soil of the sea-coast. It grows abundantly in Bengal, Orissa, Madras and Ceylon. The milk of the cocoanut is a delicious drink. The kernel of the ripe cocoanut is a palatable and nourishing food. A kind of oil is obtained from the kernel It is called cocoanut oil.

3. Fruits and Flowers

(5) আমাদের দেশে নানাজাতীয় ফল দেখিতে পাওয়া যায়। ইহাদের মধ্যে আম, কাঁঠাল, কলা, নারিকেল, পেয়ারা, কুল, কমলালেবু সর্বাপেক্ষা সুপরিচিত। আম ও কাঁঠাল গ্রীষ্মকালে পাকে। কুল ও কমলালেবু শরৎকালে পাকে। কলা ও নারিকেল বার মাসই পাওয়া যায়। তেঁতুল, আমড়া ও কালজাম বড় টক। পেঁপে ও আতা খুব মিষ্ট। কালজাম ও পেয়ারা ছেলে-মেয়েদের খুব প্রিয়। আনারস রসাল ফল। আমাদের দেশে নানা রকমের লেবু জন্মে। বাতাবী লেবু খুব বড় হয়। আঙ্গুর ও বাদাম আমাদের দেশে বেশী জন্মে না।

(5) Numerous varieties of fruits grow in our country. Mangoes, jacks, plantains, cocoanuts, guavas, plums and

oranges are the most well-known among them. Mangoes and jacks ripen in summer. Plums and oranges ripen in winter. Plantains and cocoanuts are available throughout the year. The tamarind, the hog-plum and the carambola are very sour. The papya and the custard-apple are very sweet. Children are very fond of black-berries and guavas. The pine-apple is a juicy fruit. A large variety of lemons grows in our country. The grape fruit grows to a large size. Grapes and almonds do not grow plentifully in our country.

(৬) ফুল সকল দেশেই দেখিতে পাওয়া যায়। কোন কোন ফুলের গন্ধ আছে, আর কোন কোন ফুলের গন্ধ নাই। গোলাপ ও জুঁই ফুলের গন্ধ সুমিষ্ট। জবা ও গাঁদা ফুলের গন্ধ নাই। অধিকাংশ পুষ্পই সূর্যোদয়ে প্রস্ফুটিত হয়। কিন্তু কুমুদ চন্দ্রোদয়ে প্রস্ফুটিত হইয়া থাকে। চাঁপা ফুলের গন্ধ কড়া। চামেলীর গন্ধ বড় কোমল। আমরা ফুল দিয়া মালা গাঁথি।

(6) Flowers are found in every country. Some flowers have a smell, while others have none. The rose and the jasmine smell very sweet. The china rose and the marigold have no smell. Most flowers open at sunrise. But the water-lily opens at the rise of the moon. The **Champaka** has a strong smell. The **Chameli** has a delicate perfume. We weave garlands of flowers.

4. Familiar objects

(৭) কাগজ অতি সাধারণ বস্তু। ইহার ব্যবহার তোমাদের সকলেরই জানা আছে। আমরা লিখিবার এবং পুস্তক ছাপিবার জন্য কাগজ ব্যবহার করিয়া থাকি। ইহা দ্রব্যাদি প্যাক করিবার জন্যও ব্যবহৃত হয়। ইহা ঘাস, বাঁশ, ন্যাকড়া ও অন্যান্য জিনিস দ্বারা প্রস্তুত হয়। পূর্বকালে লোকে কাগজ তৈয়ার করিতে পারিত না। তাহারা গাছের পাতা ও বাকলের উপর লিখিত। কাগজ কলে প্রস্তুত হয়।

(7) Paper is a very common thing. Its use is known to you all. We use it for writing and printing books. It is also used for packing things. It is made of grass, bamboos, rags and other things. In ancient times people could not make paper. They wrote on leaves and barks of trees. Paper is manufactured in mills.

(৮) লৌহ অতিশয় কঠিন ধাতু। ইহা খনিতে পাওয়া যায়। ইংলণ্ড, ফ্রান্স, জার্মানী, ভারতবর্ষ প্রভৃতি দেশে লোহার খনি আছে। লৌহ সর্বাপেক্ষা প্রয়োজনীয় ধাতু। সোনা বা রূপা না হইলেও আমাদের চলিতে পারে। কিন্তু লৌহ ব্যতীত আমাদের চলে না। আমাদের নিত্য ব্যবহার্য অনেক দ্রব্য লৌহ দ্বারা নির্মিত হইয়া থাকে। কোন কোন ঔষধেও লৌহ ব্যবহৃত হইয়া থাকে।

(8) Iron is a very hard metal. It is found in mines. There are iron mines in England, France, Germany, India and other countries. Iron is the most useful of all metals. We may do without gold or silver. But we cannot do without iron. Many articles of our daily use are made of iron. It is also used in some medicines.

5. Simple conversation

(৯) হেডমাষ্টার। ওহে ছেলে! তুমি কি চাও?
ছাত্র। আমি আপনার স্কুলে ভর্তি হ'তে চাই।
হেডমাষ্টার। ট্রান্সফার সার্টিফিকেট এনেছ কি?
ছাত্র। হাঁ, এনেছি; এই যে নিন।
হেডমাষ্টার। তুমি রায়পুর এম. ই. স্কুল থেকে আস্‌ছ, তাই নয় কি?
ছাত্র। হাঁ, মহাশয়।
হেডমাষ্টার। তুমি এখানে কার কাছে থাক?
ছাত্র। আমি আমার মামার কাছে থাকি।
হেডমাষ্টার। তোমার মামা কে? তিনি কি করেন?
ছাত্র। আবহুল হামিদ সাহেব আমার মামা। তিনি ডাক্তার।

(9) Headmaster. What do you want, my boy?
Pupil. I want to be admitted into your school, sir.
Headmaster. Have you brought a transfer certificate?
Pupil. Yes, sir, I have. Here it is.
Headmaster. You come from the Raipur M. E. sc ool, don't you?
Pupil. Yes, sir, I do.
Headmaster. Whom do you put up with here?
Pupil. I put up with my maternal uncle.
Headmaster. Who is your maternal uncle? What is he?
Pupil. Abdul Hamid Saheb is my maternal uncle. He is a doctor.

5. Stories and Fables

(১০) একদা এক দরিদ্র লোকের একটি রাজহংসী ছিল। রাজহংসীটি প্রত্যহ একটি করিয়া সোনার ডিম পাড়িত। একদিন লোকটি ভাবিল, "আমার রাজহংসীটি রোজ মাত্র একটি ডিম পাড়ে। যদি আমি উহাকে মারিয়া ফেলি, তবে সবগুলি ডিম একসঙ্গে পাইব।" এইরূপ ভাবিয়া সে রাজহংসীটিকে মারিয়া ফেলিল। কিন্তু সে যখন উহার পেট চিরিল, তখন ভিতরে কিছুই দেখিতে পাইল না। ইহাতে সে অত্যন্ত দুঃখিত হইয়া বলিল, "হায়! আমি কি নির্বোধ!"

(10) Once upon a time a poor man had a goose. She laid a golden egg everyday. One day he thought, "My goose lays only one egg daily. If I kill her, I shall have all the eggs at once." Thinking this, the man killed the goose. But when he cut open her belly, he found nothing inside. At this he felt very sorry and said, "Alas! how foolish I am!"

(১১) একদা এক ধীবর একটি ক্ষুদ্র মৎস্য ধরিল। মাছটি ধীবরকে বলিল, "আমি এত ক্ষুদ্র যে আমাকে দিয়া তোমার কোন কাজ হইবে না। সুতরাং আমাকে এখন ছাড়িয়া দাও। আমি যখন বড় হইব তখন তুমি আবার আসিয়া আমাকে ধরিতে পারিবে।" কিন্তু ধীবর উত্তর করিল, "আদৌ মাছ না থাকার চেয়ে ছোট মাছও ভাল। সুতরাং আমি তোমাকে ছাড়িব না।"

(11) Once a fisherman caught a small fish. It said to him, "I am too tiny to be of any use to you. So let me go now. You may come again and catch me when I have grown big." But the fisherman replied, "A little fish is better than no fish at all. So I won't let you go."

LESSON 15

Bengali Passages for Translation

1

আমি একটি আট বছরের বালক (a boy of eight)। আমার নাম বিমল। আমি পঞ্চম শ্রেণীতে পড়ি। আমার দুইটি ভাই ও একটি বোন আছে। আমি তাহাদিগকে খুব (dearly) ভালবাসি। তাহারা আমাকে ভালবাসে। আমি কখনও তাহাদের সঙ্গে ঝগড়া করি না। আমার বাবা একজন শিক্ষক। তিনি আমাকে বাড়ীতে (at home) পড়ান। আমি পিতামাতাকে মান্য করি (obey)। আমি রোজ স্কুলে যাই। আমি রোজ ভালরূপে পড়া বলিতে পারি (say my lessons)। এজন্য (so) শিক্ষকগণ আমাকে খুব স্নেহ করেন।

2

এটি আমাদের স্কুল। স্কুলটি বেশ বড়। স্কুলটিতে আটটি শ্রেণী আছে। বারজন শিক্ষক ছাত্রদিগকে পড়ান। প্রত্যেক ক্লাসে একটি চেয়ার, একটি টেবিল, একটি বোর্ড (black-board) ও কতকগুলি বেঞ্চি আছে। স্কুলটি ঠিক (just) এগারটায় বসে (begins)। চারিটার সময় স্কুল ছুটি হয় (breaks up)। আমাদের প্রধান শিক্ষক একজন এম-এ। তিনি খুব ভাল লোক। স্কুলের সম্মুখে (in front of) একটি খেলার মাঠ (play-ground) আছে।

3

একদিন তিনটি ছেলে মাঠে খেলা করিতে গিয়াছিল। মাঠের ধারে একটি বন ছিল। হঠাৎ (suddenly) একটি বাঘ বন হইতে বাহির হইল। বাঘটিকে

দেখিয়া তাহারা অত্যন্ত ভীত হইল। নিকটেই একটি বড় বটগাছ (banyon tree) ছিল। তাহারা তাড়াতাড়ি (hastily) গাছে উঠিয়া লুকাইয়া রহিল (hid themselves)। বাঘটি প্রথমে (at first) তাহাদিগকে দেখিতে পায় নাই। কিন্তু একটু পরে (a little while after) তাহাদিগকে দেখিতে পাইয়া গাছের নিকটে আসিল (ran up to the tree)। বাঘটা গাছে উঠিবার জন্ম অনেক চেষ্টা করিল (tried hard), কিন্তু উঠিতে পারিল না। বালক তিনটি ভয়ে চীৎকার করিতে লাগিল। সেই সময়ে একটি শিকারী (hunter) বন্দুক লইয়া সেখানে উপস্থিত হইল (appeared)। বাঘ শিকারীকে দেখিয়া পলাইল। ছেলে তিনটি তখন গাছ হইতে নামিয়া (got down) বাড়ী ফিরিয়া গেল।

4

একদা কয়েকটি ছোট ছোট (young) ছেলে একটি পুকুরের ধারে খেলা করিতেছিল। ঐ পুকুরে অনেকগুলি ভেক বাস করিত। তাহারা উহাদের দিকে ঢিল ছুড়িতে (to throw stones at them) লাগিল। ইহাতে (at this) কতকগুলি ভেক নিহত হইল এবং কতকগুলি গুরুতরভাবে (badly) আহত হইল। ইহা দেখিয়া অন্য ভেকগুলি অত্যন্ত ভীত হইল। অবশেষে একটি সাহসী (bold) ভেক জল হইতে মাথা তুলিয়া (putting its head out of water) বলিল, "প্রিয় বালকগণ ! তোমরা কেন আমাদের দিকে ঢিল ছুড়িতেছ ? আমরা ত তোমাদের কোন অনিষ্ট (harm) করি নাই।" ভেকটির কথা শুনিয়া একটি বালক বলিল, "আমরা শুধু খেলা করিতেছি।" ভেকটি বলিল, "তাহা আমরা জানি। তোমাদের পক্ষে (to you) ইহা খেলা, কিন্তু আমাদের পক্ষে ইহা মৃত্যু। সুতরাং দয়া করিয়া তোমাদের খেলাটা বন্ধ কর।"

5

সিংহকে পশুরাজ (king of beasts) বলে। সিংহ অতি বলবান জন্তু; ইহারা কাহাকেও ভয় করে না। ইহার ঘাড়ে (neck) লম্বা লম্বা কোঁকড়ান (curly) লোম হয়; ইহাকে কেশর বলে (mane) বলে। সিংহীর কেশর নাই। সিংহের পায়ে বাঁকা বাঁকা (curved) বড় বড় ধারাল নখর (claws) আছে। ইহার একটি লম্বা লেজ আছে; লেজের অগ্রভাগে (at the end of the tail) এক গোছা (tuft) কাল লোম আছে। ভারত ও আফ্রিকায় সিংহ পাওয়া যায়। ইহা অন্যান্য জন্তুর মাংস খাইয়া জীবন ধারণ করে (lives on)। ইহা রাত্রিতে শিকার করে (hunts)। ক্ষুধা না পাইলে সিংহ কোন পশুকে মারে না।

6

এক ব্যক্তির একটি রাজহাঁস (goose) ছিল। রাজহাঁসটি প্রত্যহ একটি করিয়া সোনার ডিম পাড়িত (laid an egg of gold)। লোকটি ডিমগুলি বাজারে লইয়া গিয়া বিক্রয় করিত। এইরূপে সে দিন দিন (day by day) ধনী হইয়া উঠিয়াছিল। লোকটি ছিল বড় লোভী (greedy)। একদিন সে ভাবিল, "রাজহাঁসটি প্রতিদিন মাত্র একটি ডিম পাড়ে। যদি আমি উহাকে মারিয়া ফেলি, তবে একসঙ্গে (at once) অনেকগুলি ডিম পাইব।" এই ভাবিয়া সে একদিন রাজহাঁসটিকে মারিয়া ফেলিল। কিন্তু যখন সে উহার পেট চিরিল (cut open her belly), তখন ভিতরে (inside) একটি ডিমও পাইল না। ইহাতে তাহার খুব দুঃখ হইল (felt very sorry) এবং মনে মনে (said to himself), "হায়! (Alas!) আমি কি বোকা!"

7

মাছ জলে বাস করে। মাছের গা আঁইশে (scales) ঢাকা থাকে। ইহারা এক জোড়া পাখ্না (fins) ও এ একটি লেজ আছে। ইহাদের সাহায্যে মাছ জলের নীচে সাঁতার কাটে। মৎস্য জলচর (acquatic) প্রাণী। ইহা জলের বাহিরে (out of water) বাঁচিতে পারে না। জল হইতে তুলিতে মাছ সমস্তই মরিয়া যায় ।আমাদের ন্যায় ইহারও চোখ ও কান আছে। মাছ জলে ডিম পাড়ে (lays eggs)। ডিম হইতে বাচ্চা (young ones) বাহির হয়। মাছ নানা জাতীয়। কোন কোন মাছ বড়, আবার (while) কোন কোন মাছ ছোট। ইহা পোকা, আগাছা (weeds) খাইয়া জীবন ধারণ করে (lives on)।

8

কোন এক শহরে এক ভিক্ষুক বাস করিত। সে রাস্তার ধারে বসিয়া ভিক্ষা করিত। তাহার পাশেই একটি খোঁড়া (lame) ভিখারী বসিয়া ভিক্ষা করিত। সে দেখিল যে, খোঁড়া লোকটি ভিক্ষা করিয়া তাহার চেয়ে বেশী রোজগার করে (earned more money)। সে ভাবিল (thought within himself), "আমি যদি বোবা সাজি (pretend to be dumb), তাহা হইলে বেশী পয়সা (money) পাই।" পরদিন সে এক টুকরা মোটা (thick) কাগজে 'বোবা' কথাটি লিখিয়া গলায় ঝুলাইয়া রাখিল (hung it round his neck)।

9

এখন ভিক্ষুকটি আগের চেয়ে বেশী পয়সা (money) পাইতে লাগিল। খোঁড়া ভিখারীটি সব বুঝিতে পারিল। একদিন একজন ভদ্রলোক প্রথমে

ভিক্ষুকটিকে একটি পয়সা দিতে যাইতেছেন, এমন সময়ে খোঁড়া ভিখারীটি বলিয়া উঠিল, "মহাশয়! লোকটা প্রবঞ্চক (cheat); সে মোটেই (at all) বোবা নয়।" ইহাতে প্রথম ভিক্ষুকটির ভয়ানক রাগ হইল। সে চীৎকার করিয়া উঠিল, "মশায়, ঐ লোকটা মিথ্যাবাদী; আমি জন্ম হইতেই বোবা (since my birth)।" ভদ্রলোকটি আর তাহাকে পয়সা দিলেন না। তিনি বলিলেন, "বোবায় যে কথা বলিতে পারে তাহা ত আগে জানিতাম না।" এই বলিয়া তিনি চলিয়া গেলেন।

10

আমাদের গ্রামের নাম নূরপুর। গ্রামটি আত্রা নদীর তীরে অবস্থিত (stands)। গ্রামটি বড়। এখানে প্রায় দুই হাজার লোক বাস করে। ইহাদের মধ্যে কতক মুসলমান ও কতক হিন্দু। গ্রামবাসীদের অধিকাংশই (most) কৃষক (peasants)। তাহারা গ্রামের চারি পাশের মাঠে ধান (paddy) ও পাট উৎপাদন করে (grow)। তাহাদের গরু-বাছুর (cattle) মাঠে চরিয়া বেড়ায়। তাহারা সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত মাঠে কাজ করে। গ্রামে একটি অবৈতনিক (free) প্রাথমিক বিদ্যালয় আছে। তাহাদের ছেলেমেয়েরা সেখানে পড়ে। গ্রামে একটি বাজার আছে। নিকটবর্তী গ্রামের লোকেরা সেখানে কেনা-বেচা করিতে (to buy and sell things) আসে। বাজারের নিকটে একটি মসজিদ (mosque) আছে। গ্রামের মুসলমান লোকেরা সেখানে নমাজ পড়ে (say their prayers)।

11

একদা একটি বালক কোন পুকুকে ছিপ দিয়া মাছ ধরিতেছিল (was angling)। কিছুক্ষণ পর একটি ছোট মাছ টোপটি (bait) খাইল। বালক

অমনি মাছটি টানিয়া তীরে তুলিল (dragged the fish to the bank)। মাছটি ছোট হইলেও খুব চালাক ছিল। সে বালকটিকে বলিল, "ওহে বালক! তুমি আমাকে দিয়া কি করিবে। আমি এখনও খুব ছোট। আমাকে পুকুরে ফেলিয়া দাও। আমি যখন বড় হইব (grow up), তখন তুমি আমাকে ধরিতে পারিবে। আজ আমায় যাইতে দাও।" মাছটির কথা শুনিয়া বালক বলিল, "না, আমি তোমাকে যাইতে দিব না! যদি তুমি একবার পুকুরে ফিরিয়া যাও, তাহা হইলে তুমি আর আমার কাছে আসিবে না। সুতরাং আজ তোমাকে রাখিবই (will keep)। নাই মাছের (no fish) চেয়ে ছোট মাছ অনেক (much) ভাল।"

12

অনিল। গোপাল, তুমি কোথায় যাচ্ছ?

গোপাল। আমি স্কুলে যাচ্ছি।

অনিল। তুমি কোন স্কুলে (which school) পড়?

গোপাল। আমি জিলা স্কুলে পড়ি।

অনিল। আমি তোমাদের স্কুলে ভর্তি হতে (join) চাই। স্কুল কখন বসে?

গোপাল। ঠিক এগারটায়।

অনিল। স্কুল ছুটি হয় (break up) কখন?

গোপাল। চারটায় ছুটি হয়। কিন্তু দেড়টার সময় (at 1-30) আমরা আধ ঘণ্টার বিশ্রাম (half an hour's rest) পাই। তখন আমরা জল খাবার খাই (take our tiffin) ও খেলা করি।

অনিল। আমি কাল থেকে স্কুলে যাব (attend)। কাল যাবার সময় আমাকে সঙ্গে করে নিয়ে যেয়ো।

13

তোমরা সকলেই নদী দেখিয়াছ। নদী পর্বতে উৎপন্ন হইয়া (rise) সমুদ্রে গিয়া পড়ে। আমরা নদীতে স্নান করি ও সাঁতার কাটি। কোন কোন স্থানে লোকে নদীর জল পান করে। আমরা নদীতে কাপড়-চোপড় ধুই। জেলেরা (fisherman) নদীতে মাছ ধরে। বড় নদী দিয়া শত শত নৌকা চলাচল করে (ply)। পূর্ব বঙ্গে অনেক বড় বড় নদী। ইহাদের মধ্যে পদ্মা, ব্রহ্মপুত্র, মেঘনা ও যমুনা প্রধান (chief)। এই সমস্ত নদী দিয়া (on all these rivers) ষ্টীমার চলাচল করে (ply)। ষ্টীমারগুলি যাত্রী (passengers) ও মালপত্র (goods) লইয়া এক স্থান হইতে অন্য স্থানে যায়। গঙ্গার নিম্নাংশ (lower part) পদ্মা নামে পরিচিত (is know as)। যমুনা ব্রহ্মপুত্রের শাখা। ইহা গোয়ালন্দের নিকটে পদ্মার সহিত মিশিয়াছে (joins)।

14

একটি লোক একটি গাড়ী চালাইতেছিল (was driving)। গাড়ীটি জ্বালানি কাঠে (with fire-wood) বোঝাই (loaded) ছিল। এক জোড়া বলদ গাড়ীটি টানিতেছিল। রাস্তাটি কর্দমাক্ত (muddy) ছিল। তাই এক জায়গায় গাড়ীর চাকাগুলি (wheels) কাদায় আট্‌কাইয়া গেল (stuck)। শকটচালক (carter) মহা বিপদে পড়িল। ঠিক এই সময় একজন বলিষ্ঠ যুবক সেই পথ দিয়া যাইতেছিল। সে তাহাকে সাহায্য করিবার জন্য ঐ যুবকটিকে অনুরোধ করিল। যুবকটি বলিল, "আগে (first) নিজে চেষ্টা কর। তারপর তোমাকে সাহায্য করিব।" এই বলিয়া (so saying) লোকটি চলিয়া গেল। শকট-চালক তখন কাদা হইতে চাকাগুলি টানিয়া বাহির করিয়া (dragged) গাড়ী চালাইতে লাগিল।

15

সূর্য একটি উজ্জ্বল পদার্থ। ইহার আকার গোল। আকাশে ইহাকে একটি প্রকাণ্ড আগুনের গোলার (a ball of fire) ন্যায় দেখায় (looks)। সূর্য আমাদিগকে আলোক ও উত্তাপ (heats) দেয়। সূর্য প্রত্যহ পূর্বদিকে উঠিলে দিন হয় (it is day) এবং সূর্য অস্ত গেলে রাত্রি হয়। সূর্য দিনের বেলায় কিরণ দেয় (shines)। কিন্তু চন্দ্র রাত্রিতে কিরণ দেয়। চন্দ্রের নিজের (of her own) আলোক নাই। উহা সূর্য হইতে আলোক পায়। সূর্য পৃথিবী অপেক্ষা বহু গুণ (many times) বড়। পৃথিবী সূর্যের চারিদিকে (round) ঘুরে। কিন্তু চন্দ্র পৃথিবীর চারিদিকে ঘুরে।

16

রেলগাড়ী হইতে এক যুবক নামিলেন (got down)। তাঁহার হাতে ছিল একটি ছোট ব্যাগ। তিনি কুলি ডাকিতে লাগিলেন। কিন্তু কুলিরা তখন অন্যত্র (elsewhere) ব্যস্ত ছিল। অবশেষে একজন লোক তাঁহার কাছে আসিয়া বলিল, "আপনার কি কুলি চাই?" যুবকটি বলিলেন, "হাঁ, এই ব্যাগটি নিতে হইবে (to carry)।" লোকটি অমনি হাত হইতে ব্যাগটি লইয়া তাঁহার পিছনে পিছনে চলিল (followed)। যুবক বাড়ীতে পৌঁছিয়া কুলিকে মজুরি দিতে গেলেন (was going to pay the porter his wages)। কিন্তু কুলিটি মজুরী (wages) না লইয়াই চলিয়া গেল। সেইদিন বিকালে সেখানে এক সভা হয় (was held)। যুবা শুনিলেন যে, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঐ সভার সভাপতি হইবেন (would preside over the meeting)। যুবক ঐ সময়ে গিয়া দেখিতে পাইলেন যে, ঐ কুলিটি সভাপতির আসন গ্রহণ করিল (took the chair)। ইহা দেখিয়া যুবক অবাক হইলেন (was struck with wonder)।

17

আমাদের বাড়ীর সম্মুখে (in front of) একটি বাগান আছে। বাবা বাগানটির খুব যত্ন নেন (takes care)। আমি ও আমার ছোট ভাই তাঁহাকে সাহায্য করি। আমরা মাটি খুঁড়িয়া (dig the ground) ফুলের বীজ (seeds) বুনি (sow)। আমরা সকালে ও বিকালে চারা গাছগুলিতে জল দেই (water)। বাগানটি ছোট হইলেও দেখিতে খুব সুন্দর। উহাতে নানা প্রকারের ফুল ফুটে (blossom)। ইহাদের মধ্যে গোলাপ, গাঁদা (marigold) ও জবা ফুল (china rose) প্রধান। গোলাপের মধ্যে কতকগুলি সাদা, কতকগুলি লাল ও কতকগুলি হল্দে। আমি রোজ ভোরে বাগানে গিয়া দুই চারিটি (a few) গোলাপ ফুল তুলি (pluck)।

18

খরিদ্দার। পেন্সিল আছে ?

দোকানদার। কি রকম পেন্সিল চান (what kind of pencil) ?

খরিদ্দার। লাল-নীল পেন্সিল (a red and blue pencil) চাই।

দোকানদার। বেশ (well), এই যে দেখুন একটা (here is one)।

খরিদ্দার। এটার দাম কত ?

দোকানদার। এটার দাম আট আনা পড়বে। ক'টা (How many) চান ?

খরিদ্দার। দুটো দিন।

দোকানদার। এই নিন (Here they are)।

খরিদ্দার। ধন্যবাদ (Thanks); এই নিন এক টাকা। আচ্ছা, তবে এখন আসি (well, good-bye)।

দোকানদার। আচ্ছা, আসুন (good bye)।

19

রাত্রি বেলা মহসীন এক গরীবের কুটিরের নিকট দিয়া যাইতেছিলেন (was passing)। সেখানে তিনি ছেলেমেয়েদের কান্না শুনিলেন। তিনি সেখানে থামিলেন। ছেলেমেয়েরা তখন মায়ের কাছে খাবার চাহিতেছিল (were asking their mother for food)। তাহারা ক্ষুধায় কাতর (hungry) হইয়াছিল। মা কোন খাবার দিতে পারেন নাই। তাই (so) মাও কাঁদিতেছিলেন। মহসীন তখনই বাড়ী গেলেন। বাড়ী হইতে তিনি কিছু খাবার লইয়া আসিলেন। ছেলেমেয়েরা খাবার খাইয়া খুব খুশী হইল। তিনি তাহাদের মায়ের হাতে কিছু টাকা দিয়া গেলেন (handed)।

20

প্রিয় বিমল,

গতকল্য তোমার পত্র পাইয়াছি (received)। আগামী সোমবার আমাদের বার্ষিক পরীক্ষা আরম্ভ হইবে। তোমার পরীক্ষা কবে আরম্ভ হইবে আমাকে জানাও (let us know)। সুহাস এখন কোথায়? সে আমার নিকট কোন চিঠি লিখে না (does not write to me)। গত মাসে আমি তাদের নিকট একখানা চিঠি লিখিয়াছিলাম। কিন্তু সে আমার পত্রের কোন উত্তর দেয় নাই (did not reply to)। তুমি কি তাহার পত্র পাইয়াছ (heard from him)? আমি ভাল আছি। আশা করি তুমি ভালই আছ (are doing well)।

তোমার প্রিয় বন্ধু
অমল।

21

শিক্ষক। মণ্টু, তুমি কাল স্কুলে আস (attend) নাই কেন ?
মতি। মহাশয় আমার জ্বর হইয়াছিল (had an attack of fever)।
শিক্ষক। আজ কেমন আছ ?
মতি। আজ ভাল আছি ; মহাশয়, আপনাকে ধন্যবাদ (thank you, sir).
শিক্ষক। তুমি রোজ খেলা কর।
মতি। আজ্ঞে না ; মা বারণ করেন (prohibits)।
শিক্ষক। ভবিষ্যতে (future) এরূপ করিও না। প্রত্যহ নিয়মিত সময়ে খেলার মাঠে (in the open air) যাইবে। রাখালদিগের সহিত খেলা করিবে।

22

একদিন আলাদীন রাস্তায় ঘুরিয়া বেড়াইতেছিল (was loitering in the street)। এমন সময় একটি অপরিচিত লোকের (a stranger) সহিত তাহার দেখা হইল। লোকটি বলিল, "তোমার নাম আলাদীন না ? তুমি মুস্তাফার ছেলে ? মুস্তাফা আমার ভাই। আমি তোমার চাচা হই। মুস্তাফা কেমন আছে ?" আলাদীন লোকটিকে আগে কখনও দেখে নাই। সে বলিল, "আমার বাবা তো অনেক দিক আগে (long ago) মারা গিয়াছেন।" এই কথা শুনিয়া লোকটি কাঁদিতে লাগিল। আলাদীন ভাবিল, "লোকটি নিশ্চয়ই আমার চাচা।"

23

সোনা, রূপা, তামা, ও লোহা খনিতে (mines) পাওয়া যায়। সোনা হরিদ্রা বর্ণ কিন্তু রূপা সাদা। সোনা ও রূপা দ্বারা নানা

প্রকার গহনা (ornaments) তৈয়ারী হয়। ইহাদের দ্বারা নানা প্রকার মুদ্রাও (coins) তৈয়ার হয়। আমাদের দেশে রূপা দিয়া টাকা তৈয়ারী হয়। লৌহ প্রয়োজনীয় ধাতু। সোনা না হইলেও আমাদের চলে (we can do) কিন্তু লোহা ছাড়া আমাদের চলে না। সোনা সর্বাপেক্ষা মূল্যবান এবং লোহা সর্বাপেক্ষা প্রয়োজনীয় (most useful) ধাতু।

24

রোকেয়ার বড় ভাই বিদ্বান ছিলেন। তিনি বোনটিকে পড়াইতেন। একদিন ভাই বলিলেন, "কষ্ট করিয়া ইংরেজী শিখ (take the trouble of learning English)। কত কথা (many things) জানিতে পারিবে।" এই কথায় রোকেয়ার উৎসাহ বাড়িল (encouraged her)। রোকেয়া রাত্রি জাগিয়া (sitting late at night) পড়াশুনা করেন। রাত্রিতে বাড়ীর লোকজন ঘুমাইয়া পড়িত। সেই সময় ভাই বোন লেখা পড়া করিতেন। রোকেয়া অল্প বয়সে বিধবা (widow) হন। তাঁহার কিছু টাকা ছিল তিনি কলিকাতায় একটি স্কুল খুলিলেন। সেই স্কুলে মেয়েরা পড়িত। প্রথমে এই স্কুলে মোটে (only) পাঁচটি মেয়ে ছিল।

—বাংলা পাঠ

THE END

CORRECTION SLIP

There are some unfortunate mistakes in the book due to hasty printing which will be corrected in the next edition.

Publisher.

Page 14. Tree *for* trees.
,, Monkey *for* monkeys.
15. Tea *for* tea ?
18. Justise *for* justice.
19. Was good *for* was a good.
23. Hand to hand *for* hand in hand.
,, Thing *for* his.
24. তাদের ভাইদের *for* তাহার ভাইএর
42. Story *for* story ?
,, Letter *for* letter ?
,, Letter *for* letter ?
63. Speach *for* speech.
66. Weak *for* week.
67. হইতেছে *for* হইয়াছে
99. Padma *for* the Padma.
111. may *for* many.
123. an *for* are.
131. scool *for* school.
137. পুকুকে *for* পুকুরে